Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

PRESENTED
With best Compliments of
N... MOY... ... ...TTA
H. O. 78... Rash Behari ...dwai Road,
Calcutta 700013.

গীতা

LIBRARY

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

C0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

1·4 893
5/74

With best Compliments of:-
NIRAMOY-CALCUTTA.
H. O. 78/1, Rafi Ahmed Kidwai Road,
Calcutta-700013.

LIBRARY
No... ~~893~~ ... 5774
Shri Shri Ma Anandamayee Ashram
BANARAS.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varar

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

5174

জ্ঞানগুণাকর গীতারত্ন

শ্রীমৎ কুমারনাথ সুধাকরের

শ্রীমদ্ভগবদ্‌গীতা

(পদ্যানুবাদ)

(গুরুকৃপা টীকা সংযুক্তা)

সপ্তবিংশ সংস্করণ।

এই গীতা প্রচারের পুরস্কার, সাহায্য ও উৎসাহদাতা যোগাচার্য্য শ্রীমৎ পঞ্চানন ভট্টাচার্য্য, আর্য্য-মিশন শ্রীমন্মহারাজাধিরাজ বর্দ্ধমানাধিপতি। মহারাজ গিরিজানাথ রায় দিনাজপুর। রাজা বনবিহারী কপুর, রাজাসাহেব বাহাদুর। রাজা সৌরীন্দ্র মোহন ঠাকুর। বিখ্যাত গ্রামার-কর্ত্তা স্বর্গীয় ডি, এন, বসু ইহার প্রবর্ত্তক।

—প্রকাশক—

শ্রীসৌরেন্দ্র দাস মুখোপাধ্যায়

৭৩ নং, রাজা দীনেন্দ্র ষ্ট্রীট্, কলিকাতা-৬

সর্ব্বস্বত্ব সুরক্ষিত

আষাঢ় ১৩৭৯।

মূল্য ১·৭৫

মূল্য শ্লোক সহ ২·০০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অবিনাশ চন্দ্র মুখোপাধ্যায় সম্পাদিত
গীতগোবিন্দ—মূল্য ২.২৫

মূল বৃহদক্ষরে মুদ্রিত। অন্বয়ে মুখে পরিপাটী ব্যাখ্যা ও মূলানুবাদ সংবলিত।

পরম ভাগবত সর্ব্বজন সমাদৃত শ্রীযুক্ত অতুলকৃষ্ণ গোস্বামী মহোদয় এবং সুপ্রসিদ্ধ ভাগবতাচার্য্য শ্রীযুক্ত নীলকান্ত দেব গোস্বামী মহোদয় ইহার সম্পাদন পারিপাট্য পরিদর্শনে পরম সন্তুষ্ট হইয়া ইহার ভূমিকা ও মুখবন্ধ লিখিয়াছেন।

THE
NIKHIL BHARAT SAHITYA SANGHA
CALCUTTA

"The undersigned on behalf of the members of the Sangha, do hereby confer upon Srijut Kumar Nath Mukherjee, Burdwan, Author of সুধাকর গ্রন্থাবলী the honourary titles of জ্ঞান-গুণাকর বিদ্যাভূষণ-সাহিত্যশাস্ত্রী' in recognition of his profound Scholarship,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

vast erudition and valable services rendered to enrich Bengali language and Literature."

Calcutta
2-9-95

Sd. Jnanendra Kumar
Kabyarnab.

মৃত্যুর পারে নূতন মহাদেশ

মূল্য ১·৫০

২১।১০।২৮ অমৃতবাজার হইতে অনুবাদ—শ্রীমৎকুমার নাথ সুধাকর কৃত এই গ্রন্থে গ্রন্থকার ধর্ম্ম বিষয়ক গুরুতর প্রশ্নসকলের মীমাংসা অতি বিশদরূপে সম্পন্ন করিয়াছেন। তিনি পারদর্শিতার সহিত জন্মমৃত্যুর রহস্য ব্যাখ্যা করিয়াছেন এবং দার্শনিক দুর্ব্বোধ্য বিষয় সকলের মীমাংসা করিয়াছেন।

শ্রীগোপালদাস মুখোপাধ্যায় কর্তৃক সম্পাদিত

স্তবকবচমালা—মূল্য ৪·৫০

বইখানিতে প্রচলিত সমস্ত দেবদেবীর স্তব, ধ্যান, প্রণাম এবং পূজামন্ত্র সন্নিবেশিত। ধর্ম্মার্থীগণের বিশেষ উপযোগী। সুন্দর বাঁধাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সুধাকর গ্রন্থাবলী ১ম অঞ্জলি ৪·০০

(পদ্যগীতা মধুময়ী চণ্ডী ও মৃত্যুবিজয়
তিনখানি একত্রে ভাল বাঁধা)

সুধাকর গ্রন্থাবলী ২য় অঞ্জলি ৪·২৫

তপোবন ১·৫০ অশোকবন ১·২৫ নিত্যবৃন্দাবন ও
ব্রজাঙ্গনা গীতা ১·২৫ গৌরাঙ্গ গীতা ১·২৫ একত্রে বাঁধা)

সুধাকর গ্রন্থাবলী ৩য় অঞ্জলি ৪·৫০

যোগবাশিষ্ঠ ও রাণী চূড়ালা ১·৫০ অমৃত ১৫০ সাধক দম্পত্তি
(ধর্ম্মময় উপন্যাস) ১·৫০ একত্রে বাঁধা)

সুধাকর গ্রন্থাবলী ৪র্থ অঞ্জলি ৩·২৫

(মৃত্যুর পারে নূতন মহাদেশ ১·৫০ সুধাকর
রচিত সুধা ১·৫০ একত্রে বাঁধা)

প্রত্যেক পুস্তক উক্ত মূল্যে খণ্ডাকারে পাওয়া যায়।

ছোট্ট গীতা (মূলশ্লোক) মূল্য ·৯০ পয়সা।

ছোট্ট চণ্ডী (মূলশ্লোক) মূল্য ·৯০ পয়সা।

মেহার মাহাত্ম্য (সর্ব্বানন্দের শ্মশান সাধন)
মূল্য ১·৫০।

পুঁথী চণ্ডী (মূল)—মূল্য ২·৫০ ঐ পুস্তকারে ২·৫০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্বজনের স্মৃতি।

ইহলোকে যাঁর পিতা, পিতার আশ্রয়দাতা,
মণ্ডিত স্নেহেতে যাঁর জীবন আমার,
যাঁর অন্নে দেহ ধরি, গীতা অনুবাদ করি,
এ গীতার ভিত্তিমূলে নামটি তাঁহার।—
পাঠক পাঠিকা নিত্য করিবে স্মরণ
ব্রহ্মকুলে রাজ-ঋষি "প্রথমভূষণ"।
লও-ভক্তি-উপহার, মাতৃভাষা-কণ্ঠহার—
ভগবদ্গীতা মম ত্রিদিবের ধন,
নলডাঙ্গা-রাজমন্ত্রী, বিশ্বরাজ দ্বারে শান্ত্রী,
দেবদেশে পিতৃদেব "অভয়াচরণ"। (ক)
'ব্রজাঙ্গনা' দিয়া সেবি, বরদ-সুন্দরী দেবী, (খ)
বিশ্বমাতা সমা মাতা স্নেহ-পারাবার,
অনাথে অন্নদায়িনী, জাহ্নবী তটবাসিনী,
জগৎ-জননী সমা জননী আমার।
"উক্তি-মুক্তামালা" মম, ভক্তি ফুল-রাশি সম,
করিনু জনকোপম অগ্রজে অর্পণ।—
বিশ্ব-বিদ্যালয়ে যিনি, সাহিত্য-আচার্য্য-মণি,
স্নেহেতে লক্ষ্মণাগ্রজ 'অম্বিকা চরণ' (গ)
দূরতার বহু দূরে, অনন্তের শান্তি-পুরে,
জাগ্রত মধ্যমাগ্রজ চিরানন্দ ধামে,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভিষক 'রজনী-কান্ত'— স্মরি তাঁর পদ-প্রান্ত,
'বিষচিকিৎসার গ্রন্থ' গাথি তাঁর নামে।
"নিত্য বৃন্দাবন" ধন, করিলাম সমর্পণ,
ধর্ম্মনিষ্ঠ শুভাদৃষ্ট কনিষ্ঠে আমার,
যার কবি-কণ্ঠ-গানে, নাচে গোপী বৃন্দাবনে,
পণ্ডিত 'সরোজ-নাথ' দেবর্ষি-আকার।
লও 'শ্রীআনন্দবেদ', ঘুচাও মনের খেদ,
বি এল্, 'বীরেন্দ্রনাথ' ভগ্নীপতি মম (ঘ)
সুরপুরে পিতা যথা, চিরানন্দে থাক তথা,
মোদের পঞ্চম ভ্রাতা সহদেব সম।
কনিষ্ঠা মিষ্টভাষিণী, বিদূষী ব্রহ্মচারিণী,
'তমালিনী' অনাথিনী ভগিনীর করে
মরুভূমে সুধাসিন্ধু, অমারাত্রে শরদিন্দু—
অর্পিলাম "মধুবন" চিরশান্তি তরে।
'শ্রীগৌরাঙ্গ-গীতা' খানি, প্রেমের পূর্ণতা জানি,
দিলাম প্রেমের খনি বঙ্গ-রমণীরে,
'রাজলক্ষ্মী দেবী' আর, চিরপ্রেম পারাবার, (ঙ)
অনন্তের অর্দ্ধাঙ্গিনী সহধর্ম্মিণীরে।

(ক) ৺অভয়াচরণ মুখোপাধ্যায়, নিবাস যশোহরের অন্তর্গত নলডাঙ্গা গ্রামে, নলডাঙ্গা-রাজষ্টেটের প্রধান কার্য্য

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কারক ছিলেন। তাঁহার সত্যনিষ্ঠা ও দেবোপম চরিত্রে সকলে মুগ্ধ হইত। আটাত্তর বৎসর বয়সে (১২৯১ সাল ৬ই মাঘ, চান্দ্র পৌষ শুক্লা নবমীতে) স্বর্গলাভ করেন। (খ) (স্বর্গীয় বরদাসুন্দরী দেবী, সাক্ষাৎ জগদ্ধাত্রীরূপা ছিলেন। জাহ্নবী-তটে গীতা পাঠে শেষ জীবন অতিবাহিত করিয়া আটষট্টি বৎসরে (১৩১১।২৬ চান্দ্র ভাদ্র, শুক্লা দ্বিতীয়ায়) স্বর্গারোহণ করেন। (গ) স্বর্গীয় অম্বিকাচরণ মুখোপাধ্যায় কুষ্টিয়া কলেজের প্রিন্সিপ্যাল ছিলেন, শেষে নলডাঙ্গাধিপতি রাজা প্রথমভূষণ দেবরায় বাহাদুরের ষ্টেটে কার্য্য করেন। নলডাঙ্গা-রাজ-ফ্যামিলী নামক অপূর্ব্ব ইংরাজী গ্রন্থ রচনা করিয়া চির-যশস্বী হন। ষাট বৎসর বয়সে স্বর্গারোহণ করেন। (ঘ) ৺বীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় বি, এল, নিবাস বর্দ্ধমানের সামন্তী গ্রামে, ওকালতী করিয়া প্রভূত যশ ও অর্থ উপার্জ্জন করিতে আরম্ভ করিয়া অকালে স্বর্গলাভ করেন; পত্নী তমালিনী দেবী, পুত্র নরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় বি, এ, বি টি, (ঙ) শ্রীমতী রাজকুমারী (রাজলক্ষ্মী) দেবী ডেপুটিম্যাজিষ্ট্রেট্ স্বর্গীয় যোগেন্দ্রনাথ বিদ্যাভূষণ মহাশয়ের জেঠতুতা ভগিনী, স্বামী সঙ্গে কৃষ্ণসেবা ও নাম জপে শান্তিময় জীবন যাপন করেন। ১৭৮০ শকাব্দ, ১২৬৫ সাল ২০শে সৌর কার্ত্তিক বৃহস্পতিবার কৃষ্ণাচতুর্দ্দশী, দিবা দশ দণ্ড গতে তুলা রাশিতে গ্রন্থাকর জন্ম।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গীতার নাম-পরিচয়।

সঞ্জয় --রাজা ধৃতরাষ্ট্রের মন্ত্রী। ধৃষ্টদ্যুম্ন—দ্রুপদ রাজার পুত্র। যুযুধান—যদুবংশীয় সাত্যকীর ভ্রাতা। ধৃষ্টকেতু-চেদীশ্বর। কুন্তীভোজ—বসুদেবের পিতার পিসির পুত্র, কুন্তীর পালক। পুরুজিৎ—পাণ্ডবদের মাতুল। অশ্বত্থামা--দ্রোণাচার্য্যের পুত্র। সৌমদত্তী—সোমদত্ত-পুত্র ভূরিশ্রবা।. জয়দ্রথ—দুর্য্যোধনের ভগ্নিপতি। বিরাট রাজ—উত্তর ও উত্তরার পিতা। কৃপ—অশ্বত্থামার মাতুল। শৈব্য, চেকিতান্ উত্তমৌজা যুধামন্যু —ইহারা রাজগণ। কর্ণ—সূর্য্যেরদৃষ্টিতে কুমারী কুন্তীর পুত্র, সারথিগৃহে পালিত। বিকর্ণ ও বৃষকেতু—কর্ণের পুত্র। শীখণ্ডী -- দ্রুপদ পুত্র (নপুংসক)। ভীষ্ম —রাজা শান্তনুর প্রথমা পত্নী গঙ্গার গর্ভে ভীষ্ম জন্মগ্রহণ করেন। শান্তনুর দ্বিতীয়া পত্নী সত্যবতীর গর্ভে চিত্রবীর্য্য ও বিচিত্রবীর্য্য জন্ম লন। নিঃসন্তান চিত্রবীর্য্যের মৃত্যুর পরে, তাহার পত্নী অম্বার গর্ভে ব্যাসের ঔরসে ধৃতরাষ্ট্র জন্ম লন। নিঃসন্তান বিচিত্রবীর্য্যের মৃত্যুর পরে তাঁহার পত্নী অম্বালিকার গর্ভে ব্যাসের ঔরসে, পাণ্ডু জন্ম লন। তাই ভীষ্ম হইলেন দুর্য্যোধনাদি ও পাণ্ডবগণের পিতামহের বৈমাত্রের ভ্রাতা। তাই ভীষ্মকে পিতামহ বল হইয়াছে। দুষ্মন্তপুত্র ভরতের বংশ বলিয়া ধৃতরাষ্ট্র ও অর্জ্জুনকে ভারত বলা হইয়াছে। দ্রোণাচার্য্য কৃপাচার্য্য ও অশ্বত্থামা (ও পরশুরাম) ব্রাহ্মণযোদ্ধা ছিলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পরম পূজনীয় পিতৃদেব

৺অভয়াচরণ দেবশর্ম্মণঃ শ্রীপাদপদ্মেষু।

বাবা, তুমিই আমাকে গীতার পদ্যানুবাদ করিতে বলিয়াছিলে। তোমার আশীর্ব্বাদে আর গুরুদেবের কৃপায়, আমার সে অনুবাদ সম্পন্ন হইল; আজ তুমি কোথায়? তুমি ঊর্দ্ধ হইতে দর্শন কর—আমি সেই চির অম্লান পুষ্পে তোমার নিত্য পূজা করিতেছি। সংসারের দুর্দ্দম্য বিপদাপদের মধ্যে যখন তুমি অটল ভাবে বসিয়া থাকিতে তখন তোমার সেই সত্ত্বগুণের মূর্ত্তি দেখিয়াই বুঝিয়াছিলাম যে তুমি দুস্তর ভবার্ণবে কৃষ্ণনামের অর্ণবপোতে আরোহণ করিয়াছ। আর এখন বুঝিলাম যে তুমি আমাকে গীতানুবাদের ইঙ্গিত করিয়া ভবপারের অর্ণবপোত দেখাইয়া দিয়া সেই "প্রদীপ্ত অপাপবিদ্ধ দেবারাধ্য লোকে" চলিয়া গিয়াছ। তুমি যে অর্ণবপোতের দিকে অঙ্গুলি নির্দ্দেশ করিয়াছিলে, সেই মহাযানে উঠিতে আমরা চেষ্টা করিতেছি দেখিতেছি অকুল ভবসমুদ্রের পর্ব্বত সমান তরঙ্গমালা উঠিতেছে পড়িতেছে, উঠিতেছে পড়িতেছে। আমরা উচ্চৈঃস্বরে "হরে মুরারে" গাইতে গাইতে আরোহণ করিতেছি। এখন ঊর্দ্ধ হইতে আশীর্ব্বাদ কর ও আকর্ষণ কর যেন আমরা নির্ব্বিঘ্নে সেই দেববাঞ্ছিত "বৈকুণ্ঠের ঘাটে" উপস্থিত হইতে পারি।

শ্রীপাদপদ্মে নিবেদনমিতি—তব পুত্রাধমস্য।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গ্রন্থাকারের জীবনাভাস।

কবি কুমারনাথ কোলাহলপূর্ণ জগতের বহুদূরে স্থিত নির্লিপ্ত জীবনচারী কবি। তাঁহার সঙ্গে দুই ঘণ্টা বসিয়া আলাপ করিলে, যেন সত্য সত্যই সংসারের সকল জ্বালা কোথায় লুকাইয়া পড়ে। তিনি আজীবন স্বধর্ম্মসেবায় নিরত, অথচ অন্ধ দেশাচার ও সমাজের দুর্নীতির সংস্কারে দৃঢ়ব্রত। তিনি সরল প্রাণ অথচ তেজস্বী, অল্পেই সন্তুষ্ট, নিরহঙ্কার মধুর ভাষী, প্রেমানন্দে, সদানন্দে জগতে থাকিয়াই জগতের আশীবিষের দংশন এড়াইয়াছেন। তাঁহার প্রাণ আকাশের ন্যায় উদার, চিত্ততন্ত্রী নারদের বীণার ন্যায় নিয়তই বিভুগুণগানে বিভোর। তিনি ধন্য পুরুষ। কিশোর হইতেই তিনি প্রকৃতির চিরমধুর লীলাকুঞ্জে লালিত হইয়াছিলেন। তাঁহার গীতার কাব্যানুবাদ আজ বঙ্গের সহস্র সহস্র নর নারীর কণ্ঠগত হইয়াছে।কেমন চিত্তাকর্ষণী ভাষা! ভাষার কি সবেগ গতি! একেবারে চিত্ত বিজয় করিয়া বসে। এরূপ ভাষার ঐশ্বর্য্য না থাকিলে গীতার অনুবাদ করিতে যাওয়া ধৃষ্টতা মাত্র। ধর্ম্মপ্রাণ কুমারনাথ কি গীতার পদ্যানুবাদে কি ব্রজাঙ্গনা গীতায়, কি শ্রীগৌরাঙ্গ-গীতায়, সকল গ্রন্থেই ছত্রে ছত্রে ধর্ম্ম-প্রাণতা মাখাইয়া রাখিয়াছেন। একবার পড়িলেই কঠিন মন দ্রব হইবে, অগ্নিময় জ্বালাপূর্ণ হৃদয় শান্তি-সাগরে স্নান করিতে থাকিবে।

শ্রীবরেন্দ্রলাল মুখোপাধ্যায়, এম, এ,
ভূতপূর্ব্ব বঙ্গবন্ধু-সম্পাদক, কালিঘাট কলিকাতা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জ্ঞানগুণাকর গীতারত্ন

শ্রীমৎ কুমারনাথ সুধাকর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

C0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভূমিকা।

মাতৃভাষায় ব্যক্ত-মধুর ভাব শ্রবণমাত্রেই প্রাণের মধ্যে সহজেই অঙ্কিত হইয়া থাকে। গীতার মূল শ্লোকের মৌলিক শক্তি যদি কাব্যের .ভাষায় বাঙ্গলাশ্লোকে সঞ্চারিত করান যায়, তবে বাঙ্গালীর এবং বাঙ্গলাভাষার প্রভূত কল্যাণ সাধন করা যায়। সেইজন্য বাঙ্গালীর প্রিয়তম বাঙ্গালাভাষার ক্ষীণসূত্রে গীতারূপ অমূল্য রত্ন গ্রথিত করিতে বিশেষ চেষ্টা করা হইয়াছে। বনে গিয়া তপস্যার বিষয় ইংরাজী শিক্ষিত লোককে শিক্ষা দিতে যাওয়া বিড়ম্বনা মাত্র। কিন্তু গীতা "নিয়ত কর্ম্ম কর, নিয়ত কর্ম্ম কর, নিয়ত কর্ম্ম কর" বলিয়া যে মহাজ্ঞান সাধনের সোপান প্রস্তুত করিতেছেন তাহাতে কাহারও আপত্তি নাই। জ্ঞান ভক্তি কর্ম্মের ত্রিধারা ত্রিবেণীর ন্যায় গীতাতে মিলিত হইয়াছে। ইংরাজী শিক্ষার (activity) "কার্য্য তৎপরতার" সহিত গীতার "শ্রমশীলতার" উপদেশের অপূর্ব্ব সামঞ্জস্য দেখিয়াই বর্ত্তমান-কালের প্রকৃতি "গীতা গীতা" রবে ইউরোপ ও আমেরিকা পর্য্যন্ত প্রতিধ্বনিত করিয়াছে। যদিও বালকেরা গীতার "মর্ম্ম" ভেদ করিতে অসমর্থ, তথাপি রাজপুত বালক যেমন তরবারি লইয়া ক্রীড়া করে, ইংরাজ বালক যেমন ক্রীড়া-বন্দুক ও অশ্ব লইয়া থাকিতে ভালবাসে,—মর্ম্মভেদ করিতে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

না পারিলেও নিহত হস্তীর মস্তক-কঙ্কাল লইয়া সিংহশাবক যেমন ক্রীড়া করে, সেইরূপ ঋষিবংশের আর্য্য শিশুগণ এই জগৎবিখ্যাত উপনিষৎ লইয়া কেন না ক্রীড়া করিবে ? শ্রীকৃষ্ণঃ শ্রীনিকেতনঃ।

গুরুকৃপা-টীকার ভূমিকা।

গীতার ভূমি—গুরুতত্ত্ব, ব্রহ্মচর্য্যতত্ত্ব ও কর্ম্মতত্ত্ব।

১। আত্মা বৈ গুরুরেকঃ। আত্মাই একমাত্র-গুরু। (শ্রুতি)
আত্মাই কেবল গুরু—সর্ব্বজীবে রন,
যার আত্মা প্রস্ফুটিত—তিনি গুরু হন।

২। গার্হস্থ্য সে ব্রহ্মচর্য্য—সর্ব্বাগ্রেই ধর,
চরিত্র সংযম করি—শক্তি রক্ষা কর।
অক্ষয় দাম্পত্য প্রেম—চিরস্থায়ী হবে,
চির বসন্তের মধু—চিত্তে আটা রবে।
মস্তিষ্কের সনে গাঁথা—শুক্র আর প্রাণ
এক ক্ষয়ে আর ক্ষয়—সাধু সাবধান।
শ্রীধরের শ্রী যদি চাও—শ্রীনিবাসে ভজ মন,
কৃষ্ণ পূর্ণ ব্রহ্মচারী—শ্রীকৃষ্ণ শ্রীনিকেতন! (২১৬ পৃষ্ঠা দেখ)

৩। জগৎ গুরু শ্রীকৃষ্ণ অর্জ্জুনের প্রার্থিত বনে গমন ও ভিক্ষান্ন ভোজনের প্রশ্রয় দেন নাই। যেরূপ নিষ্কাম ভাবে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কর্ত্তব্য পালন করিয়া জীবন্মুক্ত ভাবে থাকিয়া মুক্ত লাভ করা যায় সেই আধ্যাত্মিক ভাবের কর্ম্মই তিনি শিক্ষা দিয়াছেন। কর্ম্ম কি? "ভূতভাবোদ্ভবকরঃ বিসর্গঃ কর্ম্ম-সংজ্ঞিতঃ" জীবের অভ্যুত্থান বা আত্মার উন্নতিকারক যে ত্যাগ স্বীকার ও নিঃস্বার্থ ক্রিয়া তাহাই যথার্থ কর্ম্ম। (৮ম অধ্যায় ৩য় শ্লোক) এই নিঃস্বার্থ ক্রিয়া বা ত্যাগস্বীকার হইতেই জ্ঞান, ভক্তি ও মুক্তি লাভ হইয়া থাকে। সেই জন্য কর্ম্মই জ্ঞান ও মুক্তির মূল।

জয়গান।

যাঁর পাদপদ্মে দান, করেছি এ মন প্রাণ,
আত্মজ্ঞান দানে মুক্তি দিলেন যে জন,
গীতাই স্বরূপ যাঁর, গুরুরূপে অবতার
মুক্তিদান তরে যাঁর ভবে আগমন,
গীতা গতি, গীতা মুক্তি- শিখালেন যিনি,
এ গীতার প্রাণরূপে বিদ্যমান তিনি।
জয় জয় গুরুদেব, জয় ভগবান্
জ্ঞান ভক্তি কর্ম্মে দেও গীতা শিক্ষাদান।
রাজা পিতৃসম আর, ঈশ্বরের অবতার,
"নরাণাঞ্চ নরাধিপং" গীতার প্রমাণ;
"রাজভক্ত হিন্দুজাতি" থাকে যেন এই খ্যাতি
জয় জয় রাজ্যেশ্বর প্রজাদের প্রাণ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সন্তান পালন যথা মা বাপের কর্ম্ম,
সমাজ পালনে তথা ভাষা আর ধর্ম্ম।
ধন জন স্বাধীনতা গেলে থাকে আশা,
আশা নাই যায় যদি ধর্ম্ম আর ভাষা।
"মৃত-ভাষা" "পর-ভাষা আসে নাত বশে,
আবাল বনিতা বাড়ে মাতৃ ভাষা-রসে।
জয় জয় তাঁর, যাঁর ঘরে বার মাস,
সুধাকর গীতা-চণ্ডী কাশী-কৃত্তিবাস।

শ্রীশ্রীগুরবে নমঃ।

আধ্যাত্ম ভারত

(সুধাকর গ্রন্থাবলী)

অধ্যাত্ম-ভারত কথা অমৃতের সিন্ধু,
জোছনা ছড়ার যেন শরতের ইন্দু।
শ্যাম-সরোবর ধারে আনন্দ-আশ্রম,
বঙ্গাব্দ তেরশ সাতে স্থাপিত প্রথম।
সুন্দর সে ছাত্রাবাস পবিত্রতা ময়—
"আনন্দ-আশ্রম আর গীতা বিত্থালয়।"
শ্রীবঙ্গ-ভাষায় গাঁথি ঋষিশাস্ত্র কথা,
সপ্ত বর্ষ সুধাকর শুনাইলেন তথা।
লিপিবদ্ধ করি তাহা লিপিকর তাঁর,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

"আধ্যাত্ম ভারত" নামে করিলা প্রচার।
প্রকাশিত তায় শুদ্ধ মুক্তির বিধান,
অপূর্ব্ব দ্বাদশ পর্ব্ব স্বর্গের সোপান।
প্রথম পর্ব্বতে "গীতা" গ্রন্থ বিশ্বজয়ী,
দ্বিতীয় পর্ব্বতে গ্রন্থ "চণ্ডী মধুময়ী"।
তৃতীয় পর্ব্বতে মৃত্যু-বিজয় লিখন,
চতুর্থ পর্ব্বতে শোভে গ্রন্থ "তপোবন"
পঞ্চমে "অশোক বনে" শোক দুঃখ নাশ,
ষষ্ঠে "নিত্য বৃন্দাবন" মধুর প্রকাশ।
সপ্তমে "শ্রীব্রজাঙ্গনা" প্রেমের বৈভব।
অষ্টমে "গৌরাঙ্গ গীতা" বঙ্গের গৌরব।
নবমে "যোগবাশিষ্ঠ— চূড়ালার গান"
দশমে "অমৃত" গ্রন্থে অমরত্ব দান।
"সাধক-দম্পতি" একাদশে সমাবেশ,
দ্বাদশে "মৃত্যুর পারে নব মহাদেশ"
কুড়ায়ে দুর্ল্লভ রত্ন সর্ব্ব রত্ন সার,
গ্রন্থিমাত্র দিলা তায় ক্ষুদ্র গ্রন্থকার,
করে ধরি বলে সবে— লহ এক রতি
হেন রত্ন, বিন্দু যার নিন্দে গজমতি!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সূচীপত্র

বিষয়	পৃঃ
১ম অধ্যায় অর্জ্জুন-বিষাদ যোগ	১
২য় অধ্যায় সাংখ্য যোগ	১০
৩য় অধ্যায় কর্ম্মযোগ	৩২
৪র্থ অধ্যায় জ্ঞান যোগ	৪৮
৫ম অধ্যায় কর্ম্ম-সন্ন্যাস যোগ	৬২
৬ষ্ঠ অধ্যায় অভ্যাস যোগ	৭৩
৭ম অধ্যায় জ্ঞান-বিজ্ঞান যোগ	৮৯
৮ম অক্ষর-ব্রহ্ম-যোগ	৯৭
৯ম অধ্যায় রাজবিদ্যা-রাজগুহ্য যোগ	১০৪
দশম অধ্যায় বিভূতি-যোগ	১১১
একাঃ অধ্যায় বিশ্বরূপ দর্শন যোগ	১২০
দ্বাদশ অধ্যায় ভক্তি-যোগ	১৩৪
ত্রয়োঃ অধ্যায় ক্ষেত্র ক্ষেত্রজ্ঞ-বিভাগ যোগ	১৪৩
চতুর্দ্দশ অধ্যায় গুণত্রয়-বিভাগ যোগ	১৫১
পঞ্চদশ অধ্যায় পুরুষোত্তম যোগ	১৫৮
ষোড়শ অধ্যায় দৈবাসুর-সম্পদ্ বিভাগ যোগ	১৬৭
সপ্তঃ অধ্যায় শ্রদ্ধাত্রয় বিভাগ-যোগ	১৭৫
অষ্টাঃ অধ্যায় মোক্ষ যোগ	১৮২
গীতা-মাহাত্ম্য	২০৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীমদ্ভগবদ্‌গীতা। 5/7/4

প্রথম অধ্যায়।

অর্জ্জুন-বিষাদ যোগ *

ধৃতরাষ্ট্র কহিলেন—

ধর্ম্মক্ষেত্রে কুরুক্ষেত্রে একত্র হইয়া
পরস্পর ঘোরতর সমর লাগিয়া,
আমাদের পক্ষ আর পাণ্ডু-সুতগণ,
কি করিলে, হে সঞ্জয় কহ বিবরণ। ১

সঞ্জয় কহিলেন—

নিরখি পাণ্ডব-সৈন্যে ব্যূহ বিরচন,
কহিলা আচার্য্যে গিয়া রাজা দুর্য্যোধন—২

গুরু-কৃপা টীকা।

* সর্ব্বাগ্রে বিষাদ-যোগ। অত্যন্ত বিষাদেই বৈরাগ্য আসে। পূর্ব্বে বিষাদ-বৈরাগ্য বিনা গীতা পাঠ হস্তি-স্নানবৎ হয়। তাই "বিষাদ-যোগ" বলা হইয়াছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দেখ, গুরো, পাণ্ডবের মহা সৈন্যচয়,
ধীমান্ তোমার শিষ্য দ্রুপদ তনয়
ব্যূহ বিরচিয়া রক্ষা করিছে কেমন—
আচার্য্য এ অরি-সেনা কর দরশন। ৩
এই সেনা-দলে আছে মহা বলবান,
সমরে সমর্থ ভীম অর্জ্জুন সমান,
মহা ধনুর্দ্ধর বীর বিক্রম অপার,
সাত্যকি, বিরাট, শৈব্য, ধৃষ্টকেতু আর,
চেকিতান্ বীর্য্যবান্ কাশীরাজ ধীর,
পুরুজিৎ, কুন্তিভোজ, উত্তমৌজা বীর,
যুদ্ধামন্যু অভিমন্যু দ্রুপদ সুরথ,
দ্রৌপদীর পুত্রগণ— সবে মহারথ। ৪—৬
আমাদের পক্ষে যাঁরা মহা ধনুর্দ্ধর
সৈনিক নায়ক মম, শুন অতঃপর—৭
তুমি ভীষ্ম রণজয়ী কৃপ আর কর্ণ,
অশ্বত্থামা, সোম দত্ত- তনয়, বিকর্ণ; ৮

C0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রহিয়াছে আরও কত বীর রণস্থলে,
মম হিতে প্রাণ দিতে প্রস্তুত সকলে,
করে ধরি নানা শস্ত্র, শাণিত কৃপাণ,
যুদ্ধ-বিশারদ তারা সকলে সমান।৯
তথাপি মোদের সেনা ভীষ্মের রক্ষিত,
অরি-সৈন্য সহ রণে অসমর্থ, ভীত ;
ভীমের রক্ষিত কিন্তু সেনা সমুদয়
কুরু-সৈন্য সনে রণে সমর্থ নিশ্চয়।১০
সর্ব্ব ব্যূহদ্বারে থাকি, নিজ নিজ স্থানে,
ভীষ্ম বীরে রক্ষা কর সবে সাবধানে।১১
তখন প্রতাপশালী বৃদ্ধ পিতামহ
বীর ভীষ্ম উচ্চ স্বরে সিংহনাদ সহ,
মহা হরষিত করি রাজা দুর্য্যোধনে,
সুগভীর শঙ্খ-ধ্বনি করিলা সঘনে।১২
অমনি বাজিল শঙ্খ শিঙ্গা ভেরী ঢোল,
উঠিল তুমুল শব্দ— মৃদঙ্গের রোল। ১৩

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বসিয়া শ্বেতাশ্ব রথে কৃষ্ণ ধনঞ্জয়,
অতঃপর বাজাইলা দিব্য শঙ্খদ্বয়। ১৪
পাঞ্চজন্য শঙ্খ বাজে হৃষীকেশ করে,
দেবদত্ত-শঙ্খ পার্থ বাজান সমরে;
মধ্যম পাণ্ডব ভীম, ভীমকর্ম্মা রণে,
পৌণ্ড্র নামে মহাশঙ্খ ঘোষিলা সঘনে।১৫
বাজাইলা অরি দলে করিয়া অধীর,
অনন্ত বিজয় শঙ্খ রাজা যুধিষ্ঠির;
সুঘোষ—নকুল শঙ্খ বাজে উচ্চস্বরে,
বাজিল মণি-পুষ্পক সহদেব করে। ১৬
ধনুর্দ্ধর কাশীরাজ ধৃষ্টদ্যুম্ন আর
দ্রুপত ভূপতি, যত দ্রৌপদী কুমার
শিখণ্ডী, বিরাট আর সাত্যকি দুর্জ্জয়,
মহা যোদ্ধা অভিমন্যু সুভদ্রা-তনয়,—
রাজন্ সে বীরগণ মিলি ঘোর রবে,
পৃথক পৃথক শঙ্খ বাজাইলা সবে।১৭,১৮

C0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সেই শব্দ ক্ষিতি ব্যোম ধ্বনিত করিয়া,
বিদীর্ণ করিল যত কৌরবের হিয়া। ১৯
উদ্যত বিপক্ষগণ শস্ত্রপাত তরে
ধৃতরাষ্ট্র পুত্রগণ প্রস্তুত সমরে—
নিরখি, গাণ্ডীব ধনু করি উত্তোলন,
হৃষীকেশে পার্থ বীর কহিলা তখন—২০
অচ্যুত, যাবৎ আমি নিরখি হেথায়
বীর যত উপস্থিত, রণ-কামনায়,—
সমর করিব কোন বীরগণ সনে,
কৌরব-হিতার্থী যাঁরা সমাগত রণে,
যাবৎ সে শূরগণে করি নিরীক্ষণ,
দুই পক্ষ মাঝে রথ কর সংস্থাপন। ২১—২৩

সঞ্জয় কহিলেন—

হে রাজন্ অর্জ্জুনের এই বাঞ্ছা জানি,
উভয় সেনার মধ্যে দিব্য রথ আনি,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভীষ্মাদি প্রমুখ রাজ- গণের সম্মুখে,
সেই শোভাময় রথ, রাখি হাস্যমুখে
কহিলেন কৃষ্ণ—পার্থ, দেখ একবার
সমবেত কুরুকুল সম্মুখে তোমার। ২৪,২৫
সেই স্থানে অবস্থিত উভয় পক্ষীয়
পিতৃব্য, আচার্য্য, ভ্রাতা, বান্ধব, আত্মীয়,
শ্বশুর, মাতুল, সখা, আর পিতামহ,
হেরিলেন পার্থ সবে, পুত্র পৌত্র সহ। ২৬
নিরখিয়া ধনঞ্জয় সেই বন্ধুগণে
কহিলেন মায়াবশে বিষাদিত মনে—২৭
যুদ্ধার্থী স্বজন গণে সম্মুখেতে হেরি
শুষ্ক মুখ মম, অঙ্গ অবসন্ন হরি। ২৮
দেহে মোর রোম-হর্ষ, কম্প অতিশয়,
গাণ্ডীব স্খলিত হস্তে, গাত্র-দাহ হয়। ২৯
রহিতে না পারি আর, ঘুরিতেছে মন,
দেখিতেছি বিপরীত সকল লক্ষণ। ৩০

C0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কেশব, স্বজন-বধে না দেখি মঙ্গল,
চাহি না বিজয়, রাজ্য- সুখে কিবা ফল ? ৩১
গোবিন্দ, কি হবে রাজ্যে, কি হবে বাঁচিয়া ?
রাজ্য-ভোগ আমাদের যাঁদের লাগিয়া,
উপস্থিত তাঁরা, প্রাণ দিতে বিসর্জ্জন,
পিতামহ, পুত্র, পৌত্র শ্যালক স্বজন
পিতৃব্য শ্বশুর, গুরু মাতুলাদি যত—
মারিলেও পারিব না করিতে নিহত। ৩ -৩৪
পৃথিবী কি ?—পাই যদি এতিন ভুবন,
কি সুখ, সংহার করি আত্মীয় স্বজন ? ৩।
বিনাশ করিলে এই মহা শত্রুগণ
আমাদের মহাপাপ হবে জনার্দ্দন,—
সবান্ধব কুরু-কুল নাশিতে না পারি,
কেমনে স্বজন বধে সুখী হব হরি ? ৩৬
শ্রীপতি, অরাতি দল যদিও এ ভবে
রাজ্য লোভে জ্ঞানশূন্য হইয়াছে সবে —

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কুল নাশে দোষ নাহি করে দরশন
স্বজন বিদ্রোহে পাপ না করে স্মরণ, ৩৭
সে দোষ দেখিয়া কৃষ্ণ, আমাদের মন
কেন না ত্যজিবে এই পাপ প্রলোভন ? ৩৮
বহু লোক নষ্ট যদি হয় জনার্দ্দন,
সে কুলের ধর্ম্ম আর থাকে কি তেমন ?
লোকক্ষয়ে তাই হয় কুল ধর্ম্ম নাশ,
অবশিষ্ট লোকে হয় অধর্ম্ম প্রকাশ। ৩৯
বহু পুরুষের হয় যত্তপি নিধন,
ধর্ম্ম যদি হীনবল হয় নারায়ণ,
সহজেই নারীগণ ধর্ম্মচ্যুত হয়,
তাহাতে সঙ্কর বর্ণ নিশ্চয় উদয়। ৪০
সেই কুল-হন্তাদের সে কুলের আর
নরকের তরে হয় হেন ভ্রষ্টাচার,
পিতৃ পুরুষের জল পিণ্ড বিলোপন,
তাহাতে পতিত হন যত পিতৃগণ ৪১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জাতি-ধর্ম্ম কুল-ধর্ম্ম সব লোপ হয়,
কুল-হন্তাদের এই দোষেতে নিশ্চয়। ৪২
কুলধর্ম্ম নষ্ট হরি হয় যাহাদের
শুনেছি নরকে বাস নিয়ত তাদের। ৪৩
হায় রে কি পাপ মোরা বসেছি করিতে—
রাজ্য-লোভে এসেছি এ স্বজন বধিতে। ৪৪
যদি প্রতিহিংসা হীন অশস্ত্র আমায়
সশস্ত্র কৌরব বধে, সুমঙ্গল তায়। ৪৫
এত বলি রথে পার্থ বসিলা তখন,
ফেলিয়া সশর চাপ শোকাকুল মন।* ৪৬

---

* কুরুক্ষেত্র যুদ্ধের প্রারম্ভটিকে উপলক্ষ্য মাত্র ধরিয়া লওয়া হইল। শেষে সমস্তই কেবল যোগ-সাধন-ক্রিয়াকে লক্ষ্য করিয়া মোক্ষ লাভের উপদেশ আছে। পার্থিব স্বার্থলাভের উপদেশ নহে। পারমার্থিক তত্ত্বই গীতার সমা উপদেশে ফুটিয়া উঠিয়াছে। কর্ম্মের উপদেশও জ্ঞানের জন্য এই নিষ্কাম কর্ম্মের সঙ্গেই জ্ঞান ও শক্তি ওতপ্রোতভাবে বেণীবন্ধনের ন্যায় বিজড়িত আছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দ্বিতীয় অধ্যায় সাংখ্যযোগ।

সঞ্জয় কহিলেন—

মায়ামুগ্ধ অর্জ্জুনের সজল নয়ন,
স্বজন-নিধন ভাবি বিষাদিত মন,—
নিরখিয়া নারায়ণ প্রবোধ বচনে
বুঝাইয়া বলিলেন কুন্তীর নন্দনে,—১
নিন্দনীয় ধর্ম্মহীন আর্য্য অনুচিত,
এ মোহ, বিপদে হেন, কেমনে উদিত ? ২
ক্লীব ভাব ছাড়, এ ত তব যোগ্য নয়।*
তুচ্ছ দুর্ব্বলতা ত্যাজ উঠ ধনঞ্জয়। ৩

অর্জ্জুন কহিলেন—

জনার্দ্দন পূজনীয় ভীষ্ম দ্রোণ সহ,
বাণ-যুদ্ধ করি আমি কিরূপে তা কহ ? ৪
গুরু বধ না করিয়া ভিক্ষান্ন ভোজন
ইহ লোকে শ্রেয়ঃ বোধ করি নারায়ণ,
গুরু বধি রুধিরাক্ত রাজ্য-সুখ ভোগ,
অর্থ কামনায় হবে করিতে সম্ভোগ ! ৫

* এক সময় অর্জ্জুন ক্লীব ছিলেন, তাই বলিলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যুদ্ধ জয় করি কিংবা যুদ্ধে যাই হারি—
কিবা ভাল, কিবা মন্দ, বুঝিতে না পারি।
যাদের নিধন করি বাঁচিতে না চাই,
সেই ধৃতরাষ্ট্র-সুত সম্মুখে সবাই! ৬
দীন চিত্ত, কুলক্ষয়— ভয়ে মরি হায়!
অভিভূত ধর্ম্মমূঢ়— জিজ্ঞাসি তোমায়;
শ্রেয়ঃ কি? নিশ্চয় কহ, কি করিব আমি?
শরণাগত এ শিষ্যে শিক্ষা দাও তুমি। ৭
নির্ব্বিরোধ রাজ্য যদি অধিকার করি,
কিংবা দেব- আধিপত্য পাই যদি, হরি—
যাতে মোর এই মহা শোক দূর হবে,
এমন কিছুই কৃষ্ণ দেখি না এ ভবে। ৮

সঞ্জয় কহিলেন—

এইরূপ ধনঞ্জয় কহি হৃষীকেশে
"করিব না যুদ্ধ" বলি মৌনী অবশেষে। ৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হে রজন, কৃষ্ণ তবে প্রসন্ন বদনে,
কহিলেন সেনা মধ্যে বিষণ্ণ অর্জ্জুনে—১০
যাহাদের তরে শোক, উচিত না হয়,
করিছ তাদের লাগি শোক ধনঞ্জয়!
পণ্ডিতের ন্যায় তুমি কহিছ বচন,
শোক কি করেন কভু পণ্ডিত যে জন?
জগতে জীবিত কিবা মৃত জন তরে
জ্ঞানিগণ কভু পার্থ শোক নাহিকরে।১১*
আমি না ছিলাম পূর্ব্বে এমন ত নয়,
সেরূপ ছিলে না তুমি—তাহা ও না হয়।

---

* চণ্ডীতে রাজা সুরথ বলিলেন—হে মুনে, অজ্ঞানীরাই দুঃখ পায়, আমরা সবই বুঝি, জ্ঞান বুদ্ধি আছে, তবে এত দুঃখ হয় কেন? "মেধস মুনি এইভাবে উত্তর দিলেন—
"মোক্ষে লক্ষ্য নাই, দুঃখে কিসে পাবে ত্রাণ?
"তোমরা জ্ঞানাভিমানী তাহারি প্রমাণ।"
এখানে ভগবান্ অর্জ্জুনকেও সেইভাবে বলিলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হেন নহে ছিল না এ নৃপতি মণ্ডল,
পরেও নিশ্চয় মোরা থাকিব সকল। ১২
বাল্যকাল গিয়া আসে যেমন যৌবন,
যৌবনের পরে আসে বার্দ্ধক্য যেমন,
সেরূপ অবস্থা ভেদ মরণে কেবল,
তাহে নাহি মুগ্ধ হন পণ্ডিত সকল। ১৩
ইন্দ্রিয়-সংযোগ হয় বিষয়ে যখন
শীত তাপ—সুখ দুঃখ উদয় তখন ;
সুখ দুঃখ আসে সত্য থাকে না আবার
তাই সুখ দুঃখ বোধ অনিত্য অসার।
সহ্য কর অস্থায়ী সে উল্লাস বিষাদ,
তাহাদের বশীভূত হইলে প্রমাদ। ১৪
সমভাবে সুখ দুঃখ করিয়া বহন,
হে অর্জ্জুন যেই জন ব্যথিত না হন,
অমরত্ব লাভ তিনি করেন নিশ্চয়—
ইহলোকে পরলোকে নিত্যানন্দ ময়। ১৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনিত্য বিষয় পার্থ, স্থায়িত্ব-বিহীন,
নিত্য যাহা কভু তাহা না হয় বিলীন ; *
নিত্য আর অনিত্যের পরিণাম ফল,
দেখেছেন তত্ত্বদর্শী পণ্ডিত সকল। ১৬
নিখিল ব্রহ্মাণ্ড ব্যাপি রয়েছেন যিনি,
জানিবে জগতে মাত্র অবিনাশী তিনি ;
উৎপত্তি বিলয় শূন্য অব্যয় আত্মার
বিনাশ করিতে পারে হেন সাধ্য কার ? ১৭
নিত্য আত্মা দেহ তাঁর অনিত্য নিশ্চয়—
যুদ্ধ কর দেহ নাশে কোন দুঃখোদয় ? ১৮
এই আত্মা হন্তা— যেই করে বিবেচনা,
এই আত্মা হত হয় যাহার ধারণা,

* এই "নিত্যের" উপদেশে স্পষ্টই বুঝা যাইতেছে যে জড় জগতের কোনরূপ স্বার্থই গীতার লক্ষ্য নহে। পরমার্থ-ই লক্ষ্য আর সব উপলক্ষ্য। ইহাই শ্রীধর স্বামী প্রভৃতি টীকাকারগণের ও আর্য্য ঋষিগণের অভিমত।

C0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জানে না উভয়ে তারা আত্মা সর্ব্বময়,
কথনো করে না হত্যা হত নাহি হয়। * ১৯
জন্ম মৃত্যু নাহি তার, দেহের মতন
বার বার নাহি করে জনম গ্রহণ।

---

* সেই আত্মাই তুমি। আত্মার উপলব্ধি হইবে কিরূপে ?
অষ্টাবক্র বলেন—

দেহকে পৃথক ধরি, চিত্তেই বিশ্রাম করি
অবস্থান কর যদি স্থির করি মন,
এখনি ঘুচিবে ভ্রান্তি, এখনি পাইবে শান্তি,
সুখী হবে দূরে যাবে এ ভব-বন্ধন।
এ দেহ কল্পান্ত থাক, অথবা আজই যাক,
থাক যাক ক্ষতি বৃদ্ধি তাতে কি তোমার ?
অজড় অমর নিত্য তুমি যে চিন্ময় সত্য
এ অনিত্য ক্ষতি বৃদ্ধি হবে বল কার ?
ব্রহ্ম আদি মরিলেও কোটী বিশ্ব বিনাশেও
যার বিনাশের কভু সম্ভব না হেরি,
অহো কি কহিব আর, কভু ধ্বংস নাহি যার,
এ হেন আমাকে আমি নমস্কার করি।
(অশোকবন, অষ্টাবক্র-মধুচক্র)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পরিণাম শূন্য আত্মা, নাহি বৃদ্ধি ক্ষয়,
শরীর হইলে নষ্ট, বিনষ্ট না হয়। ২০
জন্মহীন, নিত্য আত্মা— জানেন যে জন,
কিরূপে কাহাকে তিনি করেন হনন?
দেহস্থিত আত্মা যদি নিত্য অবিনাশ—
কারে দিয়া কারে তিনি করেন বিনাশ? ২১
জীর্ণ বাস ছাড়ি যথা মানব নিচয়
নব বস্ত্র পরিধান করে, ধনঞ্জয়
সেই রূপ জীর্ণ দেহ করি পরিহার,
নব কলেবর আত্মা ধরে পুনর্ব্বার। ২২ *

---

* জীবাত্মা ঈশ্বরের অংশ, সেই অংশ নানারূপ ভোগের জন্য নানারূপ দেহ গ্রহণ করেন। মানুষের কাপড় ছাড়া ও সাপের খোলস ছাড়ার ন্যায় সেই জীবাত্মা একটি দেহ ছাড়িয়া আর একটী নূতন দেহ ধরেন। জীবাত্মা জড়-দেহ ছাড়িয়া আবার যে জড়-দেহই ধরিবেন, তাহা নহে, সূক্ষ্ম দেহ, দেব দেহ, হাওয়ার দেহ, দর্পণ মধ্যস্থ ছায়ার ন্যায় দেহ, কেহ কেহ আকাশ দেহ ধারণ করেন, কেহ বা বিদেহ মুক্তি প্রাপ্ত হন। যাঁহার যেমন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শস্ত্র নারে করিবারে আত্মার ছেদন,
বহ্নি নাহি পারে তাঁরে করিতে দহন,

জ্ঞানের অধিকার তিনি তেমনি উচ্চ হইতে উচ্চতর অবস্থার দেহ লাভ করেন।

কুরুক্ষেত্রে নিহত বীরগণের সুক্ষ্ম আত্মা-সকল ঋষি-কৃপায় কুরুকুল বিধবা নারীগণের দৃষ্টিপথে আকাশমার্গে উদয় হইয়াছিলেন। ভ্রমর যেমন ফুলে ফুলে উড়িয়া বেড়ায়, ঈশ্বরাংশ জীবাত্মাও তেমনি দেহ হইতে দেহান্তরে স্থূলে বা সূক্ষ্মে উড়িয়া বেড়ান।

দেহ-পদ্ম ঝরাঝরা—উড়ে যাবে মন-ভ্রমরা।
ফুল শুকালে ঝরে যায়—সৌরভের কি ক্ষতি তায়?
আমি আত্মা সুধাময়—জড় দেহ আমি নয়।

এই মন্ত্র অথবা 'নাহং দেহঃ ন মে দেহঃ' এইরূপ মন্ত্র লক্ষবার জপ করিতে করিতে অজড় অমর হওয়া যায়। গীতায় সম্যক্ জ্ঞানলাভের সহিত এই জপে মুক্তি লাভ হয়। 'জপাৎ সিদ্ধিঃ জপাৎ সিদ্ধিঃ জপাৎ সিদ্ধির্ন সংশয়ঃ।' জপের শেষে গুরু কৃপায় 'অজপাজপ' লাভ করা যায়। তখন দেখা যায়—সাধুগণের দেহ পরিবর্ত্তন পার্শ্ব-পরিবর্ত্তন মাত্র।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সলিলের সাধ্য নাই সিক্ত করিবারে,
অনিলের শক্তি নাই শুষ্ক করে তাঁরে ; ২৩
ছিন্ন দগ্ধ সিক্ত শুষ্ক হইবার নয়,
অনাদি অচল আত্মা, নিত্য সর্ব্বময়। ২৪
অব্যক্ত, অচিন্ত্য আত্মা, চির নির্ব্বিকার,
এই জানি কর পার্থ শোক পরিহার। ২৫
নিত্য জন্মে, মরে আত্মা—মনে যদি হয়,
তথাপি করিতে শোক পার না নিশ্চয় ; ২৬
মরিলেই জন্ম হয়, জন্মিলে মরণ—
অনিবার্য্য এই কার্য্যে শোক কি কারণ ? ২৭
আদিতে অব্যক্ত জীব, অব্যক্ত অন্তেতে,
মধ্যেতে দুদিন ব্যক্ত, দুঃখ কিবা তাতে ? ২৮
কেহ বা আশ্চর্য্যবৎ দেখেন আত্মায়,
কেহ বা আশ্চর্য্য অতি বলেন তাঁহায় ;
কেহ বা আত্মার কথা শুনি চমৎকার—
কেহ বা শুনিয়া তত্ত্ব নাহি পায় তাঁর। ২৯

(নিত্যবৃন্দাবন গ্রন্থে "নবযৌবন" প্রবন্ধে ইহার বিশেষ বিবরণ আছে)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অর্জ্জুন, অবধ্য আত্মা সর্ব্ব দেহময়,—
জীবগণ তরে দুঃখ করা কিছু নয়। ৩০*

*শ্বাস-বায়ুটী আকাশ হইতে আসিয়া নাসিকাপথে বুকের মধ্যে প্রবেশ করে, আবার বুকের মধ্য হইতে নাসাপথে আকাশে যায়। নাসিকাপথ রোধ করিলেই দেখা যায় যে, এক মুহূর্ত্তের মধ্যে জ্ঞানচৈতন্যের লোপ হয়, আমিত্ব ফুরায়, তাতেই বুঝা যায় যে, ঐ শ্বাস-বায়ুর মধ্যেই জ্ঞান-চৈতন্য আকাশ হইতে আসিতেছে। জীব-চৈতন্য আকাশে থাকে, শ্বাস বায়ুর সঙ্গে আসা যাওয়া করে। উহা আকাশবাসী দেহের মধ্যে এক একবার উঁকি দেয় মাত্র। যেমন সামান্য একটু সূর্য্যকিরণ ছিদ্রপথে ঘরের মধ্যে আসিয়া ঘরখানি আলোকিত করে, তেমনি সামান্য একটু চৈতন্যকিরণ নাসা ছিদ্রপথে দেহের মধ্যে আসিয়া মানুষের জ্ঞানবুদ্ধির কি আশ্চর্য্য আলোক প্রকাশ করে? ঘরের সূর্য্যকিরণটি বাহিরের অনন্ত সূর্য্যকিরণের সহিত এক অখণ্ডভাবে আছে; সেইরূপ জীব-চৈতন্যও নাসিকার বাহিরে অনন্ত চৈতন্যের সহিত এক হইয়া অখণ্ডভাবে আছে। ঐ জীব-চৈতন্যই আমি। তাই জীবের চোখে মুখে শ্বাস-চৈতন্যটি উজ্জ্বলভাবে ফুটিয়া উঠিতেছে। আমি অনন্ত আকাশবাসী—অন্ধকূপে শ্বাসে আসি। (পর পৃঃ)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভয় কি ? স্বধর্ম্ম দেখ, ধর্ম্মযুদ্ধ হ'তে
ক্ষত্রিয়ের শ্রেয়ঃ কিছু নাই এ জগতে। ৩১
ধর্ম্মযুদ্ধে হত বীর স্বর্গে চলি যান,
তাই ধর্ম্ম-যুদ্ধ স্বর্গ- দ্বারের সমান।
অযাচিত হেন যুদ্ধ— মুক্ত স্বর্গ দ্বার
ভাগ্যবান্ ক্ষত্রিয়ের মাত্র অধিকার। ৩২

আমরা পাঁচজনে বসিয়া আছি, তাহার মধ্যস্থলে শূন্য স্থানে শ্বাস-চৈতন্য যে প্রাণ, তাহা পরিপূর্ণ রহিয়াছে। আমরা নাসিকানলের দ্বারা চারিদিক হইতে ঐ আকাশস্থ একই প্রাণকে টানিতেছি। এখানে আমাদের পরস্পরের প্রাণ-সম্বন্ধ কেমন একীভূত হইয়াছে বিশেষ লক্ষ্য কর। যখন দেখি যে, এই প্রাণ-চৈতন্য ঐ অনন্ত-চৈতন্যের সহিত অখণ্ডভাবে এক হইয়া আছে, তখন কত শক্তি ও কত সুখ বৃদ্ধি হয় বল দেখি ?

ব্রহ্ম-চৈতন্য সাধারণ বায়ুময়। সেই ব্রহ্ম-চৈতন্য শ্বাসবায়ুর কল-কৌশলে পড়িয়া মনরূপে দেহে এলেই জীব-চৈতন্য হন। মৃতদেহে সাধারণ বায়ুময় ব্রহ্মই থাকেন। শ্বাসবায়ুর কলে প্রস্তুত জীব-মন সাধুতা পাইয়া দেহান্তে সূক্ষ্মতম স্বচ্ছতম স্থির বায়ুতে গিয়া চিন্ময় দেহে দেবলোকে মহাজীব বা মহামন রূপে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যদি এই ধর্ম্মযুদ্ধ নাহি কর, তবে
ছাড়িয়া স্বধর্ম্মকীর্ত্তি, পাপভাগী হবে। ৩৩

বহুকাল থাকেন। সত্ত্বগুণের শেষপর্য্যন্ত কর্ম্মলীলা থাকে। অবশেষে সম্পূর্ণ মনমুক্ত হইয়া আত্মা চিরস্থির সর্ব্ব প্রকাশ-রূপ ব্রহ্মচৈতন্য হন।

সন্তান ভূমিষ্ঠ হইলে মায়ের নাড়ীর সঙ্গে যোগ থাকে। নাড়ী কাটিয়া লোকে মায়ে সন্তানে বিচ্ছিন্ন করিয়া দেয়। আমাদেরও সেই আকাশময় অখণ্ড চৈতন্যের সঙ্গে শ্বাসের পথে কেমন সুন্দর শ্বাসনাড়ীর যোগ রহিয়াছে। অহো আমাদের নাড়ী কাটা হয় নাই। অখণ্ড চৈতন্যের সঙ্গে এক নাড়ীতে আমাদের শ্বাস-চৈতন্যের পোষণ হইতেছে। আমরা বিশ্বময়ীর সেই অমৃতনাড়ী ধরিয়া নাক মুখ দিয়া চোষণ করিতেছি। 'শৃন্বন্তু বিশ্বে অমৃতস্য পুত্রাঃ' হে অমৃতের পুত্রগণ, শ্রবণ কর। অমৃতের সন্তান কেন? ঐ যে জগন্ময়ীর অমৃত-নাড়ীর সঙ্গে আমাদের নাড়ী এক হইয়া আছে। নাড়ী কাটা হয় নাই, হইবেও না। আমরা চিরদিন অমৃতের সন্তান। সকলে ঋষিবাক্য ধরিয়া অমৃত-নাড়ীর লক্ষ্য স্থির কর। "লক্ষ্য যদি স্থির হল—মোক্ষ পথে পা প'ল"

এ সংসার-মরুমাঝে ঋষিপদ ভরষা
সত্যের ও অমৃতের অবিশ্রান্ত বরষা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চির অপযশঃ তব ঘোষিবে জগতে,
মানীর মরণ শ্রেয়ঃ অপযশঃ হতে। ৩২
ভীরু তুমি,—ভাবিবেন মহারথ গণ,
সম্মান করিতে যারা, হাসিবে তখন! ৩৫
শত্রুকুল নিন্দা করি সকলের কাছে
কতই করিবে! দুঃখ তা হতে কি আছে? ৩৬
ধর্ম্ম যুদ্ধে হত হলে স্বর্গে চলি যাবে,
জয়ী হলে মহীতলে সর্ব্ব সুখ পাবে— *
তাই বলি এই যুদ্ধ করাই নিশ্চয়,
রণে মন দৃঢ় করি উঠ ধনঞ্জয়। ৩৭
সুখ দুঃখ লাভালাভ জয় পরাজয়
সম ভাবি যুদ্ধ কর, নাহি পাপ ভয়। ৩৮

---

* গীতা মহাভারত-মহাকাব্যের অংশ, তাই কাব্যের ঘটনার ভাব রক্ষার্থে এই প্রলোভন-বাক্য বলা হইয়াছে। উহার যোগব্যাখ্যায় "ভোক্ষ্যসে মহীং" অর্থে—ইন্দ্রিয় যুদ্ধে জয়ী হলে পৃথ্বীতত্ত্ব বা মূলাধার ভেদ হইবে, কুণ্ডলিনী জাগ্রত হইবেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কহিলাম আত্ম-তত্ত্ব, হে পার্থ এখন
শুন কর্ম্মযোগ, যাবে সংসার-বন্ধন। ৩৯
ইহার আরম্ভে হানি বিফলতা নাই,
অল্পেতেই মৃত্যু ভয়ে ত্রাণ করে তাই। ৪০
কর্ম্মযোগে স্থিরবুদ্ধি এক ভিন্ন নয়,
অনন্ত সকাম বুদ্ধি বহুপথ ময়। ৪১
জ্ঞানহীন যাঁরা পার্থ, শুধু রত রন,
বেদের বাদানুবাদে, কামনায় মন,
স্বর্গ-সুখ সার জ্ঞান "আর তত্ত্ব নাই"—
মধুমাখা কথা হেন কহেন সদাই,
ফল-আশে মুগ্ধ যাঁরা শুনি যথা-তথা
স্বর্গ-সুখপ্রদ যত যজ্ঞাদির কথা,
আপাততঃ রমণীয় বিষ-লতা মত,
স্বর্গফল-কথা শুনি যাঁরা মোহগত,
ভোগে সুখে যাঁহাদের মন সদা ধায়
তাঁদের বণিক্ বুদ্ধি সমাধি না পায়। ৪২—৪৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সকাম কর্ম্মের ফল বেদেতে প্রকাশ,—
পরিত্যাগ কর পার্থ কর্ম্মফল আশ।
সুখ দুঃখে শীত তাপে সমভাবে থাক, *
চৈতন্য স্বরূপ ব্রহ্মে মন স্থির রাখ।
অলব্ধ পদার্থ লাভে লোভ নাহি রবে,
প্রাপ্ত বস্তু রক্ষা তরে ব্যস্ত নাহি হবে।
আসক্তি রহিত হবে সর্ব্ব অবস্থায়,—
কর্ম্মযোগ তত্ত্ব এই কহিনু তোমায়। ৪৫
সলিলে প্লাবিত হয় বসুধা যখন,
ক্ষুদ্র জলাশয়ে আর কিবা প্রয়োজন ?
সেইরূপ ব্রহ্মজ্ঞান হইয়াছে যাঁর,
বেদে প্রয়োজন আর নাহি থাকে তাঁর। ৪৬
কর্ম্মে তব অধিকার— কর্ম্মফলে নয়,
ফল আশে কর্ম্মে যেন প্রবৃত্তি না হয়। ৪৭

---

* নিত্য সুখের আশাতে অনিত্য মায়া-মোহের সুখ দুঃখে দৃক্‌পাত করিও না। দুদিনের দুঃখে দুঃখ কি ! চিরসুখ শেষে আছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কর্ম্ম ফলাফল সব ঈশ্বরেতে রাখি
কার্য্যসিদ্ধি অসিদ্ধি বা সম ভাবে দেখি
যোগস্থ হইয়া কর্ম্ম কর সমুদয়,
"সমত্বই" যোগ নামে উক্ত ধনঞ্জয়। ৪৮

নিকৃষ্ট সকাম কর্ম্ম জ্ঞান যোগ হ'তে,
কর্ম্ম-যোগে জ্ঞানাশ্রয় কর বিধি মতে
পাণ্ডুসুত, ঘৃণিত সে ফল-কা'মগণ,
কর্ম্ম-ফল ত্যজি কর্ম্ম- যোগে দেহ মন। ৪৯

জ্ঞানযুক্ত যোগী ভবে পাপপুণ্য ত্যাগী.
হও তাই জ্ঞানগর্ভ কর্ম্ম-যোগে যোগী,
কর্ম্মের যে সুকৌশল যোগ বলে তায়.
গুরুর নিকটে নরে জানিবারে পায়। ৫০

জ্ঞানিগণ কর্মফল কভু নাহি চান,
জন্ম বন্ধ মুক্ত হয়ে মোক্ষ পদ পান। ৫১

দেহ অভিমান ছাড়ি ভব বুদ্ধি যবে,
মোহের গহন দুর্গ অতিক্রমি যাবে,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তখন তোমার হবে বৈরাগ্য উদয়—
মনের বাসনা যত হইবে বিলয়,
সহজেই তুচ্ছ বোধ হবে সে সকল,
শুনেছ যা শুনিবে যা, কাম্য কর্ম্ম ফল। ৫২
শুনিয়া বেদের ব্যাখ্যা বিবিধ প্রকার,
কর্ম্মফল আশে বুদ্ধি চঞ্চল তোমার,
সেই বিচলিত বুদ্ধি অভ্যাস কারণ,
ঈশ্বরে নিশ্চল ভাবে থাকিবে যখন,
অন্য দিকে মন যবে নাহি যাবে আর,
তখন সে যোগ লাভ হইবে তোমার। ৫৩

অর্জ্জুন কহিলেন—

কেমন সে সমাধিস্থ "স্থিরবুদ্ধি জন ?
কেশব, কৃপায় কহ, কি তাঁর লক্ষণ ?
কিরূপ বচন তাঁর, কিরূপ বা স্থিতি ?
স্থিরবুদ্ধি মানবের কিরূপ বা গতি ? ৫৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanas

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীভগবান্ বলিলেন—

মনের কামনা যত করিয়া বর্জ্জন,
অন্তরে অন্তরে করি আত্ম দরশন,
আপনা আপনি তুষ্ট— আত্মারাম হ'লে,
তখন সে যোগিবরে "স্থিরবুদ্ধি" বলে। ৫৫
দুঃখে স্থির, সুখেতেও স্পৃহাশূন্য যিনি *
"রাগ-ভয়-ক্রোধহীন— স্থিরবুদ্ধি" তিনি। ৫৬
ইষ্ট বা অনিষ্ট হ'লে তুষ্ট রুষ্ট নয়, †
হেন অনাবদ্ধ জনে "স্থিরবুদ্ধি" কয়। ৫৭
শত্রু সমাগম জানি কচ্ছপ যেমন
আপন চরণ কর করে আকুঞ্চন,
তেমতি ইন্দ্রিয়গণে সংযত যে করে,
স্থিরবুদ্ধি বলা যায় সেই যোগিবরে। ৫৮

---

*নিত্য-সুখ লাভের জন্য অনিত্য জড়ীয় সুখে স্পৃহাশূন্য।
† মায়া মোহের তুচ্ছ ইষ্টানিষ্টে যাঁহার লক্ষ্য নাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অজ্ঞানী ইন্দ্রিয় কর্ম্মে বিরত যখন,
ইন্দ্রিয়ের কর্ম্ম শুধু থাকে না তখন,—
ভোগ অভিলাষ শূন্য তাহে নাহি হয়,
ইন্দ্রিয় আসক্তি মনে গুপ্ত ভাবে রয়,
কিন্তু সেই পরমাত্মা করিয়া দর্শন,
ভোগ বাঞ্ছা শূন্য হয় স্থিরবুদ্ধি মন। ৫৯
যত্নশীল মোক্ষার্থীরে করি পরাজয়
দুর্জ্জয় ইন্দ্রিয়গণ মন হরি লয়। ৬০
সংযত করিয়া সেই, ইন্দ্রিয় নিকরে,
আত্মা পরায়ণ যোগী অবস্থান করে—
দুরন্ত ইন্দ্রিয়গণ বশীভূত যার,
কুরুবীর, বুদ্ধি স্থির হইয়াছে তার। ৬১
বিষয়ে ভাবনা যার আসক্ত সে হয়,
আসক্তিতে অচিরাৎ কামনা উদয়,
কামনাতে ক্রোধ জন্মে যেই বাধা পায়,
ক্রোধে মোহ, মোহে ভ্রম, ভ্রমে বুদ্ধি যায়,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বুদ্ধি নাশে তুল্য হয় জীবন মরণ,
সংযত ইন্দ্রিয় ভোগ শান্তির সদন। ৬২—৬৪
সর্ব্ব দুঃখ যায়, হ'লে চিত্ত প্রসাদন,
স্থির-বুদ্ধি হয় শীঘ্র সুপ্রসন্ন মন। ৬৫
জিতেন্দ্রিয় নহে যে, সে আত্মবুদ্ধি হীন
আত্মধ্যান-শূন্য সেই থাকে চিরদিন।
ধ্যান শূন্য জনে শান্তি আশা করা বৃথা,
শান্তিহীন হৃদয়ের সুখ আছে কোথা? ৬৬
সমুদ্রে তুফান তুলি প্রচণ্ড পবন
যেমন ডুবায় তরি,— সেই রূপ মন
যে দুরন্ত ইন্দ্রিয়ের সাথে সাথে ধায়,
সে তারে সংসার নীরে অচিরে ডুবায়। ৬৭*

---

* ভাগবত দশম স্কন্ধানুবাদ, ব্রজাঙ্গনা গীতায় শরৎবর্ণন—
প্রতিদিন পরমায়ু হইতেছে ক্ষয়,
বুঝিছে না মায়াবদ্ধ মানব নিশ্চয়,
সেইরূপ জলাশয়ে ক্ষুদ্র মীনগণ
জানিছে না নিত্যজল কমিছে কেমন॥ (পর পৃঃ)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এ হেন ইন্দ্রিয় যায় হয় বশীভূত,
সকল বিষয়ে, তার বুদ্ধি প্রতিষ্ঠিত। ৬৮
সর্ব্বজীব দেখে যাহা নিশার মতন,
জিতেন্দ্রিয় জন তাহে করে জাগরণ,
সর্ব্ব জীব যে বিষয়ে থাকে জাগরিত
আত্মদর্শী মুনি তাহে থাকেন নিদ্রিত। *৬৯

শরতের সূর্য্যতপ্ত সরসীর নীর,
সন্তপ্ত শরীর মন হয়েছে অধীর
স্বল্প জলবাসী ক্ষুদ্র জলচর যত,
বিমূঢ় অজিতেন্দ্রিয় গৃহস্থের মত।

স্বল্প জলবাসী ক্রীড়ামত্ত মৎস্যের কর্দ্দমে পড়িয়া মরার ন্যায় ইন্দ্রিয়ক্রীড়ামত্ত মনুষ্য শেষে মৃত্যুশয্যায় পড়িয়া যন্ত্রনায় ছট্‌ফট্ করে।

* অধ্যাত্ম-রাজ্যে সাধারণ লোক অন্ধকার দেখিতেছে বলিতেছে—ধর্ম্ম আর নাই, কলিতে ধর্ম্ম গিয়াছে। কিন্তু সাধুগণ উহার উজ্জ্বল প্রকাশ দেখিতেছেন এবং সকলে যে বিষয়-কার্য্যে ব্যাপ্ত আছে সাধুগণের সে দিকে দৃষ্টিই নাই। শ্যামাবিষয়ের গানে আছে—

প্রভাতে ধরিয়ে হাতে কর্ম্ম পথে লও জননি,
তুমি মা যথার্থ দিবা এ দিবা ঘোর রজনী। (পর পৃঃ)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পূর্ণকায় অচঞ্চল অর্ণবে যেমন
নানা জল প্রবেশিয়া হয় নিগমন,
তেমনি কামনা স্রোত হৃদে যাঁর চলে,—
চিত্ত স্থির থাকে কিন্তু আত্মদৃষ্টি বলে,
শান্তি-ধন পান তিনি কুন্তীর কুমার,
কামনার দাস যেই শান্তি কোথা তার ? ৭০

মধুময়ী চণ্ডীতে আছে—কেহ দিবা-অন্ধ, কেহ নিশা-অন্ধ, কেহবা নিশিদিন সমান অন্ধ, কাহারও বা দিবা নিশি সমান দৃষ্টি—

দিন অর্থে আত্মজ্ঞান মোক্ষ প্রকাশক,
সংসারীরা অন্ধ তায়—দিবান্ধ পেচক।
নিশা অর্থে মায়া-মোহ তাহে দৃষ্টি নাই,
আত্মজ্ঞানীগণ সদা নিশা-অন্ধ তাই।
দুঃখ ক্লেশে মোহবশে কাষ্ঠমৌনী যাঁরা
নিশিদিন "অন্তর্বাহ্য" দুয়ে অন্ধ তাঁরা।
চৈতন্য সমাধিগত "সর্ব্ব ব্রহ্ম" যার,
দিবানিশি "অন্তর্বাহ্য" সমদৃষ্টি তাঁর।

(সুধাকর কৃত মধুময়ী চণ্ডী)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উপেক্ষিয়া কাম্য বস্তু অহঙ্কার হীন,
নিস্পৃহ মমতা শূন্য যিনি চিরদিন,
পুর্ব্ব কর্ম্ম বশে মাত্র ভোগাদিতে রত,
শান্তি সুখ লাভ তিনি করেন নিয়ত। ৭১
ব্রহ্মজ্ঞান-নিষ্ঠা এই শুন পার্থ বীর,
ইহা লভি শুদ্ধ-মন পুরুষ সুধীর
সংসারের মায়া মোহ দেন বিসর্জ্জন,
অন্তিমেও ইহাতেই পান ব্রহ্ম ধন। ৭২

তৃতীয় অধ্যায়—কর্ম্মযোগ।

অর্জ্জুন কহিলেন—

হে কেশব বুঝিলাম তব অভিপ্রায়—
কর্ম্ম হতে জ্ঞান-যোগ শ্রেষ্ঠ যদি হয়,
তবে কেন মোরে কৃষ্ণ ছাড়ি জ্ঞানযোগ,
ঘোরতর যুদ্ধ কর্ম্মে করিছ নিয়োগ ! ১
কভু কর্ম্মে, কভু জ্ঞানে প্রশংসিছ তুমি,
বিবিধ বচনে তব বিমোহিত আমি ;
শ্রেয়ো লাভ করি আমি যাহাতে এখন,
এমন একটি পথ কহ জনার্দ্দন। ২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanas

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীভগবান্ কহিলেন—

মোক্ষের সাধনে নিষ্ঠা দুই ভাবে হয়,
বলেছি তোমায় আমি পূর্ব্বে ধনঞ্জয়—
জ্ঞান-যোগে সেই নিষ্ঠা লভে জ্ঞানিগণ,
কর্ম্ম-যোগে যোগিগণ মোক্ষ-পরায়ণ। ৩
কর্ম্ম-অনুষ্ঠান বিনা কহিনু তোমারে,
কর্ম্ম শূন্য ভাব কেহ পায় না সংসারে,
কর্ম্মের আসক্তি পার্থ, নাহি যদি যায়,
শুধু কর্ম্ম ত্যাগে সিদ্ধি কেহ নাহি পায়। ৪
কর্ম্ম ছাড়ি ক্ষণ-কাল থাকা নাহি যায়,
স্বাভাবিক গুণে কর্ম্ম আপনি করায়। ৫
ইন্দ্রিয় সংযত রাখি, ইন্দ্রিয় বিষয়
স্মরণ যে করে মূঢ় কপটী সে হয়। ৬
ইন্দ্রিয় সংযত করি কর্ম্ম করে যেই,
অনাসক্ত শুদ্ধ-চিত প্রশংসিত সেই। ৭
অবশ্য কর্ত্তব্য যাহা কর সে সকল,
কর্ম্ম ত্যাগ হ'তে কর্ম্ম করাই মঙ্গল!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সর্ব্ব কর্ম্ম শূন্য হ'লে পার্থ, দিন দিন
জীবিকা নির্ব্বাহ ভবে হইবে কঠিন। ৮

ঈশ্বরের প্রীতি আর আরাধনা তরে,
সে সকল কর্ম্ম নরে অনুষ্ঠান করে,
তাহা ভিন্ন অন্য কর্ম্মে বন্ধন নিশ্চয়,
ঈশ্বরের তরে কর্ম্ম কর ধনঞ্জয়। ৯

যজ্ঞ সহ প্রজাগণে করিয়া সৃজন,
কহিলেন প্রজাপতি,— শুন প্রজাগণ
এ যজ্ঞে বর্দ্ধিত হোক আত্মা তোমাদের,
ইহাতে অভীষ্ট লাভ হোক সকলের। ১০

দেবগণ তুষ্ট হন যজ্ঞ অনুষ্ঠানে,
তোমরা সকলে যজ্ঞ কর মন প্রাণে;
এই যজ্ঞে কর সবে দেবতা বর্দ্ধন,
দেবগণ করিবেন মঙ্গল সাধন।
পরস্পর সংবর্দ্ধন হোক তোমাদের,
পরম মঙ্গল তাহে হবে সকলের। ১১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যজ্ঞেতেই পরিতৃপ্ত হ'লে দেবগণ,
করিবেন তোমাদের অভীষ্ট পূরণ।
দেব দত্ত দ্রব্য দেবে না করি অর্পণ,
ভোগ করে যেই, তার চৌর্য্য আচরণ। ১২*
যজ্ঞ-অবশিষ্ট ভাগ করিয়া ভোজন,
সর্ব্ব পাপ হ'তে মুক্ত হন সাধুগণ ;

---

* সূর্য্যের যেমন-অনন্ত কিরণ, ব্রহ্মের তেমনি অনন্ত শক্তি। কিরণ লইয়াই সূর্য্য সম্পূর্ণ, শক্তি লইয়াই ব্রহ্ম সম্পূর্ণ। ঐ সব শক্তিই দেবতা। সূর্য্য ও কিরণ এক। ব্রহ্ম-চৈতন্য ও দেব-চৈতন্য এক। কিরণহীন সূর্য্য নাই, দেব-শক্তিহীন ব্রহ্ম নাই।

দেব-দেবী মাত্রে ব্রহ্ম— যে জন না মানে,
হিন্দুধর্ম্ম-সুধাসিন্ধুর বিন্দু নাহি জানে। (পর পৃঃ)

ব্রহ্ম চৈতন্যটি সূর্য্যের ন্যায়, জীব-চৈতন্যটি উষার ন্যায়। উষা যদি সূর্য্যকে দেখে, তবে তার নিজের অস্তিত্ব লোপ হয়। ব্রহ্মকে দেখিলেও জীবের অস্তিত্ব লোপ হয়। সূর্য্যের পূর্ব্বাকাশের রক্তরাগটি উষা দেখিতে পায়। ব্রহ্মের যে সুন্দর চৈতন্য-ছটা তাই দেবতা, সেইটি জীবে দর্শন করিতে পারে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কিন্তু যারা পাক করে আপনার তরে ;
পাপই ভোজন সেই পাপিগণ করে। ১৩
অন্ন হ'তে সমুৎপন্ন জীব সমুদয়,
অন্ন জন্মে বৃষ্টি হ'তে যজ্ঞে বৃষ্টি হয় ; ১৪

সূর্য্যোদয়ের কেমন ঘটা। দেব দেবী সব ব্রহ্মের ছটা।
দেবতা যদি দেখতে চাও—স্থির বায়ুর মধ্যে যাও।
চিদাকাশে ধ্যানমগ্ন থাকেন যে ক্রিয়াবান,
আপনি দেবতা হয়ে দেবতা দেখিতে পান

(শ্যামাচরণ লাহিড়ী)

চর্ম্ম চক্ষুই শেষ নহে, আরও ভাল চক্ষু, ভাল দর্শন আছে। (মেহার মাহাত্ম্য ৮: পৃষ্ঠা) "ধ্যানস্থ সর্ব্বানন্দ অন্তরে দেখিলেন, দশদিক জ্যোতির্ম্ময়। ক্রমশঃ সেই জ্যোতিঃ-সমুদ্রের কেন্দ্র-দেশ ঘনীভূত। ক্রমশঃ সলিলে তুষারবৎ নিরাকারে সাকার সম্ভব। আদৌ সাকারের সাকার, অন্তে নিরাকারের সাকার। আদৌ জড়ের দ্বারা জড় গড়িয়া জড়-চক্ষুতে দর্শন ; অন্তে চৈতন্যের দ্বারা ঘন-চৈতন্য মূর্ত্তির আবির্ভাব করিয়া চৈতন্য-চক্ষুতে দর্শন।"

পঞ্চভূতের সূক্ষ্ম তন্মাত্রে চিত্ত প্রবেশ করিলেই বহু শক্তি সম্পন্ন সেই দেবলোক অনুভূত হইবে। শ্যামাচরণ লাহিড়ী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কর্ম্ম হ'তে যজ্ঞ হয়, বেদ হ'তে কর্ম্ম,
ব্রহ্ম হ'তে বেদ, তাই সর্ব্বব্যাপী ব্রহ্ম ; *
সর্ব্বদাই সেই ব্রহ্ম যজ্ঞে প্রতিষ্ঠিত, †
যজ্ঞান্ন গ্রহণে জ্ঞানী ব্রহ্মে নিয়োজিত ১৫

বলেন—

"মহাভূতের স্বল্পমাত্রে মানবের ক্ষমতা এত
মহাভূত পূর্ণায়ত্ব মহাপুরুষেরা যত।
তাঁদের ক্ষমতা কত তাঁরা কত শক্তিধারী।
কিবা না সম্ভবে তাঁদের মুক্তি যাঁদের দ্বারের দ্বারী।"

ব্রহ্মের শক্তিরূপ দেবতাকে পূজার পুষ্প নৈবেদ্য ও সুমধুর ফলাদি নিবেদন করিলে, দেবগণের চৈতন্য ও অন্তর্দৃষ্টি থাকায় তাঁহারা সেই সমুদায়ের মধুরতা অন্তর্দৃষ্টি দ্বারাই গ্রহণ করেন। তৎসঙ্গে ভক্তের অন্তর্ভাবও জানিতে পান। বস্তুর সূক্ষ্ম তন্মাত্রে দৃষ্টি দিলেই ভক্ত স্পষ্টই দেখিতে পান যে, প্রভাত সমীরণের পদ্ম-গন্ধ গ্রহণের ন্যায় গুণময় দেবতাও নিবেদিত দ্রব্যের মধুর ভাব গ্রহণ করিতেছেন—"ভাবগ্রাহী জনার্দ্দনঃ।"

* মূল শ্লোকে "ব্রহ্ম" অর্থে বেদ, "অক্ষর" অর্থে "ব্রহ্ম"।
† মূলে আছে "নিত্যং যজ্ঞে প্রতিষ্ঠিতম।" "যজ্ঞে প্রতিষ্ঠিত"

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এই চক্রে অন্নে ব্রহ্ম   না দেখে যে জন,
স্বেচ্ছাচারী পাপময়   বৃথা সে জীবন। ১৬

আত্মাতেই রতি মতি   তৃপ্তি যাঁর হয়,
তাঁহার কর্ত্তব্য কিছু   নাহি ধনঞ্জয়, ১৭

করিলেও কোন কর্ম্ম   পুণ্য নাহি তাঁর,
না করিলে, বহিতে না   হয় পাপ ভার।
ঐহিক বা পারত্রিক   কোন বিষয়েতে,
কাহারো আশ্রয় তিনি   না লন জগতে। ১৮

তাই বলি, ফলাসক্তি   করিয়া বর্জ্জন,
অর্জ্জুন, কর্ত্তব্য কর্ম্ম   কর সর্ব্বক্ষণ।

বলার সার্থকতা কি ? অন্নের কথাই হইতেছিল, তাই অন্নে প্রতিষ্ঠিত বলাই উচিত ছিল। বস্তুতঃ তাহাই বলা হইয়াছে; যজ্ঞে প্রতিষ্ঠিত বলাতেই যজ্ঞাবশিষ্ট অন্নেও প্রতিষ্ঠিত বলা হইল। এই জন্য নিবেদিত যজ্ঞান্নই গ্রহণীয়। অনিবেদিত অন্ন গ্রহণ চৌর্য্য আচরণ। এই অর্থে পূর্ব্ব শ্লোকের সহিত মিল থাকিল। "ক্রিয়ার" শেষভাগই যজ্ঞাবশিষ্ট অন্ন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনাসক্ত চিত্তে করি কর্ম্ম অনুষ্ঠান
সহজে মানবগণ মোক্ষ পদ পান। ১৯*
পুরাকালে, শুন পার্থ জনকাদি সবে
কর্ম্ম-যোগে জ্ঞান লাভ করিলেন ভবে।
যাহাতে সধর্ম্মে রত হয় এ সংসার,
হেনরূপে কর্ম্ম করা কর্ত্তব্য তোমার। ২০
এ সংসারে যাহা কিছু করে শ্রেষ্ঠ জন,
তাহা দেখি কর্ম্ম করে লোক সাধারণ—
যাহাই কর্ত্তব্য স্থির করে শ্রেষ্ঠ জনে,
অবাধে তাহাই করে অন্য লোক গণে। ২১
অর্জ্জুন, কিছুই নাই কর্ত্তব্য আমার,
ত্রিলোকে অপ্রাপ্ত মম কিবা আছে আর?
পাইতে হইবে হেন বস্তু কিছু নাই,
তথাপি কর্ম্মেতে আমি প্রবৃত্ত সদাই। ২২
অনলস ভাবে আমি শুন মতিমান,
নাহি যদি করি সদা কর্ম্ম অনুষ্ঠান,

---

* তাই স্বেচ্ছাসেবকের নিঃস্বার্থ পরসেবা-ব্রতও কতকাংশে মুক্তিপ্রদ। "বিসর্গঃ কর্ম্মসংগিতঃ"।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তবে সর্ব্বলোক করি আমায় দর্শন,
সর্ব্বথা আমার পথে করিবে গমন। ২৩
আমি কর্ম্ম না করিলে নিখিল সংসার
বিনষ্ট হইবে কর্ম্ম করি পরিহার,
কর্ম্ম লোপে ধর্ম্ম লোপ বর্ণ লোপ তায়,
আমা হ'তে লোক নষ্ট জাতি ভ্রষ্টতায়!
আমি কর্ম্ম না করিলে, পার্থ দিন দিন,
আমিই সকল প্রজা করিব মলিন। ২৪
সর্ব্বদা আচরে কর্ম্ম অজ্ঞানী যেমন
অনাসক্ত জ্ঞানী কর্ম্ম করিবে তেমন,—
স্বধর্ম্মে করিতে রত সর্ব্ব সাধারণে,
সর্ব্বদা করিবে কর্ম্ম মুক্ত জ্ঞানি গণে। ২৫
করিবে না জ্ঞান-তত্ত্ব কহিয়া কেবল,
কর্ম্মাসক্ত নির্ব্বোধের বুদ্ধি বিশৃঙ্খল,
আপনি করিয়া কর্ম্ম জ্ঞানি জন ভবে
করিবেন কর্ম্মে রত অজ্ঞান মানবে। ২৬*

*কর্ম্ম যেন কেহ না ছাড়ে। যুবকেরা ব্রহ্ম-জ্ঞান শুনিলেই কর্ম্ম ছাড়েন, মহাদোষ। ১৬ অঃ, ২৪ শ্লোকের টীকা দেখ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রকৃতির গুণ এই ইন্দ্রিয় সকল
সর্ব্ব কর্ম্ম সম্পাদন. করিছে কেবল,
অহঙ্কারে জ্ঞানহীন মায়া মুগ্ধ নর
"আমিই কর্ম্মের কর্ত্তা" ভাবে নিরন্তর। ২৭
সত্ত্ব রজঃ তমো গুণে আত্মা লিপ্ত নয়,
আত্মা কভু নাহি করে কর্ম্ম সমুদয়,—
গুণ আর কর্ম্ম হতে আত্মার ভিন্নত্ত
জানেন যে জন, তাঁর অভিমান কোথা ?
"ইন্দ্রিয় কর্ম্মেতে রত— আমি রত নয়"
এই জানি হয় তাঁর অহঙ্কার লয়। ২৮
প্রকৃতির গুণে হায়, হয়ে জ্ঞান হারা
ইন্দ্রিয়ে আসক্ত সদা হইয়াছে যারা,
সে অজ্ঞান মন্দমতি মানবের মন
করিবে না বিচলিত সর্ব্বজ্ঞ যে জন। ২৯*
আমাতেই সর্ব্ব কর্ম্ম করি সমর্পণ,
আত্মায় স্থাপন করি অবিচল মন,

* ইন্দ্রিয়াসক্ত ব্যক্তিকে কথনও উচ্চজ্ঞান নির্গুণ ব্রহ্মতত্ত্ব বলিবে না—দোষ কি ? কর্ম্ম ছাড়িবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কামনা মমতা শোক পরিত্যাগ করি,
কর এই রিপু-যুদ্ধ কৌরব-কেশরী। ৩০

মম বাক্যে শ্রদ্ধাবান দোষ দৃষ্টিহীন
যাহারা এরূপে কর্ম্ম করে চিরদিন,
কর্ম্ম-বন্ধ হ'তে মুক্ত তাহারাই হয়—
কর্ম্ম করিয়াও তারা কর্ম্মে বদ্ধ নয়। ৩১

কিন্তু যারা দোষ দৃষ্টি করিয়া তাহাতে,
কর্ম্ম অনুষ্ঠান নাহি করে হেন মতে,
বিবেক-বিহীন সেই সকল মানব
জ্ঞান-ভ্রষ্ট নষ্ট ভবে জানিবে পাণ্ডব। ৩২

জ্ঞানীরাও আপনার প্রকৃতি যেমন
সেইরূপ কর্ম্ম সদা করে আচরণ;
আপন প্রকৃতি বশে প্রাণিগণ চলে,
কি হবে ইন্দ্রিয় চাপি, নিষ্কাম না হলে? ৩৩

আপনার লাভে দৃষ্টি আছে ইন্দ্রিয়ের—
অনুকূলে অনুরাগ হয় তাহাদের;

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanas

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রতিকূলে যে সকলে লাভ নাহি পায়,
বিদ্বেষে ইন্দ্রিয় সব সে দিকে না যায় ;
আসিও না এ ভাবের বশে মহাভাগ,
মুক্তির বিরোধী এই দ্বেষ অনুরাগ। ৩৪
সর্ব্বাঙ্গ সুন্দর, পার্থ, পর ধর্ম্ম হ'তে
অঙ্গহীন স্বীয় ধর্ম্ম শ্রেষ্ঠ এ জগতে।
স্বধর্ম্মে নিধন শ্রেয়ঃ শুন ধনঞ্জয়,
পরধর্ম্মে সর্ব্বদাই আছে মহা ভয়। ৩৫*

অর্জ্জুন কহিলেন—

পাপের বাসনা মনে যদিও না করে,
তথাপি বলেতে যেন ধরি পুরুষেরে
পাপ-পথে নিয়োজিত করে কোন্ জন ?—
কৃপা করি কহ মোরে কংস নিসূদন। ৩৬

শ্রীভগবান কহিলেন—

রজো গুণে জন্মে মনে "কামনা" দুর্জ্জয়
কামনায় বাধা হ'লে ক্রোধের উদয়—

*যোগ-ব্যাখ্যা স্বধর্ম্মই আত্মার ধর্ম্ম, পর-ধর্ম্মই ইন্দ্রিয় ধর্ম্ম।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সেই কাম, ধনঞ্জয় ধরি পুরুষেরে,
বল করি পাপ-পথে আকর্ষণ করে। ৩৭
ধূমরাশি রাখে যথা বহ্নি সমাবৃত,
জরায়ুতে গর্ভ যথা, থাকে আবরিত
মলিনতা ঢাকে যথা, বিমল দর্পণ,
কামনায় আত্মজ্ঞান আচ্ছন্ন তেমন। ৩৮
জ্ঞানীর সতত শত্রু নিত্য অপূরণ
কামনাই করে দিব্য জ্ঞানে আচ্ছাদন। ৩৯
মন বুদ্ধি ইন্দ্রিয়েতে কামনার স্থান,
তাই সে তাদের দিয়া আচ্ছাদিয়া জ্ঞান,
ইন্দ্রিয়ের ছলনায় ভুলাইয়া নরে,
বিষয় বাসনা দিয়া বিমোহিত করে। ৪০
তাই আগে সাম্য করি ইন্দ্রিয় নিচয়
পাপরূপী সে কামনা কর পরাজয়;
সেই করে—মানবের হৃদে করি বাস—
শাস্ত্র-জ্ঞান আত্মজ্ঞান উভয় বিনাশ। ৪১
দেহ হতে শ্রেষ্ঠ, পার্থ ইন্দ্রিয় সকল,
ইন্দ্রিয় অপেক্ষা শ্রেষ্ঠ, মনই কেবল,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মন হ'তে বুদ্ধি শ্রেষ্ঠ, কুন্তীর কুমার,
বুদ্ধি হ'তে শ্রেষ্ঠ যিনি আত্মা নাম তাঁর ॥ ৪২
হেনরূপে মহাবাহো, আত্মাকে জানিয়া,
স্থিরবুদ্ধি বশে মন নিশ্চল করিয়া,
দুর্জ্জয় সে কামশত্রু কর পরাজয় !—
কর্ম্মযোগ-গূঢ়তত্ত্ব এই ধনঞ্জয় । ৪৩*

---

* এই ত যুদ্ধ । জগতের দার্শনিকগণ ও ভারতের আবাল বৃদ্ধ বনিতা এক্ষণে জিজ্ঞাসা করিতেছেন—গীতা জিনিসটা কি ?

গঙ্গা, যমুনা, সরস্বতী মিলিত হইয়া যেমন ত্রিবেণী সঙ্গম হইয়াছে, তেমনি জ্ঞান, ভক্তি ও কর্ম্মের ত্রিধারা মিলিত হইয়া গীতা হইয়াছে ! মানব-মনের পূর্ণতা লাভের পথে এই তিনটি ধারাই অতি আবশ্যক । তাই গীতা ত্রিতাপ-হরণের ত্রিবেণী সঙ্গম । তিনটি কেশগুচ্ছ যেমন ওতঃপ্রোতভাবে জড়িত হইয়া কুন্তল-বেণী সৃজন করে, তেমনি জ্ঞান, ভক্তি ও কর্ম্ম জড়িত হইয়া গীতা সৃজন করিয়াছে । মানব-জীবনেও ঐ জ্ঞান-ভক্তি-কর্ম্ম ওতঃপ্রোতভাবেই চলিবে । বেদান্ত দর্শন দেশকে জ্ঞান-সর্ব্বস্ব করিয়াছিল, ভাগবতের দশম স্কন্ধ দেশকে ভক্তি-সর্ব্বস্ব করিয়াছিল । কর্ম্মহীনতায় অন্নহীন হওয়ায়,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পণ্ডিতগণ ও ভক্তগণের সহিত দেশ অবসন্ন হইতে লাগিল। অনেক লোক ধর্ম্মান্তর গ্রহণ করিতে লাগিলেন। তদ্দর্শনে একটি প্রবল উপনিষদের দল উঠিয়া শিক্ষা দিতে লাগিলেন —"জ্ঞানভক্তি কর্ম্মযোগের একত্রে কর সাধন।" এই দল পরধর্ম্ম গ্রহণ পথে যুবকগণকে বাধা দিলেন। কিন্তু এই দলের সমাজ-বন্ধন বিপরীত হওয়ায়, হিন্দু-সমাজ ছাড়িয়া যুবকেরা ধর্ম্মান্তরিত হইতে লাগিলেন। শীতের বিশীর্ণ তরুলতার ন্যায় হিন্দু নরনারী শুষ্ক শীর্ণ হইয়া আসিতেছিল, এমন সময় সুপ্রভাতে বসন্ত বায়ু মৃদু মৃদু বহিতে লাগিল। তখন পুণ্যময় কাশীধামে দুই একটি কোকিল, দুই একটি পাপিয়া কেবল তান ছাড়িয়াছে—গীতা! গীতা!! গীতা!!! বসন্তের প্রাণ জুড়ান কুহুধ্বনি শ্রবণে লোক তখন জাগিতেছে। ক্রমে বালক বালিকা ঐ কুহুধ্বনির অনুকরণে বলিতে লাগিল—গীতা! গীতা!! গীতা!!! এইবার স্বয়ং ভগবান পদ্মহস্ত উত্তোলন করিয়া বলিলেন—গীতা মে হৃদয়ং পার্থ, গীতা মে পরমা গতিঃ।" আমেরিকার একটি পুরুষ আর রুশিয়ার একটি রমণী ভারতে আসিয়া হিমালয় পর্ব্বতে কাণ পাতিয়া বসিয়াছিলেন, তাঁহারা ঐ দৈববাণী শুনিতে পাইলেন। তখন দুইজনে দুইখানি গীতা মস্তকে ধারণ করিয়া আসিয়া শিক্ষা দিতে লাগিলেন—গীতা কণ্ঠস্থ কর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আর সদ্‌গুরুর নিকটে সাধন শিক্ষা কর! যুবকদল গীতা কণ্ঠস্থ করিয়া দেখিলেন ভগবান বলিতেছেন—"নিয়তং কুরু কর্ম্মাণি সঙ্গং ত্যক্ত্বা ধনঞ্জয়।" নিয়ত কর্ম্ম কর। গীতা বলেন, "নিষ্কাম কর্ম্মই কর্ম্ম. আর বলেন, "যে কর্ম্ম করিলে হয় আত্মার পতন, করিও না হেন কর্ম্ম কুন্তীর নন্দন।" গীতা সংসার কর্ম্মকেও কর্ম্ম বলিয়াছেন, কিন্তু "কর্ম্ম কর সমর্পিয়ে কর্ম্মফল নারায়ণে।" আত্মাতে (শ্বাস-চৈতন্য) লক্ষ্যভ্রষ্ট হইলেই আত্মার পতন নিশ্চিত। তাই আত্মার দর্শনে "আত্মা-বিশ্বাস ও আত্ম-নির্ভর" যখন জ্বলন্তভাবে জাগিয়া উঠে, তখন কর্ম্মের জোর ও কর্ম্মোৎসাহ দশগুণ বৃদ্ধি পায়। মায়ার আসক্তি যোগে কর্ম্ম না হইয়া ভক্তিযোগে কটাক্ষে কর্ম্ম নির্ব্বাহ হইতে থাকে। ধনের উপর নির্ভর না করিয়া তখন আত্মদর্শিগণ সেই অনন্তশক্তি আত্মার উপরেই নির্ভর করেন। ধনের দ্বারা কি সুখ শান্তি হয়? না আত্ম-রক্ষাই হইতে পারে? আত্মসুখ ও আত্মরক্ষার জন্য আত্মাই যথেষ্ট। অহো অন্ধের নিকট সবই অন্ধকার। প্রথম হইতে শেষ পর্য্যন্ত কর্ম্মকে ঠিক রাখিয়া জ্ঞান-ভক্তির সোপানে উত্থিত হও। ঐ ভাবে কর্ম্ম করিলেই নৈষ্কর্ম্ম্য বা মুক্তি অনিবার্য্য। কর্ম্মযোগের গূঢ়তত্ত্বই এই—মায়ার আসক্তি ছাড়িয়া "ঈশ্বরার্থে কর্ম্ম করে, কর্ম্ম পায় লয়।"

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi
PRESENTED

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চতুর্থ অধ্যায়—জ্ঞানযোগ।

ভগবান্ কহিলেন—

এই যে অক্ষর-যোগ শুনিলে যা তুমি,
অর্জ্জুন, সূর্য্যকে পূর্ব্বে বলিয়াছি আমি ;
স্বপুত্র মনুকে সূর্য্য কহিলা সাদরে
পুত্র ইক্ষ্বাকুকে মনু বলিলেন পরে। ১

এইরূপে ক্রমে ক্রমে রাজ ঋষিগণ
পরম্পরা-প্রাপ্ত যোগ অবগত হ'ন
এ ভবে কৌরব-রবি, ক্রমে কাল-বশে
সেই যোগ হইয়াছে, নষ্ট অবশেষে। ২

আমার পরম ভক্ত, সখা তুমি মম,
তাই সেই পুরাতন যোগ নিরুপম
কহিনু তোমায় আজি, নাহি কহি সবে—
এই গূঢ়তত্ত্ব সখে সর্ব্বোত্তম ভবে। ৩

অর্জ্জুন কহিলেন—

পূর্ব্বেই সূর্য্যের জন্ম, তব জন্ম পরে,
সূর্য্যকে কহিলেন কৃষ্ণ যোগ কি প্রকারে ? ৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীভগবান্ কহিলেন—

তোমার আমার পার্থ, বহু জন্ম গত,—
সে সব না জান তুমি আমি অবগত। ৫
জন্মহীন অবিনাশী সর্ব্বভূতেশ্বর
হইয়াও আমি দেখ পার্থ ধনুর্দ্ধর,
স্বীয় প্রকৃতিরে ধরি আত্মমায়া-বলে,
আসিয়া উদ্ভব ভবে হই সুকৌশলে। ৬
ধর্ম্ম হানি, পাপ বৃদ্ধি যখন যখন,
আবির্ভূ'ত হই আমি, অর্জ্জুন তখন। ৭
সাধুদের পরিত্রাণ দান করিবারে,
পাপীদের ধ্বংস-নীতি সাধনের তরে,
ধনঞ্জয়, ধর্ম্ম-ধন স্থাপন করিতে,
যুগে যুগে অবতীর্ণ হই অবনীতে। ৮
হেন জন্ম, কর্ম্ম মম যথার্থ যে জানে,
আমাকেই পায় পার্থ, দেহ অবসানে। ৯
রাগ-ভয়-ক্রোধ-হীন আত্ম-পরায়ণ
আমার আশ্রয়ে জ্ঞান তপে শুদ্ধ মন,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এমন অনেক জন পাপশূন্য যারা,
যথার্থ আমার ভাব পাইয়াছে তারা। ১০

যে ভাবে যে জন করে ভজন আমায়,
সেই ভাবে অনুগ্রহ করি আমি তায়।
সকাম নিষ্কাম পূজা যে করে যেমন,
সর্ব্বথা আমার পথে করে আগমন। ১১

ইহলোকে কাম্য কর্ম্মে, সিদ্ধি চায় যারা,
দেব পূজা করে, মুক্তি নাহি পায় তারা;
নিষ্কাম কর্ম্মেতে মুক্তি হয় সুনিশ্চয়—
অক্ষয় পরমা শান্তি সত্বর উদয়। ১২

গুণ আর কর্ম্ম দেখি করিয়া বিভাগ
ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র—চারি ভাগ,
এই চারি বর্ণ আমি করেছি ধরায়,
কর্ত্তা হইয়াও আমি লিপ্ত নাহি তায়। ১৩

কর্ম্মেতে আসক্তি মম নাহি ধনঞ্জয়,
কর্ম্ম ফলে কোন কালে স্পৃহা নহি হয়,—
এই রূপ ভাব মম অবগত যিনি,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanas

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কর্ম্ম করি কর্ম্মে বদ্ধ নাহি হন তিনি। ১৪*

এরূপ কর্ম্মের ভাব জানি অনুক্ষণ,
পুরাকালে যোগী যত মোক্ষ-পরায়ণ,
তাঁহারাও করেছেন কর্ম্ম সমুদয়,
তুমিও এখন তাই কর ধনঞ্জয়—
সেই রূপ কর্ম্ম কর, করিলা যেমন
জনকাদি পূর্ব্বতন মহা ঋষিগণ ১৫ †

---

* জনকাদির ন্যায় আত্মদৃষ্টির দ্বারা আসক্তিহীন হইলে তখন যাগ যজ্ঞই কর, কিংবা প্রমোদ উদ্যানে প্রমদাগণের সহিত পুষ্পদোলায় দোলিতই হও, চিত্ত আর কিছুতেই ক্ষীণ হইবে না। সততই,চিত্ত নিত্যসুখে চিদানন্দ থাকিবে।

† ঈশ্বর জাগেন মনে যে কর্ম্মে কেবল,
সে কর্ম্মই কর্ম্ম আর কুকর্ম্ম সকল।

জীবন্মুক্তগণ সংসার ব্যবহারে রত থাকিয়াই শ্বাস-চৈতন্যে ও আকাশ-চৈতন্যে মনের লক্ষ্য স্থির রাখিয়া থাকেন। জীবন্মুক্ত প্রহ্লাদ অমৃত জ্ঞান লাভ করিয়াও পাতালে দৈত্য কার্য্যে নিযুক্ত ছিলেন। প্রবুদ্ধ বৃহস্পতি দেবকার্য্য করিতেন। ব্রহ্মাও জীবন্মুক্ত অবস্থায় থাকিয়া ব্রহ্মাণ্ড সৃজনে বিরত হন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কি বা কর্ম্ম, কি অকর্ম্ম পণ্ডিত সকল
না পারি করিতে স্থির, বিহ্বল কেবল।
যে কর্ম্ম জানিলে হবে বিমুক্ত-বন্ধন,
সে কর্ম্ম তোমায় পার্থ, বলিব এখন। ১৬
'কর্ম্মই' নিষ্কাম কর্ম্ম— বুঝা চাই তারে,
'বিকর্ম্ম' কর্ম্মের ত্যাগ, বুঝিবে সংসারে,
'অকর্ম্ম'—সকাম যাহা করে জ্ঞানহীন,

নাই। ভগবান স্বয়ং মুক্তিস্বরূপ হইয়াও চিরদিন অখিল পালনে আলস্য করেন না। চিদানন্দময় হরও প্রাণময়ী গৌরীকে অর্দ্ধাঙ্গে ধারণ করিয়াছেন। মুক্তিরূপা পার্ব্বতীও ত্রিলোচনের প্রেম-বন্ধনে বদ্ধ হইয়াছেন। জীবন্মুক্ত নারদও সতত কলহ-প্রিয় হইয়া ত্রিলোক ভ্রমণ করিতেছেন। মহামুনি বিশ্বামিত্র ব্রহ্মজ্ঞানে পরিপূর্ণ হইয়াও যজ্ঞ তপস্যায় বিরত হন নাই। মহা তেজস্বী সূর্য্য নিজ-কর্ত্তব্যরূপ দিন-প্রকাশে ক্ষান্ত হন নাই। মৃত্যুরাজও তাঁহার ধ্বংসনীতি অদ্যাপি পরিত্যাগ করেন নাই। তবে আমি কেন ব্যবহার-বিরত হইয়া কর্ম্ম ত্যাগ করিব? কর্ম্মত্যাগী অলস ব্যক্তিকে ধিক্ —ইহাই গীতার কর্ম্ম-রহস্য। (সুধাকর কৃত "অমৃত")

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নিগূঢ় কর্ম্মের গতি বুঝিতে কঠিন। ১৭
কর্ম্মেতে অকর্ম্ম যেই করে দরশন,
অকর্ম্মেতে কর্ম্ম আর দেখে যেই জন,
সেই বুদ্ধিমান ভবে জ্ঞান অধিকারী,
সর্ব্ব কর্ম্ম করিয়াও নির্লিপ্ত সংসারী,—
ব্রহ্মে থাকি কর্ম্ম করে নিষ্কাম ধীমান্
কর্ম্মাকর্ম্ম তার কাছে সকলি সমান। ১৮ *

কামনা সঙ্কল্প হীন সর্ব্ব কর্ম্ম যাঁর,
জ্ঞানানলে কর্ম্ম দগ্ধ হইয়াছে আর,
পণ্ডিত বলেন তাঁকে জ্ঞানবান্ সবে,
পাণ্ডব, পণ্ডিত তিনি যথার্থই ভবে—১৯

---

* জড়াতীত নির্ম্মল অখণ্ড চৈতন্যই ব্রহ্ম। সেই চৈতন্যে মনোদৃষ্টি নিবদ্ধ রাখিয়া যিনি সংসার কর্ম্ম করেন, তাঁহাকেই নিষ্কামকর্ম্মী বলে। সেই নিষ্কাম-কর্ম্মীর কাছে কর্ম্মাকর্ম্ম সবই সমান। তিনি যে মন্দ কর্ম্মও করেন, এরূপ বুঝিতে হইবে না। তাঁহার স্বভাবে মন্দ আসাই অসম্ভব। শুদ্ধ চৈতন্যের দিকে মন থাকাতে ভাল মন্দের ফলাফলের দিকে তাঁহার মোটেই লক্ষ্য থাকে না, এই বলাই উদ্দেশ্য।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নিত্য তৃপ্ত নিরাশ্রয় ফলাকাঙ্ক্ষা-ত্যাগী,
কর্ম্ম করিলেও নহে কর্ম্মফল ভাগী। ২০
নিষ্কাম সংগ্রহ-ত্যাগী সংযমী যে জন,
দেহ রক্ষা হেতু কর্ম্মে পাপী নাহি হন। ২১*
সামান্যে সন্তুষ্ট আর ভেদ-জ্ঞানহীন, ;
সিদ্ধি অসিদ্ধিতে হর্ষ বিষাদ বিহীন,
শত্রু শূন্য সদা যিনি, পাণ্ডুর নন্দন,
সর্ব্ব কর্ম্ম করিয়াও বদ্ধ নাহি হন। ২২
নিষ্কাম, জ্ঞানস্থ, মুক্ত সাধু সদাশয়
ঈশ্বরার্থে কর্ম্ম করে কর্ম্ম পায় লয়।২৩
যজ্ঞ-পাত্রে ঘৃতে যাঁর ব্রহ্ম বোধ হয়,
ব্রহ্মাগ্নিতে ব্রহ্ম হোম— দেখে ব্রহ্মময়,
ব্রহ্মলাভ হয় তাঁর ব্রহ্মে লক্ষ্য রাখি,
সর্ব্বদাই ব্রহ্ম কর্ম্ম— সমাধিতে থাকি। ২৪*

---

* সত্ত্বশালী চিত্তে হোক কর্ম্ম আন্দোলন,
প্রশান্ত সাগরে যথা ধীর আবর্ত্তন (চূড়ালা)

* "কর্ম্ম ব্রহ্ম" জানিয়া সেই ব্রহ্ম-চৈতন্যে সাধুগণের মন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanas

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দৈব যজ্ঞ করে কেহ, করে কোন জন—
ব্রহ্মানলে মন্ত্র বলে যজ্ঞ সম্পাদন ; ২৫
কোন কোন যোগী পার্থ, বসি হোম করে,
সংযম অনলে ফেলি ইন্দ্রিয় নিকরে ,
কেহ কেহ শব্দ স্পর্শ— ইন্দ্রিয় বিষয়
ইন্দ্রিয়েতে রাখি মাত্র অনাসক্ত হয়। ২৬
ইন্দ্রিয়ের যে যে কর্ম্ম সেই সমুদয়,
প্রাণবায়ু যোগে আর যে যে কর্ম্ম হয়,
সমস্ত অর্পণ কেহ করে সুকৌশলে,

সমাধিস্থ হয়। বশিষ্ঠদেব বলেন—অহং-বাসনা শূন্য হওয়াই উত্তম সমাধি। জড়তা লাভের নাম সমাধি নহে। উহা মূর্খতা, "জড়তা মূর্খতা জুঠল আর—উঠল শোকের হাহাকার"। সাধন কালে দারাপুত্র-সুখ-সম্ভোগে মত্ত হইলে লক্ষ্য স্থির থাকে না কিন্তু ভোজনাদি ব্যাপারে চৈতন্যে লক্ষ্য রাখা যায়। মুনি ঋষিগণ সংযতচিত্ত হওয়াতে দারাপুত্র লইয়া চিং-চৈতন্যে লক্ষ্য স্থির রাখিয়াছেন। শুদ্ধ চৈতন্যকে চিৎ বলে। সৃষ্টির নাম স্পন্দবতী চিৎ। এই সংসার আত্মমধ্যে চিৎ চমৎকার।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জ্ঞানের প্রভাবে আত্ম সংযম অনলে। ২৭
দান তপে রত কেহ, কেহ যোগী হয়,
সুসংযত যতি যত ব্রহ্মজ্ঞান ময়। ২৮
নিশ্বাসের উর্দ্ধগতি— 'প্রাণ' বলে তায়, *
'অপান' নামেতে শ্বাস অধোদিকে ধায়—
উর্দ্ধ অধোগতি স্থির হয় যে ক্রিয়ায়,
অপূর্ব্ব সে ক্রিয়া বলে প্রাণায়াম তায়;
প্রাণেতে অপান, কেহ অপানেতে প্রাণ
পূরকে রেচকে করি আদান প্রদান,
হেন প্রাণায়াম কেহ আচরণ করে,
ইন্দ্রিয়-সংযমে কেহ প্রাণে প্রাণ ধরে। ২৯

---

* প্রাণবায়ু দেহের অন্তরে বাহিরে বাষ্পের ন্যায় উর্দ্ধ দিকে উঠিতেছে। অপান বায়ু দেহের অন্তরে বাহিরে জলের ন্যায় অধোদিকে বহিতেছে। হৃদয় হইতে উদয় হইয়া বাহিরে দ্বাদশ অঙ্গুলির শেষে গিয়া শ্বাসের যে স্থির ভাব ধারণ তাহাই যথার্থ 'প্রাণ'। আর হৃদয়ের ঐ বাহ্য দ্বাদশ অঙ্গুলি স্থানের শেষ হইতে উদয় হইয়া হৃদয়ের মধ্যে আসিয়া শ্বাসের যে স্থির ভাব ধারণ, তাহাই স্থির অপান। প্রাণের গতি লয় হইয়া,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যজ্ঞ করি পাপ শূন্য হেন সাধুগণ
করেন যজ্ঞের শেষ অমৃত গ্রহণ ; *
যজ্ঞফল সে অমৃত লভি সযতনে,
প্রাপ্ত হন সনাতন পরব্রহ্ম ধনে। ৩০
কি কহিব—যজ্ঞ-হীন মানবের কথা,
ইহ লোক নষ্ট তার— পরলোক কোথা ? ৩১
ব্রহ্মজ্ঞের মুখে ব্যক্ত বহু যজ্ঞ বিধি,
কর্ম্মের সাধন তাহা কুরু কুল নিধি,—
হেন জানি জ্ঞান নিষ্ঠ হইবে যখন,
সংসার বন্ধন তব ঘুচিবে তখন। ৩২
জ্ঞান-যজ্ঞ শ্রেষ্ঠ, পার্থ দ্রব্য-যজ্ঞ হ'তে
জ্ঞানেতেই কর্ম্ম শেষ জান ভালমতে। ৩৩

অপানের গতি না হইতেই যে মাহেন্দ্রক্ষণ, সেই সন্ধিক্ষণেই জীবের লয় ও বিদেহ মুক্তির ভাব স্পষ্ট লক্ষিত হয়। ঐ স্থির প্রাণে থাকিয়া আমি চিরজীবি হইয়াছি।

(বশিষ্ঠের প্রতি ভূশুণ্ড নির্ব্বাণ, পূর্ব্ব ২৫ সর্গ)

* প্রাণায়ামকে প্রাণ যজ্ঞ বলে। ঐ যজ্ঞের শেষ স্থিতি-পদ।— শ্বাস সুদীর্ঘ সুস্থিরকর। শ্বাসরোধ-কুম্ভক বিপজ্জনক।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তত্ত্বদর্শিগণে তুমি প্রণিপাত করি,
সেবা কর তাঁহাদের আজ্ঞা শিরে ধরি ;
জিজ্ঞাস সন্দেহ যত অন্তরে উদয়,
তত্ত্ব উপদেশ তাঁরা দিবেন নিশ্চয়। ৩৪
সেই জ্ঞান অবগত হলে একবার,
পুনঃ হেন মোহ পার্থ হবে না তোমার ; *
আত্মাতে—আমাতে শেষে জ্ঞানের নয়নে,
দেখিবে অশেষ রূপে— সর্ব্ব ভূত গণে। ৩৫
সর্ব্ব পাপী হতে যদি হও পাপাচার,
জ্ঞান-তরি ধরি যাবে পাপার্ণব পার। ৩৬
জ্বলন্ত অনল যথা কাষ্ঠ করে ক্ষয়,
জ্ঞানানলে সর্ব্ব কর্ম্ম ভস্মীভূত হয়। ৩৭
পবিত্র কিছুই নাই জ্ঞানের সমান,

* ভূতল-চন্দ্র সাধুগণ পদতল স্পর্শে ধরাতল সুশীতল করেন।
তাঁহারা মানব নহে দেবতা সকল,
অবনীতে অবতীর্ণ সাধিতে মঙ্গল।
তত্ত্বজ্ঞের সেবা করি প্রশ্ন কর তাঁয়—
তাতেই ত্রিতাপ জ্বালা জুড়াইয়ে যায়। (চূড়ামণি)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কর্ম্ম-যোগী যথা কালে পান আত্ম জ্ঞান। ৩৮
শ্রদ্ধাবান্ জিতেন্দ্রিয় একনিষ্ঠ জন,
জ্ঞান লভি অচিরাৎ মোক্ষ প্রাপ্ত হন। ৩৯
অজ্ঞানী সন্দেহী আর শ্রদ্ধাহীন নর
না পায় অভীষ্ট ফল, নষ্ট অতঃপর।
তার মধ্যে যার, পার্থ, সন্দেহ সদাই,
ইহ পরলোক, সুখ, কিছু তার নাই। ৪০
যোগ-পথে কর্ম্ম যাঁর আত্মায় অর্পিত,
সকল সন্দেহ যাঁর জ্ঞানে নিঃশেষিত,
হে বীরেন্দ্র, জিতেন্দ্রিয় বিশ্বজয়ী তাঁরে
সংসারের কর্ম্ম কভু বাঁধিতে কি পারে? ৪১
তাই বলি ধর্ম্ম-বীর উঠ ধনঞ্জয়,
অজ্ঞানের ফল এই মনের "সংশয়"
জ্ঞানরূপ খড়্গাঘাতে খণ্ড খণ্ড করি,
ধর কর্ম্ম-যোগ, উঠ পাণ্ডব-কেশরী। ৪২ *

যোগ-জ্ঞানে কি হয়? (মৃত্যুর পারে নূতন মহাদেশ গ্রন্থ দেখ)—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

"সর্ব্ব সৃষ্টি মাঝে হেরি সর্ব্বাঙ্গ আমার,
আত্মতত্ত্বে হয়ে মত্ত সর্ব্ব সৃষ্টি হেরি সত্য
ছাড়িতে না পারি বিন্দু বিসর্গ তাহার।—
সর্ব্বপ্রাণে মহাপ্রাণ পরমাত্মা হেরি,
প্রাণে প্রাণে অভিন্নতা প্রেমের শৃঙ্খল গাঁথা,
ছাড়িতে না পারি বিন্দু নাড়িতেও নারি।
"মম-মম মম-মম" অমৃতের গাঁথা,
বুকেতে জড়িয়ে ধরি মুখেতে চুম্বন করি
নরনারী পশু পক্ষী তরু গুল্মলতা।

কুরুক্ষেত্র মহাভারতের ব্যাপার, গীতার ব্যাপার যোগ সাধন, এখানে স্পষ্টই বলিলেন। ভাগবান্ 'কুরুক্ষেত্র কর' না বলিয়া 'উঠ যোগ সাধন কর' বলিয়া সজোরে জীবের পুরুষকারকে জাগাইয়া দিতেছেন।

জীবের চেষ্টা মাত্রই পুরুষকার নহে। ভগবানের পবিত্র কর্ম্মপথে উঠিবার জন্য অর্থাৎ সাধু উদ্দেশ্যে, নির্ম্মল আত্মার যে চেষ্টা, তাহাই শাস্ত্রোপদিষ্ট পুরুষকার। অতএব শাস্ত্রানুসারে পুরুষকার পরিচালিত করাকেই যথার্থ পুরুষকার বলে। তবে শাস্ত্রটাই বা এত গুরুতর কি? জানিয়া তবে পুরুষকার ধরিবে।

শাস্ত্র যে প্রত্যক্ষীভূত বহুকাল পরীক্ষিত
সত্য পথ মুক্তিধন পাইতে, (পর পৃঃ)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanas

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ঠিক যেন রাজপথ মুক্তির পুষ্পক রথ,
অন্ধেও স্বচ্ছন্দে পারে যাইতে।
তাহে জন্মে মহাবল পুরুষকারের ফল!
অবিকল সিদ্ধিলাভ অমনি,
বসি থাকি দৈব আশে, কেবল আলস্য-দোষে
মূর্খ ও দরিদ্রে পূর্ণ অবনী।
সজ্জিত অপূর্ব্ব সাজে পুরুষকারের মাঝে
এক হয়ে রয়েছেন পুরুষ মহান্,
তিনিই ঈশ্বর স্রষ্টা তিনিই ত সর্ব্ব-দ্রষ্টা
করেন পুরুষকারে কর্ম্মফল দান। (বাশিষ্ট-চূড়ালা)

ভগবান্ অন্যস্থানে অর্জ্জুনকে বলিলেন—"তোমার পুরুষকারের মধ্যে আমি আছি, আমি সব ঠিক করিয়া রাখিয়াছি, তোমার পুরুষকারকে নিমিত্ত মাত্র করিয়াই আমি প্রকাশিত হইব। অতএব তোমার পুরুষকার অব্যর্থ, কেননা আমি তোমার সারথি। বশিষ্টদেবও শ্রীরামচন্দ্রকে ঐরূপ বলিতেছেন।

পুরুষত্ব করি চূর্ণ অবলা-আলস্যে পূর্ণ
থাকিও না দৈব-শয্যা শয়নে,
রামভদ্র, কণ্ঠহার কর সে পুরুষকার।
পদাঘাত করি তুচ্ছ মরণে! (পর:পৃঃ)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আচার্যকে শ্রেষ্ঠ মানি শিরোধার্য্য আর্য্যবাণী
ব্রহ্মচর্য্য বল বীর্য্য ধরিয়া,
মায়া মোহ ছুঁড়ে ফেলি, বীরসিংহ যাও চলি,
পদতলে মৃত্যুকীট দলিয়া।
বীরকুল-রবি আজ অমরত্ব তরে
জাগাইয়া সুবাসনা উৎসাহ অন্তরে,
সুকর্ম্ম-শাণিত অসি প্রহারে কলুষ নাশি
জন্ম মৃত্যু পরিপূর্ণ দুঃখের সংসার,
অমৃত সাগরে নিয়া ফেল বৎস ডুবাইয়া
খুঁজিয়া না পাবে কেহ চিহ্ন আর তার। (বাশিষ্ট)

পঞ্চম অধ্যায়—কর্ম্ম-সন্ন্যাস যোগ।

অর্জ্জুন কহিলেন—
কর্ম্ম ত্যাগ উপদেশ দিয়া মোরে হৃষীকেশ,
কর্ম্ম-যোগ কহিছ আবার,—
একটি নিশ্চয় করি কহ কৃপাময় হরি,
শ্রেয়ঃ যাহা হইবে আমার। ১
শ্রীভগবান্ কহিলেন—
যেই রূপ কর্ম্মত্যাগে, সেই রূপ কর্ম্ম-যোগে
মুক্তি হয় নাশি কর্ম্ম-ভোগ ;

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আগে না করিলে কর্ম্ম, হয় না সন্ন্যাস-ধর্ম্ম,
ত্যাগ হ'তে ভালকর্ম্ম-যোগ। ২
নাহি কর্ম্মফল আশা, নাহি মনে দ্বেষ হিংসা,
এই রূপ কর্ম্ম-যোগী যিনি,
তিনিই সন্ন্যাসী নিত্য তিনি কর্ম্মত্যাগী সত্য
অনায়াসে মুক্তি পান তিনি। ৩
জ্ঞান-যোগ একরূপ, কর্ম্মযোগ অন্য রূপ,
অজ্ঞানীর কথা এ সকল,
জ্ঞানিগণ এই বলে— একটি সাধন হ'লে
তাহে ফলে উভয়ের ফল। ৪
জ্ঞান-নিষ্ঠ কর্ম্মত্যাগী হন যেই ফল-ভাগী
কর্ম্ম-যোগী সেই ফল পান ;
জ্ঞানে কর্ম্মে ভিন্ন নয়, হেন যাঁর দৃষ্টি হয়,
সূক্ষ্মদর্শী সেই মতিমান। ৫
কর্ম্ম বিনা ধনঞ্জয় সন্ন্যাস সম্ভব নয়,
কর্ম্মযোগী পান ত্যাগ-ফল ;
কর্ম্ম-যোগে যোগী যিনি, অর্জ্জুন অচিরে তিনি,
পান ব্রহ্ম-জ্ঞান নিরমল। ৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আত্মজয়ী যোগ যুত, জিতেন্দ্রিয় শুদ্ধচিত,
সর্ব্বজীবে আত্মা আছে যাঁর
স্থির রাখি আত্ম ধর্ম্ম, করিয়াও সর্ব্ব কর্ম্ম,
কর্ম্মের বন্ধন নাহি তাঁর। ৭ *
ব্রহ্মে যুক্ত তত্ত্ব-জ্ঞানী কর্ম্ম-যোগে যোগী যিনি,
দেখিয়া শুনিয়া পরশিয়া,
ভোজন গমন ঘ্রাণ নিদ্রা শ্বাস বাক্যদান,
ত্যাগ আর গ্রহণ করিয়া,
উন্মীলিত নিমীলিত করি নেত্র স্বভাবতঃ
মনেতে জানেন এই সার,—
ইন্দ্রিয়ের কর্ম্মে রত রয়েছে ইন্দ্রিয় যত,
কিছুই করি না আমি তার। ৮-৯ *

---

* শ্বাসচৈতন্য সর্ব্ব জীবে সমভাবে আছেন। তাহাতে লক্ষ্য স্থির রাখিলে "অহং কর্ত্তা" এই দুর্ব্বুদ্ধির আটামাখা কাঠিতে তোমার মন-পাখীর পাখাচোখা আর জড়িত হইবে না।

* তখন ইন্দ্রিয়গুলি ঈশ্বরের কর-চালিত, অহং নিমিত্ত মাত্র, ইহা বেশ বুঝা যায়।

মহা-প্রকাশ-ময় চৈতন্যকে দেখিয়া স্বর্গে মর্ত্ত্যে যথেচ্ছা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ফল-আশা পরিহরি, ব্রহ্মে সমর্পণ করি,
সর্ব্ব কর্ম্ম করেন যে জন,
পাপে নাহি হন লিপ্ত, সলিলে হইয়া সিক্ত
পদ্ম-পত্র নির্লিপ্ত যেমন। ১০
কর্ম্মের আসক্তি-হারা ইন্দ্রিয়গণের দ্বারা,
আর দিয়া দেহ বুদ্ধি মন,
কর্ম্মফল ফেলি দূরে শুধু চিত্ত-শুদ্ধি তরে
যোগিগণ কর্ম্ম পরায়ণ ; ১১
যুক্ত যোগী কর্ম্ম করি, কর্ম্মফল পরিহরি
ব্রহ্মনিষ্ঠা-শান্তি মনে রাখে,

বিচরণ কর। তোমার সমাধি-দশা। (অন্তরে নিষ্কাম ভাব) ও ব্যবহার-দশা (বাহিরে লৌকিক ভাব)- এক সঙ্গেই চলুক। ঐটিই ভোগ-মোক্ষ শোভা। ভবসমুদ্র যিনি গণ্ডুষে পান করেন, সেই আত্মরূপী অগস্ত্যকে তুমি স্মরণ কর। "আমি আমার" রূপ মল ত্যাগ না করিলে তুমি অধঃপাতের অধঃপাতে যাইবে, উহা ত্যাগ করিলেই উর্দ্ধের উর্দ্ধে উত্থিত হইবে। সর্ব্বত্যাগী হও। কর্ম্মত্যাগ "ত্যাগ" নহে, আত্ম দর্শনই সর্ব্বত্যাগ । ইহাই গীতার ত্যাগ রহস্য (অমৃতগ্রন্থ)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অযুক্ত যে জন হায়, আসক্ত সে কামনায়,
কর্ম্মের বন্ধনে বাঁধা থাকে। ১২

সুখে যোগী বাস করে, নবদ্বার দেহ-পুরে,
অন্তরেতে কর্ম্ম তেয়াগিয়া,
জ্ঞান আছে সর্ব্বদাই— তাঁর কোন কর্ম্ম নাই
কিছু না করান কারে দিয়া। ১৩

জীবের কর্ত্তৃত্ব ভার, যত কর্ম্ম দেখ আর,
কর্ম্ম-ফল দেখিতেছ যত,
বিভু নাহি দেন তাহা, "কর্ত্তা কর্ম্ম" দেখ যাহা
জীবের স্বভাব ওই মত। ১৪

বিকার রহিত বিভু, তিনি না কাহারো কভু
পাপ পুণ্য লন এ সংসারে,
অজ্ঞানেতে জ্ঞান ঢাকা পাপপুণ্য মরীচিকা
দেখি জীব ভ্রান্ত অহঙ্কারে। ১৫ *

---

* মূল শ্লোকের "প্রভু ও বিভু" অর্থে নির্ব্বিকার নির্গুণ ব্রহ্ম, তিনি স্থির। গুণময় ব্রহ্মই পাপ পুণ্য গ্রহণ করেন। যতক্ষণ গুণের মধ্যে অহং বুদ্ধি থাকে, ততক্ষণ পাপ পুণ্য অনিবার্য্য।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যাঁদের জনমে জ্ঞান, দূরে যায় সে অজ্ঞান
তাঁহাদের জ্ঞানে ধনঞ্জয়,
প্রকাশিত পরমাত্মা আদিত্য উদয়ে যথা,
প্রকাশিত সৃষ্টি সমুদয়। ১৬
আত্মাতেই বুদ্ধি আর আত্মগত চিত্ত যাঁর
আত্ম-নিষ্ট আত্ম-পরায়ণ,—
জ্ঞানের সলিলে আর পাপ-তাপ ধৌত যার
মুক্তিলাভ করে সেই জন। ১৭
যথার্থ পণ্ডিত যাঁরা ভেদ বুদ্ধি শূন্য তাঁরা
দেখিছেন সব এক প্রাণ,—
বিদ্যাবান্ ব্রাহ্মণেতে, নরাধম চণ্ডালেতে,
গাভী করী কুক্কুরে সমান। ১৮ *

গুণাতীত হলে পাপ পুণ্য কোথায় থাকিবে? উহা আত্মায় নাই, মনে আছে। মন মারিয়া আত্মভাব আনাই নিত্য সুখ।

* জড়দেহে কর্ম্ম থাকিলে, বাহিরে ভেদবুদ্ধিও একটু দেখা যাইবে। ঐ ভেদবুদ্ধি "জ্ঞান" নহে, উহা দেহ-বুদ্ধির অন্তর্গত। বশিষ্টদেব বলেন—হে রামচন্দ্র, আমি বাসনাহীন সমাধি লাভ করিয়া তোমাকে অভেদ জ্ঞানের উপদেশ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সাম্যভাবে মন যাঁর, সংসারেই থাকি তাঁর
হইয়াছে সংসার বিজয় ;
ব্রহ্মই সর্ব্বত্র সম তাই তাঁর ঘুচে ভ্রম,
সাম্য ময় ব্রহ্মভাব হয় ! ১৯
ব্রহ্মে থাকি ব্রহ্মে জানি, স্থির বুদ্ধি হন যিনি
মোহ হীন সেই নরবর,
ইষ্ট লাভে হৃষ্ট ন'ন অনিষ্টে না ক্ষুণ্ণ হন,
চিদানন্দে থাকি নিরন্তর। ২০
ইন্দ্রিয় বিষয়ে নিত্য অনাসক্ত যার চিত্ত,
আত্ম-সুখ পায় সেই জন,
ব্রহ্মযোগে তিনি যুক্ত, সংসারে হইয়া মুক্ত,
অক্ষয় আনন্দ প্রাপ্ত হন। ২১

দিতেছি, তথাপি বাহ্যিক ভেদবুদ্ধির বশে তোমার পৌরোহিত্য করি, এবং তুমি শিক্ষার্থী ও আমি শিক্ষক, এইরূপ ভেদবুদ্ধির বশবর্ত্তী হইয়াছি। বস্তুতঃ তুমি জানিবে, আমার অভেদজ্ঞান ও নিষ্কাম সমাধি ঠিক সুস্থির আছে। বায়ুর হিল্লোল শাখাপল্লবে দৃষ্ট হইলেও, মূল কাণ্ডকে কিছুতেই টলাইতে পারে না। (যোগবাশিষ্ঠ)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিষয়েতে সুখ যাহা, দুঃখের কারণ তাহা,
হয়, যায়, থাকে না সে সব,
তাই জানি জ্ঞানী জন তাতে নাহি রত হন—
ক্ষণস্থায়ী বিষয় বৈভব। ২২

যাবৎ না মৃত্যু হয়, এ জীবনে ধনঞ্জয়,
কাম-ক্রোধ-বেগ সাম্য করি, *
যে জন থাকিতে পারে, সেই সুখী এ সংসারে
ব্রহ্মে যুক্ত দিবা বিভাবরী। ২৩

---

* স্বেচ্ছায় ব্রহ্মচর্য্য পালন হয় না। মহাব্রত পালনের জন্য ওস্তাদের শিক্ষা ও গুরুবল চাই। গুরুর নিকট গার্হস্থ্য ব্রহ্মচর্য্য অবলম্বন না করিলে, কাম-ক্রোধ-বেগ সাম্য করা যায় না। পদ্যানুবাদ-যোগবাশিষ্ঠে আছে—

পূর্ণ অধঃপাতে দিতে নবীন যৌবনে
জ্বালাময় তৃষ্ণা উঠে মানবের মনে।
নর-পাখী ধরিবারে কাম-ব্যাধ চারি ধারে
পাতিয়াছে রমণীর রমণীয় জাল,
হতভম্ব নর-করী নারী স্তম্ভে সারি সারি
বাঁধা ওই—পদে কাম-শৃঙ্খল বিশাল! (পর পৃঃ)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আত্মাতে আরাম যাঁর আত্মাতেই সুখ আর,
আত্মাতেই দৃষ্টি যাঁর হয়,
ব্রহ্মে করি অবস্থান, নির্ব্বাণ আনন্দ পান,
সদা হন চিদানন্দময়। ২৪
সাধনেতে পাপ ক্ষীণ, হইয়া সংশয় হীন,
সর্ব্বভূত-হিত যাঁরা চান,

নর-মীন গ্রাসিতেছে আয়ু করি লোপ,
বাসনা-বড়ীশ-সূত্রে বিম্বাধরা টোপ!
নর-অশ্ব পালে পালে বাঁধা নারী-অশ্বশালে
নর হস্তী বাঁধিবারে নারী হস্তিশালা,
রমণী বেদেনী ছুঁড়ী, কাম-মন্ত্র পড়ি পড়ি,
ধরি নর-কালসর্প পুরিতেছে ডালা

ভাঙ্গিবে সে বিষদন্ত।—সবে কত আর
বিজয়ী মানব-আত্মা অনাদি অপার!
ত্রিকালজ্ঞ যোগিগণে ব্রহ্মচর্য্য-বল,
কি হবে চিত্রিত ফুল—সাংখ্য পাতঞ্জল!

অতএব গৃহীর পক্ষে বিশেষ চেষ্টা করিয়া গার্হস্থ্য-ব্রহ্মচর্য্য যথারীতি অবলম্বন করা একান্ত আবশ্যক। প্রতিজ্ঞা চাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সতত সংযত চিত হেন মুনি ঋষি যত
ব্রহ্মেতে নির্ব্বাণ-শক্তি পান। ২৫
কাম ক্রোধ হ'তে মুক্ত, সংযত যাঁদের চিত্ত
আত্মতত্ত্ব জ্ঞাত যতি গণ,
এই দেহে ইহলোকে দেহান্তেও পরলোকে,
ব্রহ্মেতে নির্ব্বাণ প্রাপ্ত হন। ২৬
রূপ রস আদি যত, বাহ্য বস্তু নানা মত
সে সকল বাহিরে ফেলিয়া,
ভ্রূদ্বয়ের মধ্য স্থানে, নেত্রদ্বয় সযতনে,
স্থিরভাবে স্থাপন করিয়া,—
নাভি-উর্দ্ধে শ্বাস চলে, প্রাণবায়ু তাকে বলে,
নাভি নিম্নে সে বায়ু অপান,
নাসিকার অভ্যন্তরে, সেই প্রাণ অপানেরে,
সুকৌশলে করিয়া সমান, *

---

* নাভিমূল পর্য্যন্ত শ্বাসবায়ুকে 'প্রাণ' বলে, নাভি হইতে গুহ্যদেশ পর্য্যন্ত ঐ বায়ুকে 'অপান' বলে। উভয়ের একই মূল নাসা মধ্যে সুস্থির করিবে। প্রাণ-বায়ু নাসা হইতে নির্গত হইয়া অপান কর্তৃক আকৃষ্ট হওয়াতে শরীরে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মন বুদ্ধি ইন্দ্রিয়েরে সংযত করিয়া ধীরে,
ইচ্ছা-ভয় ক্রোধ শূন্য যিনি,
মোক্ষে লক্ষ্য নিরন্তর, রাখেন যে মুনিবর
জীবনেই সদা মুক্ত তিনি। ২৭,২৮ *
আমাকেই যজ্ঞেশ্বর, আমাকেই যোগেশ্বর
সর্ব্বলোক-মহেশ্বর মানি,
দিয়া তিনি মন প্রাণ, আমাতেই শান্তি পান
জীবের পরম বন্ধু জানি। ২৯

পুনঃ প্রবেশ করে। তাই প্রাণ রক্ষা হয়। প্রাণের আকর্ষণে নাভিগ্রন্থি ভেদ করিয়া অপান উত্থিত হওয়ার সময়ে মৃত্যুকালে 'নাভিশ্বাস' হয় (তন্ত্র)।

ভাগবত দশম অনুবাদ, ব্রজাঙ্গনা গীতার শরৎ বর্ণন—

ইন্দ্রিয়ের পথ দিয়া প্রাণ হয় ক্ষয়,
রুদ্ধ করি ইন্দ্রিয়ের দ্বার সমুদয়,
যোগিগণ করে যথা 'প্রাণের' ধারণ,
ভূমি বাঁধি জল রাখে কৃষক তেমন।

কৃষকের জল বাঁধার ন্যায় হৃদয়ে প্রাণ বায়ু স্থিরভাবে বাঁধিলে হৃদয়ক্ষেত্র উর্ব্বরা হয়। একই বায়ু, স্থান বিশেষে নাম ভেদ।

* ঐ যে শ্বাস-চৈতন্য নাসিকা-মধ্যে আসা-যাওয়া

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করিতেছে, তাহাকে সুস্থির করিতে হইবে। বায়ুর অন্তরে স্থিরবায়ু আছে, ঐ বায়ু সম্পূর্ণ স্থির হইলে আকাশরূপ হইয়া যায়। মন স্থির বায়ুতে সত্ত্বগুণে গিয়া অনেকটা স্থির হইলে, তখন সেই মন আত্মারূপ ধারণ করে। ঐ আত্মা সম্পূর্ণ স্থির নহে। ঐ আত্মা গুণাতীত হইয়া সম্পূর্ণ স্থিরতা লাভ করিলেই (ইথারের বা ব্যোমের উপরে পরব্যোমে উঠিলেই) পরমাত্মারূপে প্রকাশ পান। "টলে জীব,—অটলে শিব!" অটলে লক্ষ্য কর।

ষষ্ঠ অধ্যায়—অভ্যাস-যোগ।

শ্রীভগবান কহিলেন—

কর্ম্ম-ফল যিনি সদা উপেক্ষা করিয়া,
নিয়ত করেন কর্ম্ম কর্ত্তব্য বলিয়া,
তিনিই সন্ন্যাসী সত্য অনিত্য-সংসারে,
হে পার্থ, যথার্থ যোগী জানিবে তাঁহারে।
অগ্নি-সাধ্য যজ্ঞ-কর্ম্ম করি পরিহার,
জীবের হিতের কার্য্য ত্যাগ করি আর,
শুধু কর্ম্ম ছাড়ি সাধু সন্ন্যাসী যে হয়,
যথার্থ সন্ন্যাসী যোগী সে ত কভু নয়। ১
'কর্ম্ম-ফল ত্যাগ' যাহা তাহাই সন্ন্যাস,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যোগ বলি তাহা পার্থ করিবে বিশ্বাস।
ফলের কামনা নাহি ত্যজেছেন যিনি
হে ফাল্গুনি যোগী কভু নাহি হন তিনি। ২
জ্ঞান-যোগে তাপসের বাসনা যখন,
কর্ম্মের-সোপানে ক্রমে করে আরোহণ।
হে কুরু-নন্দন, তাই বসে সাধুগণ—
সংসারে কর্ম্মই জ্ঞান লাভের কারণ।
কর্ম্ম-অবসানে শান্তি সমাধি হইলে,
তখন সে মুনিবরে 'যোগারূঢ়' বলে,
'কর্ম্ম-অবসান' মাত্র জানিবে তখন
'যোগারূঢ়' হইবার নিগূঢ় কারণ। ৩
ইন্দ্রিয়ের সুখভোগ— বিষয় অপার,
সেই ভোগ সাধনের কর্ম্ম যত আর,
সে সকলে অনুরাগ না করেন যিনি,
সকল সংকল্প ত্যাগী যোগারূঢ় তিনি। ৪
চঞ্চল হইলে আত্মা 'মন' বলে তায়,
অবিচল হ'লে মন 'আত্মা' বলা যায়,
স্থির আত্মা দিয়া তাই চঞ্চল আত্মার,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanas

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরু উপদেশে পার্থ, করিবে উদ্ধার।
যে কার্য্য করিলে হয় আত্মার পতন,
করিওনা হেন কার্য্য কুন্তীর নন্দন ;
সংসারে আত্মাই হন আত্মার বান্ধব,
আত্মাই আত্মার রিপু, জানিবে পাণ্ডব। ৫
আত্মা দিয়া যিনি আত্ম করেছেন জয়, *

---

* বশিষ্ঠ দেব বলেন—(যোগবাশিষ্ঠ পদ্যানুবাদ)
আত্মা দিয়া রঘুবর আত্মপূজা কর,
আত্মা দিয়া আত্মাতেই স্থিতিপদ ধর।

স্থির মন দ্বারা চঞ্চল মনকে চাপিয়া ধর, তাহাতেই চঞ্চল মন স্থির হইবে ও বিঘুর্ণিত বিকৃত সংসার চক্র স্থির হইয়া দাঁড়াইবে, স্বভাব প্রাপ্ত হইবে। বশিষ্ঠ দেব বলিতেছেন—

দেখেছ কি মধ্য-নাভি কুম্ভকার চাকে ?
যতই ঘুর্ণিত কর নাভি যদি চাপি ধর,
দৃঢ় ধারণেই স্থির করা যায় তাকে।
মায়াচক্র-নাভি ওই চিত্তই তোমার,
দৃঢ় করি ধর যদি ঘুরিবে না আর।
তখনি ভাঙ্গিয়া যাবে মায়ার স্বপন,
হইবে চৈতন্য-জ্ঞানে চির জাগরণ। (বাশিষ্ঠ)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আত্মাই তাঁহার বন্ধু হন নিঃসংশয়।
আপনার আত্মা যাঁর আত্মবশে নয়,
আত্মাই তাঁহার পক্ষে শত্রুবৎ হয়। ৬
শীত তাপে সুখ দুঃখে, মান অপমানে,
প্রশান্ত সংযমী মাত্র রহে আত্ম-ধ্যানে। ৭
আচার্য্যের উপদেশে লাভ হয় জ্ঞান,
প্রত্যক্ষ দেখিয়া, পার্থ জনমে বিজ্ঞান—
এ জ্ঞান বিজ্ঞানে যাঁর পরিতৃপ্ত মন,
জিতেন্দ্রিয় নির্ব্বিকার যেই যোগী জন,
মৃত্তিকা পাষাণে স্বর্ণে সমদৃষ্টি যাঁর,
হে অর্জ্জুন, যুক্তযোগী নাম হয় তাঁর। ৮
স্বভাব হিতৈষী আর মিত্র স্নেহকারী,
উদাসীন, দ্বেষ্য বন্ধু মধ্যস্থ কি অরি,
সাধু, পাপী, সর্ব্বজনে সম বুদ্ধি যাঁর,
তিনিই প্রশংসনীয়, কুন্তীর কুমার। ৯
একাকী একান্তে বসি যোগী সর্ব্বক্ষণ,
সযতনে দেহ মন করি সংযমন,
বাঞ্ছা ছাড়ি, সর্ব্ব চিন্তা করি পরিহার,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অবিচল করিবেন মন আপনার। ১০
কুশের উপরে চর্ম্ম করিয়া স্থাপন,
তাহার উপরে বস্ত্র করি আচ্ছাদন,
পবিত্র স্থানেতে স্থির আসন করিবে,
অতি উচ্চ কিংবা অতি নীচ না হইবে ; ১১
তাহে বসি করি চিত্ত একাগ্র সংযত,
আত্ম-শুদ্ধি তরে হবে যোগাভ্যাসে রত। ১২
দেহ-মধ্য শির, গ্রীবা করিয়া সরল,
দৃঢ় পদে রহিবেন হইয়া নিশ্চল,
নাসা-মূলে ভ্রূ-দ্বয়ের মাঝে দৃষ্টি রাখি,
স্থির নেত্রে, অন্যদিকে কিছু নাহি দেখি, ১৩
হইয়া প্রশান্ত-আত্মা ভীতি পরিহরি,
যতনে রহিবে ব্রহ্ম- চারি ব্রত ধরি,
সংযত মানস করি আমাতে অর্পণ,
আমাতেই যুক্ত ভাবে রবে যোগী জন। ১৪

চিত্তের চঞ্চল ভাব করি পরিহার,
এ রূপে আমাতে মন সমাহিত যাঁর,
নির্ব্বাণের মূল শান্তি লাভ তাঁর হয়,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যে শান্তি আমাতে সদা বিরাজিত রয়। ১৫
অত্যাহার, অনাহার, নিদ্রা অতিশয়,
অতি জাগরণ হ'লে যোগ নাহি হয়। ১৬

বায়ু কর্ত্তৃক তরল দ্রব্যে তরঙ্গ উঠে। শ্বাস-বায়ু কর্ত্তৃক তরল চিত্তে যে তরঙ্গ উঠে তাহাই "চিন্তা"। শ্বাসবায়ু স্থির হইলে চিন্তা থাকে না। সুচিন্তাতেও চিত্ত চঞ্চল হয়, ধ্যান হয় না। নিৰ্ম্মল তরঙ্গ কি চঞ্চল নহে?
সুচিন্তা দুশ্চিন্তা নিয়ে কোথাও কি আর শান্তি পাবে?
চিন্তাশীলের যোগ হবে না, চিন্তাশূন্য হতে হবে। (তপোবন)
ঐ স্থির মনে ব্রহ্ম প্রতিবিম্বিত হন তাহাই জ্ঞান বা মহাপ্রাণ; মহাপ্রাণ দর্শনই পরমাশান্তি।

পোড়া মন পড়ে থাকে জ্ঞান জ্বলে তায়,
নির্জ্জল জলদদেহে সূর্য্যালোক প্রায়।
তখন হইয়া থাকে সুশীতল প্রাণ,
শান্তির অমৃতে আত্মা অমরত্ব পান। (নূতন মহাদেশ)

নির্ব্বাণের মূল যে "পরমা শান্তি" তাহা প্রাপ্তির সন্ধান এই—শ্বাসচৈতন্যে অন্তর্দৃষ্টি স্থির হইলে সকলের মধ্যেই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নিত্য নিয়মিত যাঁর আহার বিহার,
সকল কর্ম্মের চেষ্টা নিয়মিত যাঁর,
নিয়মিত হয় যাঁর নিদ্রা জাগরণ,
যোগে হয় তাঁর সর্ব্ব দুঃখ নিবারণ। ১৭

একমাত্র "প্রাণবস্তু" স্পষ্ট দেখিয়া "একতা" সাধন হইবে। তখন "বিশ্বপ্রেম" প্রকাশিত হওয়ার আর বিলম্ব হইবে না। জীবে জীবে "প্রাণের মিলন" ও "প্রেমের মিলন' হইতে আর কতক্ষণ লাগিবে ?

"কি যে ভালবাসা বাসি ? কি যে ভাল বাসাবাসি।
বিমুক্ত বিমানে থাকি, যুগযুগান্তর দেখাদেখি,
চিরসুখে আমরা সুখী, প্রাণবস্তুর মেশামিশি।"

বুঝিতে হইবে—চেতন প্রাণের সহিত চেতন প্রাণের মেশা মিশিতে কত শক্তি ও কত সুখ। জলের বিম্ব জলে উদয়, জল হয়ে সে মিশায় জলে ? সেরূপ জল মেশার ন্যায় নৈরাশ্য-জনক নহে। তখন সব প্রাণময় হয়, অমৃতময় হয়, কেন না—

"প্রাণেন ধার্য্যতে লোকঃ সর্ব্বং প্রাণময়ং জগৎ।"

তখন অনন্ত প্রাণের জলন্ত, জীবন্ত ভাবপ্রকাশ পায়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সংযত হইয়া চিত্ত আত্মগত যাঁর,
সর্ব্ব কর্ম্মে স্পৃহাশূন্য— 'যুক্ত' নাম তাঁর। ১৮
নির্ব্বাত স্থানের দীপ টলে না যেমন,
সংযমী যোগীর চিত্তে স্থিরতা তেমন। ১৯
অভ্যাসে যখন চিত্তে স্থিরতা উদয়,
আত্ম-দরশনে মন তুষ্ট অতিশয়,
জ্ঞানগম্য চিদানন্দ উদয় যখন,
বাক্যাতীত অতীন্দ্রিয় সুখে মগ্ন মন,

এই শ্বাসচৈতন্য-রূপ প্রাণের দর্শনে আত্মায় বিশ্বাস ও আত্মনির্ভর প্রস্ফুটিত হইয়া উঠে ঋষিকল্প দেবেন্দ্রনাথ শ্বাস তুলিবাব সময় বলিতেন, "আমি, আমি"। ফেলিবার সময় বলিতনে, "তুমি, তুমি।" ব্রহ্মানন্দ কেশব বলিতেন, "নিশ্বাসেই বিশ্বাস করি।" পার্ব্বতী কহিলেন, "হে নাথ, কি মন্ত্রে জীব ভববন্ধন হইতে মুক্ত হইয়া যায় ?" তখন—

"পঞ্চানন কন জীবের তরে ত্রিনয়নায় বামে নিয়ে—
নিশ্বাস-শ্বাস-রূপেণ মন্ত্রেহয়ং বর্ত্ততে প্রিয়ে।"
হে প্রিয়ে শ্বাসের আগম-নিগমই মন্ত্র। শ্বাসে লক্ষ্য রাখ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আত্ম-দরশনে চিত্ত অবিচল থাকে
অপূর্ব্ব অবস্থা সেই যোগ বলে তাকে। ২০,২১
মধুময় যে অবস্থা লাভে ধনঞ্জয়,
জগতের যত লাভ তুচ্ছ বোধ হয়,
মহা দুঃখে দুঃখ বোধ নাহি থাকে আর,
অপূর্ব্ব অবস্থা সেই যোগ নাম তার। ২২
কষ্ট-সাধ্য বলি যেন অযত্ন না হয়
কাতরতা শূন্য চিত্ত করি ধনঞ্জয়,
যোগের ব্যাঘাত-কারী কামনা ছাড়িয়া,
ইন্দ্রিয় সংযত করি মনোবল দিয়া,
গুরু-উপদেশে বুদ্ধি করিয়া নিশ্চয়,
করিবে সে যোগাভ্যাস পাণ্ডুর তনয়। ২৩, ২৪
ধারণা বুদ্ধির বশে, হে শ্বেতবাহন,
আত্মায় সুস্থির মন করিয়া স্থাপন,
ক্রমশঃ প্রশান্ত হবে, ভুলিবে সংসার
কিছু মাত্র চিন্তা যেন নাহি আসে আর। ২৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্বভাব-চঞ্চল মন অতীব অস্থির,
যে যে বিষয়েতে ধায় হইয়া অধীর,
সে সব বিষয় হ'তে বলে ফিরাইয়া,
রাখিবে আত্মার বশে সংযত করিয়া। ২৬
নিষ্পাপ ব্রহ্মত্ব-প্রাপ্ত হেন যোগিবর,
রজোগুণ হীন যিনি, প্রশান্ত অন্তর,
নিত্য নিরমল সুখ সমাধি-জনিত,
আপনা-আপনি হয় তাঁহার আশ্রিত। ২৭ *

* সকল জীবেই শ্বাসচৈতন্য আছে। উহার মধ্যেই জীবের চিন্ময় দেহ বর্ত্তমান। তাহা অতি সূক্ষ্ম, তাই আকাশে, অগ্নিতে ও জলের মধ্যে থাকিয়াও হাস্য করিতে পারে। এমন কোন পদার্থ নাই যাহা এই সর্ব্বগামী সূক্ষ্ম চিন্ময় দেহকে বাধা দিতে পারে। ঐ চিন্ময় দেহস্থ সূক্ষ্ম চিত্ত যখন স্থূল ভাবকে ভাবনা করে, তখন সে ক্রমে ক্রমে আত্মবিস্মৃত হয় ও শেষে সূক্ষ্ম ভাবকে মিথ্যা মনে করে; আবার যখন সূক্ষ্ম ভাবকে ভাবনা করে তখন স্থূল জগৎকে মিথ্যা মনে করে; যাঁহারা এই তত্ত্ব জানিয়া অভ্যাস করেন, তাঁহারাই সূক্ষ্ম লোকে প্রবেশ করিতে পারেন। স্বপ্নে যে পর্ব্বত দেখি; সেটি জাগ্রত হইলেই আকাশ বা শূন্য হইয়া

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রাখিতে রাখিতে ব্রহ্মে এইরূপে মন,
পাপশূন্য হয়ে যোগী সুখে প্রাপ্ত হন
অন্তরে একান্ত সুখ ব্রহ্ম পরশনে,
নিত্য সত্য অমৃতের রস আস্বাদনে। ২৮

যায়। সেইরূপ জ্ঞানে জাগ্রত হইলে স্থূল দেহটি আকাশ দেহের ন্যায় বোধ হয়। যুবকের নিকট স্বপ্ন-দৃষ্টা যুবতী যেমন আনন্দপ্রদা হয়, লোকের নিকটে বাহ্য জগৎও সেই রূপ সুখপ্রদ হইয়া থাকে। চৈতন্যস্বরূপ ব্রহ্মের আভাসই জগৎ, সুতরাং "সর্ব্বং ব্রহ্ম" ভাবে এই জগৎ সম্পূর্ণ সত্য। নিরীশ্বর জড়ভাবেই ইহা মিথ্যা, স্বপ্নবৎ। শাস্ত্রের মর্ম্ম এইরূপ। তাই জ্ঞানীর নিকটে জগৎ নিত্য সত্য মধুময়। অনিত্য নয়। ঐ মধুময় জগৎই অল্প জ্ঞানীর নিকটে মিথ্যা ও কেবল দুঃখময় বোধ হয়। এই ভ্রান্তিই মায়া। বস্তুতঃ মায়া বলিয়া কিছুই নাই। তাই ঋষিগণ বলেন—"মধুর্বাতা ঋতায়তে মধুঃ ক্ষরন্তি সিন্ধবঃ"। বায়ু কি সুন্দর মধু বর্ষণ করিতেছে। জলও মধু ক্ষরণ করিতেছে! যতক্ষণ জগৎ-সংসার বিষবৎ বোধ হয়, ততক্ষণই "ভবরোগ ও ভবসমুদ্র" দেখা যায়। ভবরোগটি অসাধ্য রোগ নহে। চিকিৎসা হইলেই আরাম হয়। ভবসিন্ধুও ভক্তের নিকটে গোষ্পদ-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আত্মাতেই ভূতগণ আত্মা সর্ব্ব ভূতে,
দেখেন সে যুক্ত যোগী সম-দর্শনেতে। ২৯
সর্ব্বত্রই আছি আমি, আমাতে সকল—
ভাগ্যবান্ যেই জন দেখেন কেবল,
তাঁহার অদৃশ্য আমি নহি কদাচন,
আমার অদৃশ্য তিনি কভু নাহি হন। ৩০
সর্ব্ব ভূতে অবস্থিত আমায় যে জন
ভেদ-জ্ঞান পরিহরি করেন ভজন,
সকল বিষয় মাঝে থাকি বিদ্যমান.
আমাতে করেন তিনি, সদা অবস্থান। ৩১
যে জন দেখেন এই অনিত্য ধরায়,
সর্ব্ব জীবে সমভাব আত্ম তুলনায়.

বারির ন্যায় দৃষ্ট হইয়া থাকে। কিন্তু "নায়মাত্মা বলহীনেন লভ্যতে" আত্মাকে লাভকরা দুর্ব্বলের কর্ম্ম নহে।—

ধনে মানে মত্ত যারা মাতৃগর্ভে নয় কি তারা?
বুঝেছে কি ধর্ম্ম ছাড়ি "মামেকং শরণং ব্রজ"?
ভব-সংসারের ডরে কাঁপে যারা থরথরে,
অণ্ডস্থ সে জড়-পিণ্ড পায় কি কৃষ্ণ-পদরজঃ? (তপোবন)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanas

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সংসারের সুখ দুঃখে সমদর্শী যিনি,
হে ফাল্গুনি, জানি আমি, যোগিশ্রেষ্ঠ তিনি। ৩২
অর্জ্জুন কহিলেন –
যেই সাম্য যোগ-কথা এখন আমায়
কহিলে নলিন-নাভ, অপার কৃপায়,
নিশ্চল সে যোগভাব বুঝিতে না পারি
চঞ্চল আমার মন, গোবর্দ্ধন-ধারী। ৩৩
অস্থির অজেয় মন, কঠিন, শ্রীপতি,
দেহ আর ইন্দ্রিয়ের ক্ষোভকর অতি,
মনে হয়—বায়ু বশ কঠিন যেমন,
এই মন বশে রাখা কঠিন তেমন। ৩৪ *

---

*বস্তুতঃ বায়ুকে বশ করিতে পারিলে তবে মনকে বশ করা যায় শ্বাস স্থির ও দৃষ্টি স্থির হইলেই মন স্থির হয়। উহাকে খেচরী মুদ্রা বা গগন-বিহারী ক্রিয়া বলে। খ অর্থে আকাশ, সুখ অর্থে সুন্দর আকাশ, দুঃখ অর্থে দূরে আকাশ।

রাত্রিদিন তোল ফেল শ্বাস অনিবার—
বিষম বিরক্তি বোধ হয় না তোমার?
রাত্রিদিন নেত্র-পাতা তোল আর ফেল,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীভগবান্ বলিলেন—

শুন ধনঞ্জয় মন একান্ত দুর্জ্জয়,
সর্ব্বদা চঞ্চল তাহে নাহিক সংশয়,
অভ্যাস-বৈরাগ্য বলে পারা যায় তায়
সংযত করিতে কিন্তু, কহিনু তোমায়। ৩৫
কৌন্তেয় সতত আত্মা অসংযত যার,
কহিতেছি আমি—যোগ দুষ্প্রাপ্য তাহার।
আত্মা যার অনুক্ষণ আত্মবশে রয়,
যত্ন-বলে যোগ রত্ন লাভ তার হয়। ৩৬ *

অর্জ্জুন কহিলেন—

যে জন প্রথমে যোগে শ্রদ্ধাবশে রত,
শিথিল অভ্যাসে কিন্তু পরে বিচলিত,

স্থির কর চক্ষু দুটি ব্যথা হয়ে গেল। (তপোবন)
নাচিছে নয়ন তালবেতালে, নাচায়ে কামনা-কামিনী দলে।
* তুমি গিরিগুহা-বাসী ঋষিগণের এই অমর-ক্রিয়া নিশীথ কালে আপন বাস-গৃহের নিভৃত কক্ষে বসিয়া অভ্যাস কর। গৃহে থাকিয়া যদি এম, এ, পাস করা যায়, তবে ব্রহ্ম-বিদ্যাও পাস করা যাইবে। "স্বল্পমপ্যস্য ধর্ম্মস্য ত্রায়তে মহতো ভয়াৎ"!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যোগানন্দ না পাইয়া সেই মন্দমতি,
কোন্ গতি পাবে, ওহে অগতির গতি ? ৩৭
স্বর্গ আর মোক্ষ, দুই দিক্ হারাইয়া,
পর ব্রহ্ম-পথে হায়, বিমূঢ় হইয়া,
সিদ্ধি-লাভে অসমর্থ হ'য়ে জনার্দ্দন,
ছিন্নমেঘ সম নষ্ট হবে কি সে জন ? ৩৮
দূর কর পীতাম্বর, সন্দেহ আমার—
সংসারে সংশয় নাশ কে করিবে আর ? ৩৯

শ্রীভগবান্ কহিলেন—

ইহ পরলোকে তাঁর না হয় নিধন,
দুর্গতি না পান পার্থ শুভকারী জন। ৪০
পুণ্যকারী নর নারী যেই লোক পায়,
বহু বর্ষ হর্ষে বাস করিয়া তথায়,
পুনরায় করে সেই যোগভ্রষ্ট জন
পবিত্র ধনীর গৃহে জনম গ্রহণ। ৪১
কিংবা জ্ঞানবান্ যোগি কুলে জন্ম লয়,
জগতে দুর্ল্লভ হেন জন্ম ধনঞ্জয়। ৪২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পূর্ব্বজন্ম জাত বুদ্ধি লভয়ে তথায়,
পুনঃ মোক্ষ লাভ তরে বহু যত্ন পায়। ৪৩
সে পবিত্র ব্রহ্ম নিষ্ঠা তথা অনায়াসে,
পূর্ব্বের অভ্যাস বশে অবশেই আসে।
যোগ জানিবারে শুধু বাসনা যাহার,
বেদ-কর্ম্মফল হতে বহু ফল তার। ৪৪
তাই যত্নে ক্রমে ক্রমে বহু চেষ্টা করি,
পাপশূন্য হন যোগী যোগ পথ ধরি,
হেন মতে বহু জন্ম করি অবসান,
সাধনে সুসিদ্ধ হয়ে মোক্ষ-পদ পান। ৪৫ *

* আহা, এই সকল উপদেশ প্রথমে শ্রবণ মধুর, মধ্যে সৌভাগ্যদায়ক, অন্তে অনন্ত শান্তিপ্রদ। চিত্রিত বাঘ বাঘই নহে, বালকের খেলার জিনিস মাত্র। অনভ্যাসীর বেদাণ্ডে বা গীতায় আঁকা ব্রহ্ম. ব্রহ্মই নহেন, বালকের তর্ক বিতর্করূপ ক্রীড়ার বস্তু মাত্র। বহু যত্নে সাধন করা চাই। শুদ্ধ চৈতন্যকে যতটুকু বিস্মরণ হইবে, ততটুকুর নাম "মন"। আর যতটুকু "স্মরণ" ততটুকু আত্মার গঠন। আবার মায়াভূত ঘাড়ে চাপিলেই আত্মা তখন চিত্ত হন এবং ভূতের কাণ্ড আরম্ভ করেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তপস্বী, কি জ্ঞানী, কর্ম্মী —কহিতেছি আমি,
সর্ব্ব হ'তে যোগী শ্রেষ্ঠ যোগী হও তুমি। ৪৬
একান্ত আমাতে যিনি দিয়া প্রাণ মন,
শ্রদ্ধাবান্ হয়ে মম করেন ভজন
যোগিকুলে শ্রেষ্ঠ তিনি, কুন্তীর কুমার,
আমার মনের মত, কি কহিব আর। ৪৭

সপ্তম অধ্যায়—জ্ঞান-বিজ্ঞান যোগ।

শ্রীভগবান্ বলিলেন—
আমাতে নিবিষ্ট করি একনিষ্ঠ মন,
অর্জ্জুন যতনে দিলে যোগাভ্যাসে মন,
সকল সংশয় নাশি সমগ্র আমায়,
যেরূপে জানিতে পারে, কহি তা তোমায়। ১
সপ্রত্যক্ষ শাস্ত্রজ্ঞান বলিতেছি সার—
জানিলে, জানিতে কিছু থাকিবে না আর। ২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সহস্র সহস্র লোকে কোন ভাগ্যবান্
আত্ম জ্ঞান লাভ তরে হন যত্নবান্,
হেন যত্নশীল বহু সহস্রে বা কেহ,
পরমাত্মা রূপে মোরে জানে নিঃসন্দেহ। ৩
মৃত্তিকা, সলিল, তেজঃ, বায়ু, ব্যোম, আর
মন, বুদ্ধি, অহঙ্কার, এ অষ্ট প্রকার
নিকৃষ্ট বিভাগ মম, জড় প্রকৃতির ;
উৎকৃষ্টা প্রকৃতি মম শুন কুরুবীর,—
চেতনাময়ী যে পরা প্রকৃতি আমার,
সেই রক্ষা করে এই নিখিল সংসার। ৪, ৫
এই দুই প্রকৃতি হ'তে সর্ব্বভূত হয়
আমিই সে সমস্তের উদ্ভব বিলয়। ৬ *

---

* "বাহ্যভাবঃ ভবেদ্বিশ্বঃ অন্তঃ প্রকৃতিরুচ্যতে,
অন্তরাদন্তরং জ্ঞেয়ং নারিকেল-ফলাম্বুবৎ"।

অষ্টাবক্র-সংহিতায় আছে—বাহ্যজগৎটি যেন নারিকেলের খোলা, তাহার অন্তরে জড়-প্রকৃতি, যেন নারিকেলের মালা; তাহার অন্তরে উৎকৃষ্টা প্রকৃতি, যেন সুমিষ্ট ফল, তাহার অন্তরে পরমাত্মা, যেন ফলের পোষক

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমা হ'তে শ্রেষ্ঠ নাই—সকল সংসার
আমাতেই গাঁথা যেন সূত্রে মণিহার। ৭
শশি-সূর্য্যে প্রভা আমি রস আমি জলে,
বেদেতে ওঙ্কার আমি, শব্দ নভঃস্থলে,
পুরুষে পৌরুষ, পূত গন্ধ পৃথিবীতে,
জীবের জীবন আমি, তপঃ তপস্বীতে,
অনলে উত্তাপ আমি, বুদ্ধি বুদ্ধিমানে,
তেজস্বীর তেজ, নিত্য বীজ ভূতগণে। ৮-১০
বলবানে বল আমি —জানিবে কেবল
কামনা আসক্তি শূন্য মহা ধর্ম্ম বল।
প্রাণিগণে আমি কাম আসক্তি বর্জ্জিত,
ধর্ম্ম-অবিরোধী যাহা শাস্ত্র-সুবিহিত। ১১
সাত্ত্বিক ভাবেতে হয় জ্ঞানের প্রকাশ,
রাজসিক ভাবে হর্ষ দর্প অভিলাষ,

জল। এই অন্তরের অন্তরে যিনি, তাঁহাকেই ধরিতে হইবে। (নেয়াপাতি-মা, মৃত্যু-বিজয় দেখ)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তামসিক ভাবে শোক মোহের উদয়,—
এই সমুদয় ভাব আমা হতে হয় ;
আমি তাহে নাহি থাকি, অর্জ্জুন ধীমান্,
আমাতেই সে সকল করে অবস্থান। ১২
ত্রিগুণে মোহিত, তাই জানে না সংসার—
গুণাতীত আমি পার্থ, নিত্য নির্ব্বিকার। ১৩
দৈবী গুণময়ী মায়া এই যে আমার,
অতিক্রম করে ভবে সাধ্য আছে কার ?
কর্ম্মযোগে আমাকেই লাভ করে যারা,
দুস্তরা মায়ায় মাত্র পার পায় তারা। ১৪
পাপী মূঢ় নরাধম মোহিত মায়ায়,
আসুরিক ভাবে থাকি, পায় না আমায়। ১৫
অর্জ্জুন, পীড়িত যারা আর যাহাদের
ধর্ম্মতত্ত্ব জানিবারে বাসনা মনের ;
ইহ পরলোক ভোগে যাহাদের মন
সাধনে করিতে চায় কামনা পূরণ,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আর যাহাদের হয় জ্ঞানের উদয়,
বুঝিয়াছে কেমন সে বিভু বিশ্বময়—
এই চারি প্রকারের নর-নারী গণ
সুকৃতির ফলে করে আমার ভজন। ১৬
তার মধ্যে জ্ঞানী শ্রেষ্ঠ, যুক্ত ভক্ত যিনি,
আমি সে জ্ঞানীর প্রিয়, মম প্রিয় তিনি। ১৭
সবাই মহান্ পার্থ কিন্তু যিনি জ্ঞানী,
আত্মার স্বরূপ তিনি— এই আমি জানি,
আমাতেই যুক্ত সেই জ্ঞানী শুদ্ধমতি
করেছে আশ্রয় মোরে— সর্ব্বোত্তম গতি। ১৮
বহু জন্ম পরে পার্থ, যিনি জ্ঞানবান,
চরাচর বিশ্ব করি বাসুদেব জ্ঞান,
আমাকেই প্রাপ্ত হন কহিনু তোমারে,
সে মহাত্মা সুদুর্ল্লভ নিখিল সংসারে। ১৯
মনোমত কামনায় জ্ঞানহারা যারা
নানা মত নিয়মেতে বদ্ধ থাকি তারা
আপন প্রকৃতি বশে সিদ্ধির আশায়,
আমায় ভুলিয়া পূজে অন্য দেবতায়। ২০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যে জন যে দেবমূর্ত্তি শ্রদ্ধা সহকারে
পূজা করে কুরুশ্রেষ্ঠ, দেই আমি তারে
অচলা ভকতি সেই দেব অর্চ্চনায় ;
ভক্তি-ভরে আরাধিয়া সেই দেবতায়
মনের কামনা পূর্ণ হয়, পার্থ তার,
আমি ফলদাতা, সেই বিধান আমার। ২১, ২২
অল্পবুদ্ধি মানবের সে কামনা ফল
থাকে না অধিক কাল অস্থায়ী সকল ;
দেবপূজা করে যারা, পায় দেবতায়,*
মম ভক্ত নিত্য সত্য আমাকেই পায়। ২৩

---

* দেব পূজা বৃথা নহে, সুখদায়ক, কিন্তু মুক্তিদায়ক নহে। গঠনশূন্য গোটা স্বর্ণ কি হবে? উহা সেকরা-বাড়ী যাক—অল্পবুদ্ধি নারীর মনোমত গহনা গড়িয়া দিবে। গঠনশূন্য গোটা ব্রহ্ম কি হবে? উহা সাধুর কাছেই থাক, অল্পবুদ্ধি লোকের মনের মত ঠাকুর গড়িয়া দিবে। কিন্তু স্মরণ রাখিতে হইবে যে, গহনাগুলি সবই স্বর্ণ, আর ঠাকুর দেবতাগুলি সবই ব্রহ্ম। এই জ্ঞানই ধরিতে হইবে, দেবমূর্ত্তি ভাঙ্গিতে হইবে না। শুদ্ধ সত্ত্বগুণের দেখ-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

না জানি নির্ব্বোধ গণ নিত্য নির্ব্বিকার
সর্ব্ব ব্যাপী সর্ব্বোত্তম স্বরূপ আমার
মায়ার অতীত মোরে— জ্ঞানের বিহনে,—
ব্যক্তি ভাবাপন্ন মাত্র ভাবে মনে মনে। ২৪*
সকলের কাছে আমি না হই প্রকাশ,
যোগমায়া অন্তরালে করি আমি বাস,
আদি নাই, অন্ত নাই, অনন্ত আমায়
মূঢ় জন গণ ভবে জানিতে না পায়। ২৫
ভূত ভবিষ্যৎ আর বর্ত্তমান অবস্থায়,
সর্ব্বভূতে জানি আমি, কে জানে আমায়? ২৬

আরাধনাতে ব্রহ্মজ্ঞানকে ক্রমে ফুটাইয়া তুলে কিন্তু রাজসিক তামসিক পূজায় তাহা হয় না। অখণ্ড চৈতন্যকে না জানিয়া যে দেব-পূজা, সেটি ধনীকে বা ডাক্তারকে আরাধনা করার ন্যায় হইয়া থাকে। বস্তুতঃ অখণ্ডচৈতন্যকে ধরিয়া ষষ্ঠী পূজা করাতেও দোষ নাই। ব্রহ্মানন্দ-কেশব লক্ষ্মীপূজা ও ষষ্ঠীপূজা করিয়াছেন। বিশ্বামিত্র যাগ-যজ্ঞ করিতেন। কিন্তু "স্থিরে" রাখ লক্ষ্য—ঐ দিকে মোক্ষ।

* "ব্যক্তিভাব" যেন উষা, সর্ব্বব্যাপী ভাব যেন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এই দেহে রজোগুণ বৃদ্ধি যদি হয়,
ইচ্ছা দ্বেষ জন্মে তাহে শুন ধনঞ্জয়—
ভাল মন্দ সুখ দুঃখ বোধের উদয়,
সেই ভাবে সর্ব্ব জীব বিমোহিত হয়। ২৭ *
পাপ শূন্য পুণ্যকারী মোহমুক্ত যাঁরা,
করেন ভজন মম দৃঢ় ব্রতে তাঁরা। ২৮
জরা মরণ হইতে পাইতে নিস্তার,
যাঁহারা করেন যত্ন আশ্রয়ে আমার,
তাঁহারা জানেন সেই পরব্রহ্ম-ধন,
আত্মার কি ভাব, ভবে কর্ম্ম বা কেমন। ২৯
অধিভূত অধিদৈব অধিযজ্ঞ আর
এ তিনের ভাব সহ স্বরূপ আমার
অবগত যাঁরা, সেই যুক্ত যোগিগণ
অন্তিমেও আমাকে না হন বিস্মরণ। ৩০

দিনমান। ভক্তের ভগবানই ব্রহ্মের উষা। ফুলকুল উষাতেই বিকসিত হয়, শেষে মধ্যাহ্ন-সূর্য্য-তাপেও কি স্ফূর্ত্তি পায় না? অনাবৃত ব্রহ্মই মধ্যাহ্ন-সূর্য্য।

* জড়ীয় মনের যে উত্থান, তাহাই বাস্তবিক পতন,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অষ্টম অধ্যায়—অক্ষর-ব্রহ্ম-যোগ।

অর্জ্জুন বলিলেন—

কিবা ব্রহ্ম, কি অধ্যাত্ম, কর্ম্ম কি কেশব,
অধিভূত অধিদৈব, কিবা এই সব ?
কি রূপে, কে অধিযজ্ঞ দেহে অবস্থিত ?
অন্তিমে অন্তরে তুমি কি রূপে বিদিত ? ১, ২

শ্রীভগবান্ কহিলেন—

পরম অক্ষর যিনি ব্রহ্ম নাম তাঁর,
অধ্যাত্ম' সে ব্রহ্ম-ভাব প্রভাব আত্মার,'—
জীবের অধ্যাত্ম "ভাব" উদ্ভব যাহায়
সেই যে নিঃস্বার্থ যজ্ঞ, 'কর্ম্ম' বলে তায়। ৩*

জড়ীয় মনের পতনই প্রকৃত উত্থান! অবোধের জড়ীয় মন পৃথিবীমঞ্চের উপরে অলাবু লতার ন্যায় বৃদ্ধি পায়। কলসীর মধ্যে কলাই ঝাঁকাইলে ঐ কলাইয়ের যে দশা হয়, সংসার মধ্যে বদ্ধ হইয়া জড়ীয় মনেরও সেই দশা। (অমৃত)

* মূলে আছে "ভূতভাবোদ্ভবকর"—সর্ব্ব জীবের অভ্যুত্থান-কারী। টীকাকার বলেন "ভাব" অর্থে ব্রহ্মভাব। 'ভাবস্থ ভাবকঃ ক্কচিৎ (অষ্টাবক্র)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অস্থায়ী পদার্থে পার্থ 'অধিভূত' বলে
'অধিদৈব' পুরুষ সে আদিত্য মণ্ডলে ; *
এই দেহে, হে অর্জ্জুন 'অধিযজ্ঞ' আমি,
অন্তর্যামী রূপে হই সর্ব্ব-যজ্ঞ—স্বামী। ৪
আমায় স্মরিয়া দেহ ত্যজি যান যিনি,
নিশ্চয় আমার ভাব, প্রাপ্ত হন তিনি। ৫
যে যে ভাব অন্তরেতে করিয়া স্মরণ,,
কলেবর পরিত্যাগ করে জীব গণ,
সেই সেই ভাবে চিত্ত নিবিষ্ট থাকায়,
কৌন্তেয়, দেহান্তে জীব সেই ভাব পায় ৬
সর্ব্বদা স্মরণ মোরে কর ধনঞ্জয়,
রিপুযুদ্ধে রত হও হইয়া নির্ভয়।

* নারায়ণের ধ্যান—ধ্যেয়ঃ সদা সবিতৃমণ্ডল মধ্যবর্ত্তী নারায়ণঃ।—তপোবন গ্রন্থে সূর্য্যস্তব,—

কোথায় সে জন, জান কি তপন? যার পদতলে হইয়া রেণু গড়ায় কেবল তোমার মতন, কোটী কোটী কোটী-অবাক্‌ভানু? মিনতি তোমায়, দেখাও আমায়, তোমা বিনা কিছু দেখিতে নারি—তোমার অন্তরে, যে জন বিহরে, সতত মিহির-তিমির হারী।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমাতেই মন, বুদ্ধি করিলে অর্পণ,
নিশ্চয় আমায় পাবে, পাণ্ডুর নন্দন। ৭
অর্জ্জুন, অভ্যাস-যোগে একাগ্র অন্তরে
গুরু-উপদেশে দিব্য পুরুষ প্রবরে
করিতে করিতে ধ্যান লাভ করা যায়,
সেই নিত্য সত্য ধন অনিত্য ধরায়। ৮
সর্ব্বজ্ঞ অনাদি সর্ব্ব নিয়ন্তা ঈশ্বর
সূক্ষ্মতম বিশ্বপাতা বুদ্ধি অগোচর,
প্রকৃতির পারে সূর্য্য সম জ্যোতির্ম্ময়
পরম পুরুষে পার্থ অন্তিম সময়,
স্থির-যোগ বলে, সর্ব্ব চিন্তা পরিহরি
ভ্রূদ্বয়ের মাঝে প্রাণ- বায়ু রক্ষা করি,
করেন কেবল-ধ্যান ভক্তিভরে যিনি,
সে দিব্য পুরুষোত্তমে প্রাপ্ত হন তিনি। ৯, ১০
'অক্ষর' বলেন যাঁকে ব্রহ্মজ্ঞানি গণ,
বাসনা বিহীন যতি যাঁতে লীন হন,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যাঁর তরে ব্রহ্মচর্য্য অনুষ্ঠান হয়,
সংক্ষেপে তোমায় তাহা কহি ধনঞ্জয়। ১১
সমস্ত ইন্দ্রিয়-দ্বার সংযত করিয়া,
অচঞ্চল ভাবে মন হৃদয়ে রাখিয়া,
ভ্রূ-দ্বয় মাঝারে প্রাণ করিয়া ধারণ,
ব্রহ্মের স্বরূপ "ওম্" করি উচ্চারণ,
আমায় স্মরিয়া দেহ ত্যজি যান যিনি,
পাণ্ডব, পরমা গতি প্রাপ্ত হন তিনি। ১২, ১৩
স্থির চিত্তে নিত্য যিনি স্মরেন আমায়,
তাঁহার সুলভ আমি, কহিনু তোমায়। ১৪
আমায় লভিয়া সাধু মহাত্মা সকল,
পাইয়া পরমা সিদ্ধি, আনন্দ কেবল,
আর না করেন ভোগ শোক-তাপ ময়
ক্ষণস্থায়ী পুনর্জ্জন্ম দুঃখের আলয়। ১৫
ব্রহ্মলোক হ'তে জীব পুনর্জ্জন্ম পায়,
পুনর্জ্জন্ম নাহি আর পাইলে আমায়। ১৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্রহ্মার একটি দিন সহস্র যুগেতে
সহস্র যুগেতে নিশা, সমাধি যোগেতে
ব্রহ্মার এ দিবা নিশা জ্ঞাত হন যাঁরা,
"অহোরাত্র-বেত্তা" পার্থ যথার্থই তাঁরা ॥ ১৭ *

ব্রহ্মার দিবসারম্ভে সৃষ্টি সমুদয়
অব্যক্ত কারণ হ'তে আবির্ভূত হয় ;
আবার ব্রহ্মার নিশা উদয় যখন,
অব্যক্ত কারণে লয় পায় ভূতগণ ; ১৮
এইরূপে সর্ব্বভূত জন্মি বারংবার,
অব্যক্তে মিশায় পার্থ, নিশায় আবার।
দিবাগমে আসি হয় স্বকর্ম্মেতে রত,—
এইরূপে সৃষ্টি লয় হ'তেছে নিয়ত। ১৯
কিন্তু যে অনাদি সর্ব্ব কারণ-কারণ
অতীন্দ্রিয় ভাব, তার অপরিবর্ত্তন। ২০

অব্যক্ত অক্ষর বলি বেদে যাঁরে গায়,
হে পার্থ পরমা গতি তাঁকে বলা যায় ;

---

* আর্য্যমিশন গীতা ১৭, ১৮, শ্লোকের টীকা দেখ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যাহা লভি জীব নাহি জন্মে পুনর্ব্বার
তাহাই পরম ধাম জানিবে আমার। ২১
শুন পাণ্ডু-সুত এই ভূত গণ যত
রহিয়াছে চিরদিন যাঁতে অবস্থিত,
বিশ্ব-ব্যাপ্ত যিনি সেই পুরুষ রতন
একান্ত ভক্তির বলে দেন দরশন। ২২

ব্রহ্ম উপাসক যেই পথে মোক্ষ লভে
যে যে পথে পুনর্জ্জন্ম পায় কর্ম্মী সবে
কাল-রূপ সেই পথ কহিব সম্প্রতি—
অগ্নি জ্যোতিঃ মাঝে যে যে দেবতার স্থিতি
দিবা আর শুক্লপক্ষে যে যে দেবস্থান
উত্তর অয়নে যেই দেব অধিষ্ঠান—
সেই সব দেব-পথে মরণান্তে যাঁরা
করেন গমন পার্থ ব্রহ্ম পান তাঁরা। ২৩, ২৪
ধূম, রাত্রি, কৃষ্ণ পক্ষ দক্ষিণ অয়ন—
ইহাদের অধিষ্ঠাত্রী যে যে দেবগণ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তাঁদের সমীপে গিয়া কর্ম্মযোগী যত
ক্রমে চন্দ্রলোক পান ; ভোগ করি গত,
ফিরিয়া আসেন তাঁরা সংসারে আবার : ২৫
শুক্ল কৃষ্ণ দুই পথ, বিদিত সংসার—
শুক্ল পথে সাধু গণ মোক্ষ প্রাপ্ত হন,
কৃষ্ণ পথে এ সংসারে পুনঃ আগমন। ২৬ *
যোগে এই পথদ্বয় জানিলে বিশেষ,
মোহ-বন্ধ যায়—যোগী হও হে বীরেশ। ২৭ †
আমার এ গূঢ় তত্ত্ব জানিয়া কেবল,
বেদ, যজ্ঞ, তপস্যায়, দানে যেই ফল,
সে সকল অতিক্রমি মহাযোগী যান,
চরমে পরমা গতি বিষ্ণুপদ পান। ২৮

---

*বাশিষ্ঠ, ভূশুণ্ডের প্রাণ অপান ব্যাখ্যা দেখ (নির্ব্বাণ, পূর্ব্ব ২৫)
দুই নাসারন্ধ্রে জোয়ার ভাটার ন্যায় চন্দ্র সূর্য্যের (ইড়া পিঙ্গলা নাড়ীর) সম্বন্ধ আছে। তাহাতে শুক্ল কৃষ্ণ পথ, উত্তরায়ণ দক্ষিণায়ন ঠিক হইবে। আর্য্যমিশন্ গীতার টীকা ও পরিশিষ্টে বিশদ ব্যাখ্যা দেখ।

† যোগী হও—গীতার কথা; কুরুক্ষেত্রের কথাটি কাব্যের কথা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নবম অধ্যায় রাজবিদ্যা-রাজগুহ্য যোগ।

শ্রীভগবান্ বলিলেন—

দোষদৃষ্টি হীন তুমি অর্জ্জুন সুমতি,
কহি শুন জ্ঞানতত্ত্ব গোপনীয় অতি,—
ব্রহ্মের যে অংশে ব্যক্ত নিখিল সংসার,
সেই অংশ জানিলেই জ্ঞান নাম তার ;
ব্রহ্মের অব্যক্ত অংশ সেই মহাজ্ঞান
জানিলে সমাধি-যোগে জনমে বিজ্ঞান ;
বিজ্ঞানের সহ জ্ঞান শুন সবিশেষ,
জানিলে পাইবে মুক্তি দূরে যাবে ক্লেশ। ১
অতি গুহ্য জ্ঞান এই সর্ব্ব বিদ্যা সার,
পরম সুখেতে হবে সাধন তোমার ;
পবিত্র অক্ষয় ধর্ম্ম- সম্মত জানিবে,
নিজ বোধ-রূপে তব প্রত্যক্ষ হইবে। ২
এ ধর্ম্মে অশ্রদ্ধা যার, না জানি আমায়,
সংসার-মরণ পথে ঘুরিয়া বেড়ায়। ৩
অব্যক্ত জগদ্ব্যাপী আমি সুকৌশলে,
আমাতে সকল, আমি নহি সে সকলে। ৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কিবা ঐশ্বরিক যোগ ! দেখ তুমি তাই,
সর্ব্বভূত আমাতেই থাকিয়াও নাই,
আমায় ভুলেছে তারা, কিন্তু সবাকার
ধারক পালক আমি ! নির্লিপ্ত আবার । ৫
আকাশের গায় বায়ু নির্লিপ্ত যেমন,
ভূত গণ অসংযুত আমাতে তেমন ; ৬
প্রকৃতিতে পায় তারা প্রলয়ে বিলয়,
সৃষ্টিকালে সৃষ্টি পুনঃ করি সমুদয় । ৭
আমার প্রকৃতি-যোগে, আমি বারংবার
সৃষ্টি করি কর্ম্ম-পর- বশ এ সংসার ; ৮
অনাসক্ত উদাসীন আমি থাকি তায়,
সে কর্ম্ম করিতে নারে আবদ্ধ আমায় । ৯
ব্রহ্মাণ্ড প্রসব করে প্রকৃতি আমার
আমা হ'তে—তাই বিশ্ব হয় বারবার । ১০
রাক্ষসী অসুরী দুই প্রকৃতি ধরিয়া,
মূর্খগণ, বৃথা আশা বৃথা কর্ম্ম নিয়া,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমায় অবজ্ঞা করে নরদেহ জ্ঞানে,
সর্ব্বভূত মহেশ্বর— তত্ত্ব নাহি জানে। ১১,১২
দৈবী প্রকৃতির বশে স্থিরচিত্ত গণ
জগৎ-কারণ মোরে করেন ভজন। ১৩
কীর্ত্তনে, নিয়মে, কেহ প্রণাম করিয়া
কেহ বা আমায় পূজে স্থিরা ভক্তি দিয়া। ১৪
জ্ঞান-যজ্ঞে কেহ মোরে করেন অর্চ্চন,
তার মধ্যে 'সর্ব্বব্রহ্ম'— জ্ঞানে কেহ রন।
দাস্য-ভাবে কেহ মোরে পূজে ধনঞ্জয়,
নানা ভাবে পূজে মোরে— আমি সর্ব্বময়। ১৫
সর্ব্ব যজ্ঞ মহৌষধ শ্রাদ্ধ মন্ত্র ঘৃত
অগ্নি হোম - সকলই আমি, পাণ্ডুসুত। ১৬
পিতা মাতা ধাতা আমি পিতামহ আর,
আমিই জ্ঞাতব্য, বেদ, পবিত্র ওঙ্কার। ১৭
জগতের গতি আমি অখিল পালক,
বিশ্ব-সাক্ষী সুরক্ষক, স্রষ্টা সংহারক,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সর্ব্ব-ভোগ-স্থান আমি, সুহৃৎ অক্ষয়,
বিশ্বাধার বিশ্ব-বীজ, প্রলয়ে বিলয়। ১৮
হে অর্জ্জুন, সূর্য্যরূপে আমি তাপকারী
বারি বরষণ, পুনঃ আকর্ষণ করি,
আমিই জীবের হই জীবন মরণ,
আমি স্থূল আমি সূক্ষ্ম হে কুরু-নন্দন। ১৯
বেদ কর্ম্মি গণ করি যজ্ঞ অনুষ্ঠান,
পূজি মোরে করে শেষে সোমরস পান,
নিষ্পাপ হইয়া তারা স্বর্গ লাভ চায়,
পুণ্যফলে ইন্দ্রলোকে দেব-ভোগ পায়। ২০
মহা স্বর্গ-সুখ ভোগে হ'লে পুণ্যক্ষয়;
মর্ত্ত্যে পুনঃ তাহাদের আগমন হয়;
পুনর্ব্বার বেদধর্ম্ম করি আচরণ
করে সে কামনা সূত্রে গমনাগমন। ২১
একান্ত অন্তরে চিন্তা করে যে আমার,
আমিই বহন করি মোক্ষভার তার। ২২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভক্তি ভরে পূজে যারা অন্য দেবতায়,
আমাকেই পূজে, কিন্তু বিধি শুদ্ধ নয়। ২৩
যজ্ঞ ভোক্তা ফল-দাতা আমি পার্থ তায়,
স্বরূপ না জানি মাত্র পুনর্জ্জন্ম পায়। ২৪
দেবার্চ্চনা করি লোক দেবলোকে যায়,
পিতৃগণে পূজা করি পিতৃলোক পায়,
ভূত-লোক পায় পার্থ, ভূত পূজকেরা,
আমাকেই প্রাপ্ত হন মম ভক্ত যাঁরা। ২৫
পত্র পুষ্প ফল জলে, ভক্তিতে কেবল
পূজিলে গ্রহণ আমি করি সে সকল। ২৬
হোম দান সর্ব্ব কর্ম্ম, যা কর ভক্ষণ,
সমস্ত আমাতে তুমি কর সমর্পণ। ২৭
তাহা হ'লে হবে মুক্ত শুভাশুভ হ'তে,
সন্ন্যাস-যোগাতে যুক্ত হইবে আমাতে ২৮
সর্ব্ব ভূতে সম আমি আছি সর্ব্বদাই—
বিদ্বেষ ভাজন কিংবা প্রিয় কেহ নাই,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমাকেই ভক্তি ভরে   পূজা করে যারা,
তাদের অন্তরে আমি   আমাতেই তারা। ২৯
অতি দুরাচার যেই,   সেও মোরে ধরি,—
'সর্ব্ব দেবময় আমি'   হেন জ্ঞান করি,—
যদ্যপি ভজন করে,   অভেদ ভাবিয়া,
সেও সাধু সুনিশ্চয়   সুদৃঢ় বলিয়া। ৩০
দুরাচারী যত্নে করি   আমার ভজন,
ধর্ম্মাত্মা হইয়া শীঘ্র,   পায় শান্তি ধন ;
জানিবে, হে ধনঞ্জয়,   এ কথা নিশ্চয়,—
"কখনো আমার ভক্ত,   বিনষ্ট না হয়।" ৩১
পাপ বংশে জন্ম যার,   বৈশ্য শূদ্র নারী,
মুক্তি পায়, ধরে যদি   মোরে ভক্তি করি। ৩২*

---

* রাজা করে স্বর্ণথালে পলান্ন ভোজন
চাষা পাতি কলাপাত   ক'সে মারে ডাল ভাত
যাহার যেমন ক্ষুধা তৃপ্ত সে তেমন!
হরিদ্বারে ঋষি বসি নবদ্বার রুধি
কুম্ভকে লাগায়ে ধ্যান   হারাইয়ে বাহ্যজ্ঞান
হৃদি রত্নাকরে ডুবি খুঁজিছে যে নিধি—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পবিত্র ব্রাহ্মণ আর রাজ ঋষি যাঁরা,
কি বিচিত্র, আমায় যে পাইবেন তাঁরা ?
তাই বলি এ অনিত্য সংসারে আসিয়া,
আমার ভজনা কর মন প্রাণ দিয়া। ৩৩
আমাতেই রাখি চিত্ত মম ভক্ত হও,
নমস্কার কর মোরে, উপাসনা লও,—
এ রূপে আমাতে হ'লে সমাহিত মন,
নিশ্চয় আমাকে পাবে হে কুরুনন্দন। ৩৪

হাভাতে হাড়ীর মেয়ে সেই খোঁজে খোঁজে গিয়ে
রুক্ষ মাথা এল চুল বৃক্ষ মূলে ঢালে ফুল
ভূমে প'ড়ে মাথা খুঁড়ে ব্যাকুল কাঁদিয়ে—
হেস না হে যোগী ঋষি তত্ত্বজ্ঞানী ভাই
দেখত মিটিবে ধাঁধাঁ উহার আঁচলে বাঁধা
যে রত্ন, তোমার কাছে আছে কি তা নাই।
(সাধক-গুপ্তরত্ন মেহার-মাহাত্ম্য ৫৭ পৃষ্ঠা দেখ)

* ঘরে ঘরে গীতাপাঠ ফল কেন ফল্‌চেনা ?
দেশলায়ের কাঠির দোষে একটি কাঠি জল্‌চে না।
গীতার শ্লোক ইক্ষুখণ্ড গিলিলে আস্বাদ নাই,
গুরুপাশে বসে বসে সরসে চিবান চাই !

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দশম অধ্যায়—বিভূতি যোগ।

শ্রীভগবান্ কহিলেন—

সার তত্ত্ব, কুন্তী-সুত শুন পুনরায়,
ভাল বাসি, কহি তাই হিত কামনায়। ১
দেব ঋষি না জানেন উদ্ভব আমার,
সকলের আদি আমি, কে জানিবে আর ? ২
আদি নাই জন্ম নাই, মহান্ ঈশ্বর—
হেন যে আমায় জানে, মুক্ত সেই নর। ৩
ক্ষমা সত্য স্থির ভাব, বুদ্ধি জ্ঞানোদয়,
শম দম সুখ দুঃখ উদ্ভব বিলয়,
অহিংসা অভয় ভয় অখ্যাতি সুখ্যাতি,
সমতা সন্তোষ দান তপস্যা প্রভৃতি,
নানা বিধ জীব ভাব শুন ধনঞ্জয়,
সমুদয় সমুদিত আমা হ'তে হয়। ৪, ৫
ভৃগু আদি সপ্ত জন মহাঋষি, আর
সনকাদি চারি জন পূর্ব্ববর্ত্তী তার,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্বায়ম্ভুব আদি চৌদ্দ মনু—এ সকল
কেবল আমার ভাবে হইল প্রবল,
আমার মানস হ'তে জনমিল তারা,
তাদের সন্তান এই ব্রাহ্মণাদি যারা ৬
আমার ঐশ্বর্য্য হেন— যোগের লক্ষণ
যে জানে সে হয় স্থির সমাধি গমন ; ৭
আমা হ'তে জগতের সৃষ্টি প্রবর্ত্তন—
ভাব জানি করে জ্ঞানি আমার ভজন। ৮
মন প্রাণ যারা মোরে করে সমর্পণ
তাহারা আমার গুণ করিয়া কীর্ত্তন
আমার অমৃত ময় তত্ত্ব-কথা যত
পরস্পরে বুঝাইয়া তৃপ্তি পায় কত। ৯
সদাযুক্ত ভক্তে আমি দেই হেন জ্ঞান
দুর্লভ আমায় যাতে অনায়াসে পান। ১০
অযাচিত অনুগ্রহ করিবার তরে,
গুপ্ত থাকি তাহাদের বুদ্ধি-বৃত্তি পরে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তাহে করি তত্ত্বজ্ঞান—জ্যোতির সঞ্চার,
জ্ঞান-জ্যোতিঃ দিয়া নাশি অজ্ঞান আঁধার ॥ ১১

অর্জ্জুন কহিলেন—

পরব্রহ্ম তুমি কৃষ্ণ, পরম আশ্রয়,
পরম পবিত্র দেব, তুমি কৃপাময়।
দেবর্ষি, নারদ, ব্যাস, অসিত, দেবল—
ঋষিগণ, ভৃগু আদি তাপস সকল
কহেন তোমায় দিব্য পুরুষ অব্যয়,
স্বপ্রকাশ আদি দেব, বিভু বিশ্বময়।
ঋষিগণ তব তত্ত্ব কহেন যেমন,
আমায় স্বয়ং কৃষ্ণ কহিলে তেমন। ১২, ১৩
সত্য মানি যাহা তুমি কহিলে কেশব,
না জানে দানব দেবে তোমার উদ্ভব। ১৪
হে প্রভো, পুরুষোত্তম জগতের পতি,
দেব-দেব, ভূত নাথ অগতির গতি,
হে ভূত ভাবন, ভবে কে জানে তোমায় ?
আপনিই আত্ম-জ্ঞানে জান আপনায়। ১৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সর্ব্বলোক-ব্যাপী যেই ঐশ্বর্য্য তোমার,
কহ ত অশেষ রূপে বিশেষ তাহার। ১৬
হে যোগীন্দ্র, কিরূপে বা কহ তা আমায়,
কোন্ কোন্ দ্রব্যে চিন্তা করিব তোমায়? ১৭
জনার্দ্দন, যোগৈশ্বর্য্য— বিভূতি তোমার
বিস্তারিয়া এ দাসেরে কহ পুনর্ব্বার;
কথা শুনি শ্রীনিবাস, মিটিছে না আশ,
বাক্য-সুধা আস্বাদনে বাড়িছে পিয়াস। ১৮

শ্রীভগবান্ বলিলেন—

শুন তবে কুন্তীসুত, অন্ত নাই তার,
প্রধান যে কিছু কহি ঐশ্বর্য্য আমার,—১৯
কৌন্তেয়, নিয়ন্তা রূপে ভূতের অন্তরে,
পরমাত্মা আমি; আর সৃষ্টি অভ্যন্তরে
হই আমি সৃষ্টি স্থিতি সংহার-কারণ,
দ্বাদশ আদিত্যে বিষ্ণু, জ্যোতিতে তপন,
মরীচি মরুৎগণে, সুনীল অম্বরে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শোভাময় সুধাকর তারকা নিকরে।* ২০, ২১
বেদ মধ্যে সাম বেদ আমি হে পাণ্ডব,
দেববৃন্দ মাঝে আমি দেবেন্দ্র বাসব।
ইন্দ্রিয়ের মধ্যে মন, চেতনা জীবের,
রুদ্রেতে শঙ্কর, যক্ষ রক্ষেতে কুবের ;
বসু মধ্যে বহ্নি আমি গিরি মধ্যে মেরু,
পুরোহিত মধ্যে আমি বৃহস্পতি গুরু ;
সেনানীগণের মধ্যে কাত্তিকেয় আর,
জলাশয় মধ্যে আমি সাগর আকার। ২২—২৪
মহর্ষির মধ্যে ভৃগু ঋষি শিরোমণি, †
সকল বাক্যের মাঝে ওঙ্কারের ধ্বনি।

---

* তবে তারকাগুলিতে কি তিনি নাই ? তাও আছেন। কিন্তু বিশেষ বিস্ময়কর ও চিত্তাকর্ষক বস্তুতে মানুষের দৃষ্টি সর্ব্বাগ্রে পড়ে, ইহা স্বাভাবিক ; তাই প্রধান প্রধান ও সুন্দর সুন্দর বস্তুতে তাঁহাকে (বা তাঁহার মহিমা) সহজেই উপলব্ধি করা যায়।

† যিনি মানবিক বিবর্ত্তন শেষ করিয়া লোকসমাজকে উন্নত করিবার জন্যই পার্থিব সংস্পর্শ রাখিয়া, জীবন্মুক্তভাবে জগতে থাকিয়াই চিন্ময়দেশে বাস করেন, তিনিই মহর্ষি (বিদুষী বেশান্তের গীতা) ইঁহারাই স্থূল দেহ ছাড়িয়া সূক্ষ্ম দেহ লইয়া গগনবিহারী হইলে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যজ্ঞে আমি জপ-যজ্ঞ সর্ব্ব-যজ্ঞ-সার,
অচলেতে হিমাচল উপাধি আমার। ২৫
সকল বৃক্ষের মাঝে অশ্বত্থ মহান্,
দেবর্ষির মধ্যে আমি নারদ প্রধান;
আমি হই চিত্ররথ সর্ব্ব গন্ধর্ব্বতে,
আমিই কপিল, সিদ্ধ গণের মধ্যতে। ২৬
অশ্বে উচ্চৈঃশ্রবা ঐরাবত গজ গণে—
উঠিল যা দেবাসুর ক্ষীরোদ মথনে;
মানবের মাঝে আমি, হে কুরু নন্দন,
রাজা হয়ে করি সর্ব্ব প্রজার পালন। ২৭
অস্ত্র মধ্যে বজ্র আমি, বাসুকি সর্পতে,
কামধেনু হই আমি, ধেনুর মধ্যতে।
প্রজার উদ্ভব তরে কন্দর্পই আমি,
অনন্ত নাগের মাঝে, সর্ব্ব নাগ-স্বামী।

দেবতা হন। তখনও অদৃশ্যে জগতের অশেষ কল্যাণ সাধন করেন। অবশেষে 'বিদেহমুক্তি' গ্রহণ করেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanas

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জলচরে সে বরুণ, সংযমীতে যম,
পিতৃগণে অর্য্যমাই আমি সর্ব্বোত্তম। ২৮, ২৯
আমিই প্রহ্লাদ পার্থ দৈত্যের সমাজে,
আমিই সংখ্যক কাল সংখ্যাকারী মাঝে।
মৃগেতে মৃগেন্দ্র আমি সিংহ নাম যার,
পক্ষিগণ মাঝে নাম গরুড় আমার। ৩০
বেগমান্ গণ মধ্যে বায়ু মম নাম,
শস্ত্রধারি গণ মাঝে হইয়াছি রাম।
সকল মৎস্যের মাঝে আমিই মকর,
জানিবে জাহ্নবী আমি স্রোতে বীরবর। ৩১
সৃষ্টির আদ্যন্ত মধ্য, আমি নির্ব্বিবাদ,
বিদ্যা মাঝে আত্ম-বিদ্যা বাদি মধ্যে বাদ। ৩২
সমাস সমূহে দ্বন্দ্ব অক্ষরে অ-কার,
আমিই অক্ষয় কাল বিধাতা সবার। ৩৩
সর্ব্ব-সংহারক মৃত্যু আমি ধনঞ্জয়,
আমিই সকল ভবি- ষ্যতের উদয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সপ্ত দেব শক্তি রূপে নারী মধ্যে স্থিতি—
কীর্ত্তি স্মৃতি মেধা ক্ষমা বাক্ শ্রী সুধৃতি ; ৩৪ *
বেদেতে গায়ত্রী, সাম মধ্যে মহাসাম,
মাসেতে অগ্রহায়ণ ধরিয়াছি নাম।
সকল ঋতুর মাঝে অতি মনোহর
আমিই বসন্ত ঋতু কুসুম-আকর। ৩৫
বঞ্চকের প্রবঞ্চনা আমি ধনঞ্জয়,
তেজস্বীর তেজঃ আমি জয়িগণে জয়।
উদ্যমীর উদ্যম সে সাত্ত্বিকের সত্ত্ব,
বৃষ্ণিগণে বাসুদেব, এই মম তত্ত্ব।
পাণ্ডবেতে ধনঞ্জয় ব্যাস মুনি গণে,
কবিগণে শুক্রাচার্য্য আমি এ ভুবনে। ৩৬, ৩৭

---

* অনেকের ধারণা যে, মাতৃগণ কেবল গৃহকর্ম্মের জন্যই সৃষ্ট। বস্তুতঃ শক্তিরূপা মাতৃগণে এই সপ্তশক্তি আছে, কোথাও গুপ্ত, কোথাও ব্যক্ত। যাজ্ঞবল্ক্য ঋষির দুই স্ত্রী—মৈত্রেয়ী ও কাত্যায়নী। তপস্যায় গমনকালে ঋষি দুই স্ত্রীকে বহু ঐশ্বর্য্য দিয়া-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দমন কারীর দণ্ড হই সর্ব্ব ভীতি,
যথা জয় অভিলাষ তথা আমি নীতি,

হে অর্জ্জুন, গুহ্য যত, মৌন আমি তায়,
সকল জ্ঞানীর জ্ঞান, জানিবে আমায়। ৩৮

সর্ব্ব ভূতে বীজ আমি, শুন পার্থ তাই
আমি ভিন্ন চরাচরে আর কিছু নাই। ৩৯

অনন্ত হে পরন্তপ ঐশ্বর্য্য আমার,
সংক্ষেপে তোমায় আমি কহিলাম সার। ৪০

যা কিছু প্রভাব বল শ্রী ঐশ্বর্য্য যুত,
মম তেজঃ অংশে তাহা সকলি সম্ভূত। ৪১

অথবা অর্জ্জুন, বহু ঐশ্বর্য্য আমার
পৃথক্ পৃথক্ শুনি কি কাজ তোমার ?

এক অংশে সর্ব্ব বিশ্ব করেছি ধারণ,—
এখন ইহা ভাবনা কর পূর্ণত্ব কেমন। ৪২

যান, তখন মৈত্রেয়ী তাহা না লইয়া বলিয়াছিলেন—"যেনাহং নামৃতা স্যাম্ কিমহং তেন কুর্য্যাম্।" "যাহাতে আমি অমরত্ব লাভ করিতে না পারিব, তাহা লইয়া কি করিব ?" অতএব এই অমরত্ব লাভের জন্য সাধন ভজন নারীগণ কেনই বা না করিবেন ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

একাদশ অধ্যায়—বিশ্বরূপ-দর্শন যোগ।

অর্জ্জুন বলিলেন—

অনুগ্রহ করি, হরি গোপনীয় অতি
আত্ম তত্ত্ব যাহা মোরে কহিলে সম্প্রতি,
তাহাতে এ মোহ দূর হইল আমার,
কমল-পত্রাক্ষ কৃষ্ণ, তুমি বার বার
ভূতগণ-সৃষ্টি লয়, মাহাত্ম্য অক্ষয়,
কহিলে আমায় কৃপা করি বিশ্বময়। ১, ২
সত্য হে পরমেশ্বর, কহিলে যা তুমি,
ঐশ্বরিক রূপ তব দেখিব যে আমি? ৩
যদি আমি যোগ্য হই সে রূপ দর্শনে,
সে অব্যয় আত্মা প্রভো দেখাও অর্জ্জুনে। ৪

শ্রীভগবান্ কহিলেন—

দেখ দিব্য নানা বর্ণ বিবিধ আকার—
শত শত সহস্র বা রূপ পারাবার। ৫
দ্বাদশ আদিত্য দেখ, অষ্ট বসু আর,
অশ্বিনী-কুমার দ্বয় দেহেতে আমার,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanas

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ঊন পঞ্চাশৎ বায়ু উদিত তথায়,
একাদশ রুদ্র দেখ বিরাজিত তায়;
অনেক অদৃষ্ট-পূর্ব্ব দ্রব্য দেখ আর,
অর্জ্জুন আশ্চর্য্য কত শরীরে আমার। ৬
ধনঞ্জয় সমুদয় বিশ্ব চরাচর—
যা দেখিবে, দেখ মম দেহে কি সুন্দর! ৭
চর্ম্ম-চক্ষে দেখিতে না পাইবে আমায়,
জ্ঞান-চক্ষু দান এই করিনু তোমায়,
ঐশ্বরিক যোগ মম কিবা চমৎকার!
দেখিয়া সার্থক কর জীবন তোমার। ৮

সঞ্জয় কহিলেন –

রাজন্ অর্জ্জুনে করি এ রূপ আহ্বান,
মহা যোগেশ্বর হরি, স্বরূপ দেখান। ৯
ঐশ্বরিক সেই রূপে অদ্ভুত দর্শন—
বহু মুখ বহু নেত্র বহু আভরণ,
কতই উদ্যত অস্ত্র, দিব্য মাল্য গলে,
অনন্ত সর্ব্বত্র মুখ মহা প্রভা জ্বলে,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দিব্য বস্ত্র দিব্য গন্ধ বরাঙ্গের শোভা,
সকলি আশ্চর্য্যময় অতি মনোলোভা। ১০, ১১
রাজন্, একত্রে মিলি যদি কভু হয়
সহস্র আদিত্য আসি আকাশে উদয়,
তা হ'লে উথলে যথা জ্যোতিঃ পারাবার,
সেই রূপ অঙ্গ জ্যোতিঃ সেই মহাত্মার। ১২
সেই দেব-দেব-দেহে অর্জ্জুন তখন
দেখিলা বহুধা বিশ্ব একত্রে স্থাপন। ১৩*

---

* সহস্র সূর্য্যের ন্যায় ভর্গোদেবের গায়ত্রী) অঙ্গজ্যোতিঃ মধ্যে অনন্ত ব্রহ্মাণ্ডের কিরূপে সৃষ্টি-স্থিতি-লয় হইতেছে তাহাই বশিষ্ঠদেব বলিতেছেন--

* সূর্য্যকান্ত-মণি মাঝে অগ্নি গুপ্ত থাকে যথা
দুগ্ধ মাঝে গুপ্ত যথা ননী,
অখণ্ড চৈতন্য মাঝে রামভদ্র আছে তথা
মহাশক্তি সৃষ্টি প্রসবিনী।
স্ফুলিঙ্গ অনল হ'তে সূর্য্য হ'তে রশ্মি যথা
ব্রহ্মাকাশ হ'তে বিশ্ব আসে,
সংসারের সুখ-সূর্য্য— নিশার স্বপন খেলা
উঠিছে ডুবিছে ব্রহ্মাকাশে। (যোগ-বাশিষ্ঠ)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রোমাঞ্চিত দেহে, কৃষ্ণে করিয়া প্রণাম,
কৃতাঞ্জলি পুটে কহে পার্থ গুণধাম—১৪
তব দেহে শ্রী-নিবাস সর্ব্ব দেবতার বাস
নানাবিধ দেখি প্রাণি গণ ;
দিব্য ঋষি গণ কত, হেরি নাগ গণ যত ;
বসি ব্রহ্মা কমল-আসন। ১৫
বিশ্বরূপ বিশ্বেশ্বর কতই তব উদর
বহু বাহু, বহু মুখ আঁখি,
অনন্ত রূপ মাধুরী, তোমায় সর্ব্বত্র হেরি,
আদি অন্ত মধ্য নাহি দেখি। ১৬
কিবা গদা-চক্রধারী বিশ্বময় দীপ্তিকারী
তেজঃপুঞ্জ, কিরীট মাথায় ;
প্রচণ্ড মার্তণ্ড-প্রভা দুর্নিরীক্ষ্য অগ্নি আভা
অপ্রমেয় নিরখি তোমায়। ১৭
তুমি ব্রহ্ম সারাৎসার জ্ঞানীর জ্ঞাতব্য আর
বিশ্বের আশ্রয় জানি আমি,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তুমি নিত্য সত্য গতি, সনাতন-ধর্ম্ম-পতি,
চিরন্তন পুরুষ যে তুমি! ১৮
সৃষ্টি-স্থিতি লয় নাই একি দেখিবারে পাই!—
বহু বাহু, চন্দ্র-সূর্য্য আঁখি।
তেজে বিশ্ব তাপ পায়, অমিত প্রভাব তায়,
কি প্রদীপ্ত অগ্নি-মুখ দেখি! ১৯
অন্তরীক্ষ চরাচর, ব্যাপ্ত তব কলেবর,
সর্ব্ব দিকে এক মাত্র তুমি;
ভয়ঙ্কর রূপ হেন নিরখি ত্রিলোক যেন
ভয়ে কাঁপে। দেখিতেছি আমি! ২০
ওই দেবগণ হায়, প্রবেশে তোমার কায়,
কৃতাঞ্জলি-পুটে কেহ ডাকে;
মহর্ষিরা, সিদ্ধগণ, 'স্বস্তি স্বস্তি!' উচ্চারণ
করি স্তব করিছে তোমাকে! ২১
রুদ্র গণ চমৎকার, দ্বাদশ আদিত্য আর
অষ্টবসু সাধ্যদেব কত,
বিশ্বদেব সমুদয় অশ্বিনী কুমার দ্বয়,
বিশ্বময় বায়ু আছে যত,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আর সেই পিতৃগণ, গন্ধর্ব্বও অগণন,
যক্ষ সিদ্ধ অসুর সকল,
তব বিশ্বরূপ হেরি, অবাক হইয়া হরি,
তোমাকেই দেখিছে কেবল! ২২
বহু মুখ উরু বাহু চরণ উদর বহু,
বহু নেত্র দন্তে ভয়ঙ্কর ;
রূপ হেরি সর্ব্বজন মহাভয়ে নিমগন,
ভয়াকুল আমার অন্তর। ২৩
হে বিষ্ণো, আকাশ পূর্ণ জ্যোতির্ম্ময় বহু বর্ণ,
দীপ্ত-নেত্র নিরখি তোমায়,—
বিস্তৃত বদন হেরি, ধৈর্য্য শান্তি নাই হরি,
ভয়ে মরি, কি করি উপায়! ২৪
ভয়ঙ্কর দন্তধারী কালাগ্নি বদন হেরি,
দিক্‌ভ্রম হতেছে আমার!
মনে নাই সুখ লেশ ভীত আমি হে দেবেশ
সুপ্রসন্ন হও বিশ্বাধার! ২৫
লইয়া ভূপাল কত ধৃতরাষ্ট্র-পুত্র যত,
ভীষ্ম দ্রোণ ওই কর্ণবীর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমাদের যোধ সনে ধাবমান মহারণে,
পরক্ষণে হইয়া অধীর—
মহাদন্তে ভয়ঙ্কর তোমার মুখবিবর
প্রবেশ করিছে সবে তায়!
চূর্ণিতে মস্তকে কেহ তব দন্ত-সন্ধি সহ
লগ্ন হেরি ভয়ে প্রাণ যায়! ২৬, ২৭,
ধায় যত স্রোতস্বিনী সাগরমুখ গামিনী
সাগরেই প্রবেশে সকল;
সেই মত বীর যত স্রোতাবেগে অবিরত
তব মুখে পশিছে কেবল! ২৮
যেমন সবেগে গিয়া দীপ্তানলে ঝাঁপ দিয়া
পতঙ্গেরা জীবন হারায়;
সেই রূপ সর্ব্ব নরে আপন মরণ তরে
বেগ ভরে তব মুখে ধায়! ২৯
জ্বলন্ত বদন ভরি সর্ব্ব লোক গ্রাস করি
বিলক্ষণ করিছ ভক্ষণ!
তব তীব্র তেজে হরি সর্ব্ব বিশ্ব ব্যাপ্ত করি
করিতেছ দগ্ধ অনুক্ষণ। ৩০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উগ্ররূপী কে গো তুমি? বল মোরে—ভীত আমি।
তব পদে করি নমস্কার,
তুষ্ট হও কও শুনি, আদি-নাথ তব বাণী—
কি জানি কি প্রবৃত্তি তোমার! ৩১

শ্রীভগবান্ কহিলেন—

শুন পার্থ চিরকাল আমি যে করাল কাল
করি সর্ব্ব লোকের সংহার;
যদি, না কর রণ, বিপক্ষের বীরগণ
থাকিবে না কেহই ইহার। ৩২

উঠ উঠ পার্থ তবে, যশোলাভ কর ভবে,
রিপু নাশি লও রাজ্য ভূমি;
সব্যসাচী রিপু যত, আমিই করেছি হত,
এখন নিমিত্ত মাত্র তুমি! ৩৩

আমার নিহত দ্রোণ জয়দ্রথ ভীষ্ম কর্ণ,
নির্ভয়ে নিধন কর সবে, *

---

* "যোগ" বলিতে বলিতে কাব্যের উপাখ্যানের একটু মিল চাই। তাই ভীষ্ম-দ্রোণের পরিণাম দেখাইয়া নিজ যোগ বিভূতির কথাই বলিতেছেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নাহি ভয়, সুনিশ্চয় হবে রিপু পরাজয়,
ধনঞ্জয় যুদ্ধ কর তবে। ৩৪

সঞ্জয় কহিলেন—

তখন অর্জ্জুন শুনি কেশবের যোগবাণী,
কৃতাঞ্জলি-পুটে সকম্পনে,
কৃষ্ণে করি নমস্কার ভয়ে ভয়ে পুনর্ব্বার
কহিলেন গদ্গদ বচনে ;—৩৫

হৃষীকেশ, তোমার যে মাহাত্ম্য কীর্ত্তনে
হর্ষ অনুরাগ হয় নিখিল ভুবনে,
রাক্ষস পলায়, সিদ্ধ করে নমস্কার,
সকলি সে সত্য—সব সম্ভবে তোমার ! ৩৬
ওহে মহাত্মন্ হরি, অনন্ত প্রকাশ,
হে দেবেশ, বিশ্বময় জগৎ নিবাস,
ব্রহ্মা হ'তে গুরু তুমি জনক ব্রহ্মার,
কেন না করিবে বিশ্ব পদে নমস্কার ?
যা কিছু অব্যক্ত ব্যক্ত— তুমিই সকল !
ব্যক্ত অব্যক্তের পরে ব্রহ্ম নিরমল। ৩৭
তুমিই দেবাদি দেব অনন্ত মহান্,
অনাদি পুরুষ তুমি, বিশ্ব-লয়স্থান ;

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanas

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তুমি সর্ব্বজ্ঞাতা, তুমি জ্ঞাতব্য বিষয়
তুমিই পরম ধাম, তুমি বিশ্বময়। ৩৮
বায়ু বহ্নি যম তুমি, তুমি প্রজাপতি,
শশাঙ্ক বরুণ তুমি— অগতির গতি,

সম্বন্ধ অধিক আর কি বলিব আমি,
পিতামহ ব্রহ্মা যিনি, তাঁর পিতা তুমি!

নমো নমঃ পদাম্বুজে নমঃ পুনর্ব্বার,
সহস্র সহস্র বার করি নমস্কার। ৩৯

নমোঽস্তু হে সর্ব্ব তব সম্মুখে পশ্চাতে,
সর্ব্ব দিকে নমস্কার করি বিধি মতে।

তুমি হে অনন্ত বীর্য্য বিক্রম অপার,
তুমি সর্ব্ব, তুমি বিশ্ব— ব্যাপী সারাৎসার। ৪০*

---

* তুমিই সর্ব্ব, তোমাতেই সর্ব্ব, তোমা হইতেই সর্ব্ব, সর্ব্ব হইতেই তুমি। তাই ব্রহ্মলোকে গিয়াও পিতা-মাতা স্ত্রী-পুত্রাদির "মমতা"—মম মম, এই সম্বন্ধ, এক হওয়ার সম্বন্ধ হারাইতে হইবে না ; "মমতা" পূর্ণতা লাভ করিবে। 'পূর্ণতা' কি তাহা না বুঝিলেই ভয়! বাল্যভাবের পূর্ণতা যৌবন, যৌবনে কি বাল্যভাবের জন্য দুঃখ হয়? সাধু-বুদ্ধিও পরলোকে গিয়া পূর্ণতা বা যৌবন লাভ করিবে। সে যে "সব পাওয়ার দেশ, সব হওয়ার দেশ!" তিনি সব লইয়া পূর্ণ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হেন বিশ্বরূপ আর মহিমা অপার,
প্রমাদ বা প্রীতিবশে না জানিয়া সার,
'হে কৃষ্ণ, যাদব সখে,' বলি এই মত
সখা ভাবি তিরস্কার করিয়াছি কত। ৪১
অচ্যুত, আনন্দে যবে থাকিতে শয়নে,
অথবা উপবেশন বিহার ভোজনে,
সাক্ষাতে বা অসাক্ষাতে পরিহাস করি,
কত অপরাধ পদে করিয়াছি হরি!
অচিন্ত্য যে তুমি! আজ ভিক্ষা তব পাশে—
নিতান্ত অজ্ঞান আমি! ক্ষমা কর দাসে ৪২
সর্ব্ব-লোক-পিতা তুমি, পূজ্য চরাচর,
গুরু ও গুরুর গুরু, তুমি পরাৎপর,
ত্রিলোকের মাঝে তব তুলনা অভাব,
তোমার অধিক কোথা— অতুল্য প্রভাব! ৪৩
বিশ্বের পূজিত দেব ঈশ্বর যে তুমি
দণ্ডবৎ প্রণিপাত করিতেছি আমি—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পিতা পুত্রে, সখা মিত্রে, পতি পত্নীতরে,
ক্ষমা করে যথা আর সব সহ্য করে,
সেই রূপ ক্ষমা কর আমার যে দোষ,
প্রিয় ভাবি সহ্য কর— না করিও রোষ ! ৪৪ *
নিরখি অপূর্ব্ব এই রূপ তব হরি,
হৃষ্ট আমি, কিন্তু যেন মহাত্রাসে মরি !
নয়ন জুড়ায় যাতে সে রূপ দেখাও ;
হে দেব জগন্নিবাস, সুপ্রসন্ন হও। ৪৫
হৃদয়রঞ্জন রূপ দেখেছি যেমন,
বিশ্বরূপ, সেই-রূপ দেখাও এখন,—
করে গদা চক্র, শিরে কিরীটের শোভা,
চতুর্ভুজ রূপ ধর জন-মনোলোভা ! ৪৬

---

* "তোমারি খেলনা আমি, তোমারি চরণ-ধূলি।
তোমার হাতের গড়া তোমার বসন পরা
তোমার মুখেতে বলি তোমারি শিখান বুলি॥
তোমার হাতের গড়া পুতুল ভিন্ন আমি কিছু নয় !
আমারে ভাঙ্গিয়ে দিও যখনি বাসনা হয় !" (রোষ কেন হবে ?)
সুধাকর কৃত ব্রজাঙ্গনা গীতায় আছে—
দেখ হে—তব সেবাতেই সর্ব্ব সেবা !
জীবের সে নিত্য প্রিয়, তুমিই পরমাত্মীয়
হে আত্মন্, পতি পুত্র কে বা ? (কি গাঢ় সম্বন্ধ)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীভগবান্ কহিলেন—

তোমা সম ভক্ত ভিন্ন অন্যে কোন কালে,
দেখে নাই যেই রূপ— আত্ম যোগ বলে
প্রসন্ন হইয়া আজ দেখানু তোমায়,
বিশ্বরূপ অন্তহীন আদ্য তেজোময়। ৪৭

হে কৌরব, বেদ যজ্ঞ কিংবা অধ্যয়নে,
ক্লেশকর ক্রিয়া, উগ্র তপস্যা কি দানে,
দেখিতে আমার এই রূপ বিশ্বময়,
তোমা সম ভক্তভিন্ন সমর্থ না হয়। ৪৮

ভয়ঙ্কর বিশ্বরূপ হেরিয়া আমার
ব্যথিত মোহিত পার্থ হইও না আর ;
ভয়শূন্য প্রীত মনে দেখ পুনরায়
গদাচক্রধারী সেই কিরীটী আমায়। ৪৯*

সঞ্জয় কহিলেন—

এত বলি পার্থে সেই গোলক বিহারী
দেখাইলা নিজ রূপ গদা-চক্রধারী ;

---

* "অরূপ রূপবান্" হরি অরূপের রূপ। (অমৃত ৫ম রসায়ন দেখ)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ধরি সে প্রসন্ন মূর্ত্তি পুনঃ কৃপা গুণে
করিলা আশ্বাস দান বিষণ্ণ অর্জ্জুনে। ৫০

অর্জ্জুন কহিলেন—

এই সৌম্য নর-মূর্ত্তি হেরি জনার্দ্দন,
সুস্থ হইলাম আমি সুপ্রসন্ন মন। ৫১

শ্রীভগবান্ কহিলেন—

আমার এ বিশ্বরূপ করিতে দর্শন,
অর্জ্জুন, করেন বাঞ্ছা সদা দেবগণ। ৫২
যেরূপ দেখিলে পার্থ, তুমি ভাগ্যবান!
বেদ তপঃ যজ্ঞে কেহ দেখিতে না পান,—৫৩
আমাতেই একনিষ্ঠা ভক্তি হয় যার,
সেই জন জানে হেন স্বরূপ আমার,
সেই মাত্র মোরে, পার্থ, দেখিবারে পায়,
ভক্তি-বশে অবশেষে প্রবেশে আমায়। ৫৪
সর্ব্ব কর্ম্ম হয় যাঁর উদ্দেশে আমার,
শুন পার্থ, পরমার্থ আমি মাত্র যাঁর,
মম ভক্ত, অনাসক্ত, শত্রু হীন যিনি,
আমায় পরমানন্দে প্রাপ্ত হন তিনি। ৫৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দ্বাদশ অধ্যায়—ভক্তিযোগ।

অর্জ্জুন কহিলেন—

তোমাতে সঁপিয়া চিত্ত যেই ভক্তগণ
হেন উপাসনা তব করে সর্ব্বক্ষণ,
আর সে অব্যক্ত ব্রহ্মে যারা ধ্যান করে—
শ্রেষ্ঠ যোগী কহ কৃষ্ণ, কহিব কাহারে ? ১

শ্রীভগবান্ বলিলেন—

আমাতে নিবিষ্ট চিত্ত নিত্যযুক্ত যারা
শ্রদ্ধায় করেন ধ্যান যোগিশ্রেষ্ঠ তাঁরা। ২
আর যাঁরা সমদর্শী জিতেন্দ্রিয় হন,
সর্ব্বভূত-হিতে রত নির্ব্বিকার মন,
অচিন্ত্য অব্যক্ত ব্রহ্ম— ধ্যান পরায়ণ,
তাঁহারাও ধনঞ্জয়, মোরে প্রাপ্ত হন। ৩, ৪
সাধক অব্যক্ত ব্রহ্মে বহু ক্লেশে পায় ;
বহু কষ্টে সেই নিষ্ঠা লাভ করা যায়। ৫
কিন্তু করি সর্ব্ব কর্ম্ম অর্পণ আমাকে,
যাহারা একাগ্র যোগে আমাতেই থাকে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ধ্যানেতে আমায় সদা উপাসনা করে,
আমাতে নিবিষ্ট-চিত্ত সেই সব নরে,
অচিরে কাণ্ডারী হ'য়ে করি আমি পার
মৃত্যুময় এ সংসার— জলধি অপার। ৬, ৭

আমাতেই মন বুদ্ধি দেও ধনঞ্জয়,
আমাতে থাকিবে "ঊর্দ্ধে" নাহিক সংশয়। ৮*

---

* চক্ষুর তারার মধ্য দিয়া কেমন জ্বলন্ত জীবনভাব ফুটিয়া বাহির হইতেছে, দেখ, উহাই চিৎধাতু বা চৈতন্য। উহার স্বচ্ছতার মধ্যে তোমার সূক্ষ্ম প্রতিবিম্ব দেখিতে পাইবে। রূপসাধনকারী বৈষ্ণবগণ উহাকেই বলেন জীবের সূক্ষ্ম স্বরূপ চিন্ময় দেহ। তাই তাঁহারা পরস্পরের চক্ষুর মধ্যে পরস্পরকে দর্শন করেন ও পরস্পরকে নয়নে নয়নে রাখেন। ঐ চক্ষুমণির অন্তরস্থ চিৎধাতুই সেই মহাচৈতন্যনিঃসৃত অধোগামী চৈতন্য-ধারা। ঐ চৈতন্যধারা মৃত্যুকালে ঊর্দ্ধগামী হইয়া মস্তকপথে আকাশে উঠিয়া যায়, তাই চক্ষু উল্টাইয়া শিব-নেত্র হয়। আগে হইতে শিব-নেত্র অভ্যাস করিলে অধোগামী চৈতন্যধারা ঊর্দ্ধভাবাপন্ন হইয়া স্বভাব প্রাপ্ত হয়, স্বরাজ্যের অভিমুখী হইয়া থাকে। তাই ভ্রূমধ্যে দৃষ্টি স্থাপন আবশ্যক। সন্তগণ ইহাকে "সুরত-যোগ" বলেন। ইহাতে দেব-ভাব বৃদ্ধি পায়। অতএব আমাতে থাকিলেই সেই 'ঊর্দ্ধে' স্থির চৈতন্যে থাকিবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমাতেই চিত্ত যদি না রাখিতে পার,
অভ্যাসে লভিতে মোরে ক্রমে যত্ন কর। ৯*
অভ্যাসেও অসমর্থ যদি তুমি হও,
আমার প্রীতির কর্ম্মে সদা রত রও,

---

* শিষ্য ভরদ্বাজের প্রতি বাল্মীকির উপদেশ, (বাশিষ্ঠ)

জ্ঞান হীন বদ্ধ জীব বাসনার দাস যারা
সংসারের মাঝে ঘোর অন্ধকারে মরে,
চৈতন্য-রূপিণী সেই কেবল মঙ্গলময়ী
অমৃত লতার প্রতি জ্রক্ষেপ না করে।
বিবেক-বৈরাগ্য সনে না পাইলে ব্রহ্মতেজ,
নিগু´ণ ব্রহ্মের ভাব না হয় উদয়,
তাই সে নিগু´ণ ব্রহ্ম সগুণ হইয়া আসি
দুর্ব্বলের তরে হন হরি কৃপাময়।
তব পূর্ব্ব পাপপুণ্য এখনও যায় নাই,
পুনঃ পুনঃ উপদেশে বুঝিছ না তাই,
তাই বলি ভরদ্বাজ ক্রমশঃ "অভ্যাস" কর,
গুণময় ব্রহ্মমূর্ত্তি উপাসনা চাই।
হরি হর ব্রহ্মময়, সত্ত্বগুণে দয়াময়;
তত্ত্ব জানি মূর্ত্তিপূজা ভক্তি যোগ করি,
পূর্ব্ব কর্ম্ম ফল কাটে আপনিই চিত্তপটে
ফুটে উঠে শুদ্ধ চিৎ-আনন্দ-লহরী। (পর পৃঃ)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কেবল আমার তরে কর্ম্ম যদি হয়,
কর্ম্মেতেও মুক্তি লাভ হইবে নিশ্চয়। ১০
ইহাতেও অসমর্থ হও পার্থ যদি,
আমার শরণাপন্ন হও নিরবধি,
মন স্থির করি কর্ম্ম কর সমুদয়
ফলের প্রত্যাশা কিছু রাখিও না তায়। ১১‡
বাহ্য অভ্যাসের শ্রেষ্ঠ যুক্তি যুক্ত 'জ্ঞান'—
সেই জ্ঞান হ'তে শ্রেষ্ঠ মনঃ স্থির 'ধ্যান';

হয় নাই পাপক্ষয় এখনও বদ্ধ তুমি,
মূর্ত্ত ব্রহ্ম পূজা করি চিত্ত শুদ্ধি কর,
শেষে সে অমূর্ত্ত ব্রহ্ম— নির্গুণ চৈতন্য তত্ত্ব
ক্রমশঃ আয়ত্ত হবে, ঋষিবাক্য ধর।
সাকার ঈশ্বরে পূজি ইন্দ্রিয় সংযম কর
সামান্য সমাধি যবে হইবে সঞ্চার,
আপনা-আপনি তবে ক্রমে আত্ম দৃষ্টি হবে,
এ বুদ্ধি তামসী নিশি পোহাবে তোমার।

‡ যদি আমাতে চিত্ত স্থির করিয়া রাখিতে না পার, তবে সর্ব্বাপেক্ষা নিম্নাধিকারীর কর্ম্ম যে বাহ্য পূজাদি অভ্যাস, তাহাই কিছুদিন করিতে থাক। তাও যদি পছন্দ না হয়, অসুবিধা বোধ কর, তবে তদপেক্ষা শ্রেষ্ঠ অথচ সুবিধাজনক পথ এই যে আমার প্রীতির কর্ম্মে রত থাক। "তস্মিন্ প্রীতি তৎপ্রিয়কার্য্য সাধনঞ্চ তদুপাসনমেব"।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS.

ধ্যান হ'তে 'কর্ম্মফল—ত্যাগ' শ্রেষ্ঠ হয়,
সর্ব্ব-কর্ম্ম ফলার্পণ করিলে আমায়।
এইরূপ 'ত্যাগে' হয় আসক্তি বিলয়,
আসক্তি বিলয়ে মুক্তি চির শান্তিময়। ১২

শ্রুতি বলেন—তাঁহাতে প্রীতি ও তাঁহার প্রিয় কার্য্য সাধনই উপাসনা। ত্যাগী "পর-সেবক" গণের পথও মুক্তির পথ—"কেবল আমায় তরে কর্ম্ম যদি হয়।" তাহাতে যদি সুবিধা বোধ না কর, তবে তদপেক্ষা শ্রেষ্ঠ অথচ সুবিধাজনক পথ এই যে, আত্মাতে লক্ষ্য রাখিয়া কর্ম্ম কর, কিন্তু কর্ম্মফল ভগবানে অর্পণ কর। এই গুলি পর-পর শ্রেষ্ঠ অথচ সুবিধার কথা। তবে একটু তীক্ষ্ম বুদ্ধি থাকা চাই, তাহা হইলে নির্ব্বোধের ন্যায় কেবল বাহ্য অভ্যাসের জন্য খাটিয়া মরিতে হইবে না।

* কারণ বাহ্য অভ্যাস হইতে যুক্তিযুক্ত জ্ঞান শ্রেষ্ঠ। এই যুক্তিযুক্ত জ্ঞানেতেই "তৎ প্রিয়কার্য্যসাধনঞ্চ" ঈশ্বরের প্রিয়কার্য্যসাধন হয়। সেই যুক্তিযুক্ত জ্ঞান হইতে শ্রেষ্ঠ কি? একান্ত স্থিরতার সহিত ধ্যানসমাধি। এই ধ্যান সমাধি হইতেও "কর্ম্মফল ত্যাগ" শ্রেষ্ঠ। কারণ কিরণশূন্য সূর্য্যের ন্যায় যে কর্ম্মশূন্য, ব্রহ্মচৈতন্য; শুধু সেই চৈতন্যে বসিয়া থাকা অপেক্ষা নিষ্কাম কর্ম্মে পরিপূর্ণ যে ব্রহ্মভাব এ সংসারে ঠিক সেইভাবে থাকাই শ্রেষ্ঠ। শুধু মূলযুক্ত বৃক্ষ অপেক্ষা ফুল-ফলযুক্ত বৃক্ষ শ্রেষ্ঠ। বৃক্ষ নিষ্কাম, তাই তার ফুল ফল ধারণে দোষস্পর্শ করিতে পারে না। জীবমনে সত্বগুণের শেষ বিন্দু নিঃশেষ হইলেই "নির্ব্বাণ" আসিবে। এক্ষণে "কামনা শূন্যতাই" উত্তম সমাধি, বসিয়া থাকা সমাধি নহে। ইহা বশিষ্ঠ ও শ্রীকৃষ্ণের অভিমত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কারণ, যোগীগণ জানেন, নিয়ত ধ্যান থাকে না, সমাধি ভঙ্গ হয়। তাই তাঁহাদের সমাধি ভঙ্গে জীবন্মুক্ত অবস্থা প্রাপ্ত হওয়াতে "ভোগ-মোক্ষ-শোভী" উদয় হয়, ফলাকাঙ্ক্ষা দূর হওয়াকেই "কর্ম্ম অবসান" বলে. তখনই "যোগারূঢ়" অবস্থা হয়। সত্ত্বগুণের শেষ বিন্দু থাকা পর্য্যন্ত কর্ম্ম আছে। তাই রাজা জনকের ন্যায় কর্ম্মফল ত্যাগই উত্তম যোগ-কৌশল—

যোগক্রিয়া শেষে-হয় অবস্থা সুন্দর,
"পরাবস্থা" বলে তারে অতি মনোহর।
যোগে "পরাবস্থা" লভি, থাকে ব্রহ্ম-সহবাসে,
"পরাবস্থায় পরাবস্থায়" ধীরে শেষে নেমে আসে।
"তৃতীয় অবস্থা"—সেই-আসক্তি আসিতে নারে,
সৃষ্টি কর্ম্ম—পূর্ণব্রহ্ম জেগে থাকে একাধারে!
"পরাবস্থার পরাবস্থা" জীবন্মুক্ত ভাব সেই,
সম্পূর্ণ সমাধি ভঙ্গে সাধুদের ভাব এই। (তপোবন)

জনকের ক্ষত্রিয়ত্বই শেষে বশিষ্ঠের ব্রাহ্মণত্বে পরিণত হয়। তাই কর্ম্মই গীতার লক্ষ্য, কর্ম্মেই জ্ঞান, কর্ম্মেই মুক্তি। জীবন্মুক্তা রাণী চুড়ালা কুম্ভ-নামক ঋষিপুত্র হইয়া ছদ্মবেশে গিয়া তাঁহার বনবাসী স্বামী রাজা শিখীধ্বজকে দিব্য জ্ঞান প্রদান করিতেছেন,

"বাহ্যহীন সমাধিস্থ" শিখিধ্বজে হেরি,
বুঝিলেন কুম্ভ মনে বিবেচনা করি—
এখন এ দেহত্যাগ হইলে রাজার,
সপ্তম বমানে গতি হবে না তাঁহার। (পর পৃঃ)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ধ্যানস্থ হইয়া কুম্ভ করিলা দর্শন,
সত্ত্বগুণ-লেশ আছে রাজার তখন।
অন্তরে প্রবেশি কুম্ভ সেই ভূপালের,
স্পন্দন করিয়া দিলা বাহ্য চৈতন্যের।
দেখিলেন রাজা করি নেত্র উন্মীলন,
মধুস্বরে জুড়াইয়া নিখিল ভুবন।
করিছেন কুম্ভ বসি বেদমন্ত্র ধ্বনি,
জ্বলিছে স্বর্গীয় রূপ—মৃত-সঞ্জীবনী।

পরে রাজাকে দিব্যজ্ঞান প্রদান করিয়া রাণী চূড়ালা আত্মপ্রকাশ করিলেন ; শেষে বলিলেন, হে রাজন্! আর কেন বনে থাক? চল এখন আমরা রাজধানীতে যাই,—

রাজ্যে ফিরে যাব, রাজা রাণী হব, তাতে কিবা ভয় আর?
হলে আত্মদৃষ্টি, সুধাপূর্ণ সৃষ্টি, চূর্ণ শুধু অহঙ্কার!
তব বামে বসি, হইব মহিষী সিংহদ্বারে তূর্য্যধ্বনি
জাগাইবে সত্ত্ব নৃত্য-গীত-বাদ্য, রণবাদ্যে রাজধানী।
অপ্সরী নাচিবে, গন্ধর্ব্ব গাহিবে, সুখের হইবে শেষ—
শত্রুর শাসনে ছুটিব দুজনে, অশ্বেতে কৃতান্ত বেশ।

রাজা বলিলে , রাণী, রাজধানী ও বন দুইই সমান—
রাজ্য ত্যাগ আর, গ্রহণ বা কার? সকলি সমান দেখি,
যেখানে যখন, শোভিছে যেমন, তখন তেমন থাকি।
আর ক্ষোভ নাই, চল রাজ্যে যাই—বলিয়া আনন্দে অতি,
পূর্ণকাম হ'য়ে, জীবন্মুক্তি লয়ে, চলিলা রাজ-দম্পতি।
রাজ্যেতে আসিয়া, আনন্দে ভাসিয়া, উৎসাহে মাতিয়া দোঁহে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যাঁহার জীবের প্রতি দ্বেষ নাহি মনে,
সততা মিত্রতা যাঁর সকলের সনে ;
করুণা সকল জীবে, নাহি অহঙ্কার ;
মায়া ঘোরে যে না করে "আমার আমার",
সুখে দুঃখে সমজ্ঞান, সংযত স্বভাব,
স্থির-লক্ষ্য ক্ষমাশীল, সদা তুষ্ট ভাব,
আমাতেই মন বুদ্ধি দিয়াছেন যিনি,
নিঃসংশয় ধনঞ্জয় মম প্রিয় তিনি। ১৩, ১৪
যেই জন হ'তে কেহ উদ্বিগ্ন না হন,
লোক হ'তে উদ্বিগ্ন না হন যেই জন,

বহু বর্ষ ধরি, সুশাসন করি, রাজত্ব সম্ভোগে রহে।
শুদ্ধ সত্ত্ব-শেষ, যাহা অবশেষ, সকলি নিঃশেষ করি,
দোঁহে একত্রেতে, ব্রহ্ম-নির্ব্বাণেতে' প্রবেশে সমাধি ধরি।
শুন রঘুবীর, চিত্ত কর স্থির, ঘুচাও অজ্ঞান-ভ্রম,
গুরু সেবা কর, সাধু সঙ্গ ধর, শিখিধ্বজ ভূপসম,
ছাড় মোহমদে, ক্ষুদ্র ইন্দ্রপদে, পদে পদে তুচ্ছ করি,
কর সর্ব্বক্ষণ, স্বরাজ্য পালন, ঋষিবাক্য শিরে ধরি।
বাহ্য রাজপদ, জীবন্মুক্তিপদ— দুই পদে ভর দেও,
ভোগমোক্ষ-ফল, করি করতল, অমৃত-সমাধি লও।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পরশ্রী-কাতর নহে, ভয়শূন্য যিনি
হর্ষ ক্ষোভ নাহি যাঁর মম প্রিয় তিনি। ১৫

কোন বিষয়েতে কিছু স্পৃহা নাই যাঁর,
সতত আলস্য-শূন্য সুপবিত্র আর,
সর্ব্ব চিন্তা দূর করি উদাসীন যিনি,
সঙ্কল্প বিকল্প-শূন্য মম প্রিয় তিনি। ১৬

ইষ্ট লাভে হৃষ্ট নহে যাঁহার অন্তর,
অনিষ্টে বিদ্বেষ নাই সম নিরন্তর,
ইষ্টনাশে শোক নাহি করেন যে জন,
লাভের বিষয়ে যাঁর লোভশূন্য মন,
শুভাশুভ পরিত্যাগী, ভক্তিমান্ যিনি,
নিঃসংশয় ধনঞ্জয়, মম প্রিয় তিনি। ১৭

শত্রু মিত্রে, সুখে দুঃখে, মান অপমানে,
সম ভাব থাকে যাঁর অনাসক্ত মনে,
স্তুতি নিন্দা সমজ্ঞান, অল্প কথা কন, *

---

* "রসনা বিজয়ে বাসনা বিজয়।" কথায় কথা বাড়ে, প্রবৃত্তির শতমুখী অঙ্কুর উদ্‌গম হয়। তুমিও যোগীর ন্যায় সর্ব্বদা জিহ্বা উল্টাইয়া রাখিতে শেখ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সামান্যে সন্তোষ পূর্ণ সর্ব্বদা যে জন,
ঐশ্বর্য্যেতে থাকিলেও গৃহহীন যিনি,
স্থিরমতি ভক্তিমান্, মম প্রিয় তিনি। ১৮, ১৯
হেন ধর্ম্মামৃত যারা করে আচরণ
মম প্রিয়তম সেই যুক্ত ভক্তগণ। ২০

ত্রয়োদশ অধ্যায়।

ক্ষেত্র-ক্ষেত্রজ্ঞ-বিভাগ যোগ।

অর্জ্জুন কহিলেন—

কহ কৃষ্ণ, কৃপাতে তোমার, প্রকৃতি পুরুষ কি প্রকার ?
ক্ষেত্র কি, ক্ষেত্রজ্ঞ কিবা, জ্ঞান বা কি, জ্ঞেয় কি বা ?
জানিবারে বাসনা আমার। ১

শ্রীভগবান্ কহিলেন—

অর্জ্জুন, বুঝিয়া দেখ তুমি, এ দেহ জ্ঞানের জন্মভূমি,
দেহকেই ক্ষেত্র বলে, এ দেহ জ্ঞাত হ'লে
ক্ষেত্রজ্ঞ জানিবে তাকে তুমি। ২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সর্ব্বক্ষেত্রে ক্ষেত্রজ্ঞই আমি—সর্ব্বদেহে আমি অন্তর্যামী
ক্ষেত্র ক্ষেত্রজ্ঞের জ্ঞান, বিশেষ করিলে ধ্যান,
সেই জ্ঞান, শ্রেষ্ঠ জানি আমি। ৩

সে ক্ষেত্র যেরূপ, যাহা হয়, যেমন ইন্দ্রিয়-ভাব ময়,
যাহাতে উদ্ভব তাহা, ক্ষেত্রজ্ঞ যেরূপ যাহা,
সংক্ষেপে তা শুন সমুদয়। ৪

যাহা বশিষ্ঠাদি ঋষিগণ নানারূপে করি নিরূপণ,
ব্রহ্মসূত্রে, ব্রহ্মপদে, যুক্তিযোগে, নানা বেদে,
নানা রূপে করিল বর্ণন। ৫

পঞ্চ মহাভূত, অহঙ্কার, বুদ্ধি মন, দশেন্দ্রিয় আর
শব্দ স্পর্শ রূপ সনে, রস গন্ধের মিলনে,
মূল প্রকৃতিরে নিয়া আর—

চতুর্ব্বিংশ তত্ত্ব এই হয়, আর এই বিকার উদয়—
ইচ্ছা, দ্বেষ, দেহ, সুখ, মনোবৃত্তি, ধৈর্য্য, দুখ,
এই নিয়া ক্ষেত্র-পরিচয়। ৬, ৭

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অমানিতা আর সহিষ্ণুতা অদম্ভিত্ব আর সরলতা,
অন্তরে বাহিরে শুদ্ধি, পর-পীড়া-ত্যাগ-বুদ্ধি
গুরু-সেবা, প্রাণের স্থিরতা,

জরা ব্যাধি জনম মরণ এ সকলে দুঃখ দরশন
মনের সংযম আর, বৈরাগ্য নিরহঙ্কার
দারা পুত্রে আসক্তি বর্জ্জন,

ইষ্টানিষ্টে একরূপ জ্ঞান, নির্জ্জন স্থানেতে অবস্থান
আমাতেই অনুরাগ, লোক-সমাজে বিরাগ
লক্ষ্য শুধু মোক্ষ আত্মজ্ঞান—

এই যত ভাব সাধুদের, জ্ঞান নাম এই সকলের,
অজ্ঞান সে সমুদয়— আর যত ভাব হয়,
বিপরীত এ সব ভাবের। ৮—১১

জ্ঞেয় যাহা শুন ধনঞ্জয়, জানিলে তা মোক্ষ লাভ হয়
জ্ঞেয় সে অনাদি ব্রহ্ম, গুরুপাশে গূঢ় মর্ম্ম—
সৎ বা অসৎ তাহা নয়। ১২

হস্ত পদ তাঁর সর্ব্ব স্থানে মুখ চক্ষু শির ত্রিভুবনে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সর্ব্বত্র শ্রবণ তাঁর, করি সর্ব্ব অধিকার
অবস্থান তাঁর সর্ব্বস্থানে। ১৩
ইন্দ্রিয় আভাস আছে তাঁয়—ইন্দ্রিয় বর্জ্জিত তাঁর কায়
সঙ্গশূন্য সর্ব্বাধার, কোন গুণ নাহি তাঁর—
ত্রিগুণ পালক বলে তাঁয়। ১৪
অন্তরে বাহিরে সদা রন, স্থাবর জঙ্গম তিনি হন,
অতি সূক্ষ্ম জ্ঞানাতীত, জ্ঞানিগণ সন্নিহিত—
দূরে দেখে অজ্ঞানী যে জন। ১৫
অভিন্ন রূপেতে জীবগণে, আছেন দেখিছে জ্ঞানিজনে
ভিন্ন তিনি সর্ব্বক্ষণ— দেখিছে অজ্ঞানিগণ,
সর্ব্বময়—জ্ঞানীর নয়নে। *
ভূতের পালক স্থিতি কালে, প্রলয়েতে গ্রাসেন সকলে

* পরমাত্মার সহিত জীবাত্মার সম্বন্ধ কিরূপ?
ঊষা দৌড়ে আগে যেমন, পিছে দৌড়ে রবি,
গাভী পরমাত্মা—বৎস জীবাত্মার ছবি।
রবিও যা, ঊষাও তা—বুঝিবার ধাঁধা।
পরমাত্মা জীবাত্মা এক নাড়ীতে বাঁধা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রূপ ধরি অগণন, আপনি উৎপন্ন হন
স্বজন করেন যেই কালে। ১৬
সূর্য্যাদিজ্যোতিরজ্যোতিঃ হন, অজ্ঞানসীমার পারে রন
বিশেষ ভাবেতে আসি, জীবের হৃদয়বাসী—
জ্ঞান জ্ঞেয় সাধনের ধন। ১৭
ক্ষেত্র, জ্ঞান, জ্ঞেয় যাহা হয়, সংক্ষেপে কহিনু সমুদয়
বিশেষ বলার নয়— সাধনে জানিতে হয়,
ভক্ত মম ভাব প্রাপ্ত হয়। ১৮
প্রকৃতি-পুরুষ এ উভয় অনাদি জানিবে ধনঞ্জয়,
ইন্দ্রিয়াদি যে বিকার, সত্ত্ব রজঃ তমঃ আর
প্রকৃতির অঙ্কেতে উদয়। ১৯
কার্য্য কারণের ব্যবহার—প্রকৃতিই কারণ তাহার,
সুখ দুঃখ ভোগ কালে 'পুরুষেরে' হেতু বলে
পুরুষ সে আত্মা নির্ব্বিকার। ২০
প্রকৃতিরে করিলে দর্শন, মনোরূপে 'আত্মার কিরণ'
ত্রিগুণা-জায়াতে যান, ভাল মন্দ জন্ম পান,
ত্রিগুণার সংসর্গ কারণ। ২১ *

---

* যেমন সূর্য্য-কিরণ আতসি-প্রস্তরে পড়লেই অগ্নি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কিন্তু সে পুরুষ সর্ব্বক্ষণ দেহে থাকি লিপ্ত নাহি হন
সাক্ষী ভর্ত্তা কৃপাধার, মহেশ পালক আর
অন্তর্য্যামী রূপে তিনি রন। ২২
ত্রিগুণা প্রকৃতি এই মত, আর সে পুরুষে যিনি জ্ঞাত
যেখানে যে ভাবে থাকি, সে পুরুষে মন রাখি,
তিনি মুক্ত হন কুন্তীসুত। ২৩
দিব্য নেত্রে করে কোন জন, ধ্যানযোগে আত্ম দরশন
কেহ কেহ জ্ঞানযোগে, কেহ কেহ কর্ম্মযোগে
পরমাত্মা করেন দর্শন। ২৪
কেহবা এ তত্ত্ব না জানিয়া, আচার্য্যের নিকটে শুনিয়া
হয়ে শ্রুতি-পরায়ণ করি যান যে সাধন
তাহে যান মৃত্যু এড়াইয়া। ২৫

উৎপন্ন হয়, তেমনি আত্মার তেজোদৃষ্টি ত্রিগুণে পড়িলেই মন উৎপন্ন হয়। ঐ মনই অনিত্য সুখ দুঃখ ভোগ করে কিন্তু নির্লিপ্ত সূর্য্যের ন্যায় সর্ব্বদর্শী নিত্য সুখময় আত্মা কিছুতেই লিপ্ত হন না। বড়লোকের কৃপাদৃষ্টি প্রাপ্ত ছোটলোক যেমন অহঙ্কারী হইয়া ব্যভিচার করিয়া বেড়ায়, কাহাকেও মানে না, সেইরূপ আত্মার দৃষ্টি পাইয়া উৎপন্ন মনও ব্যভিচার করিয়া

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শরীরই ক্ষেত্র, ধনঞ্জয়, ক্ষেত্রজ্ঞ সে ব্রহ্ম বিশ্বময়,—
স্থাবর জঙ্গম যত যাহা কিছু উৎপাদিত
ক্ষেত্র ক্ষেত্রজ্ঞের যোগে হয়। ২৬
সর্ব্বজীবে সমভাবে বাস, সৃষ্টি বিনাশেও নাহি নাশ—
এ রূপ পরমেশ্বরে যে জন দর্শন করে,
সেই দেখে আত্মার প্রকাশ। ২৭
সর্ব্বভূতে ঈশ্বর দর্শন, সমভাবে করে যেই জন,—
ত্যজি আত্মা অধোগতি, পাইয়া পরমাগতি
ব্রহ্মপদে জুড়ায় জীবন। ২৮
প্রকৃতিই সর্ব্বকর্ম্ম করে, আত্মাই নির্লিপ্ত ভাব ধরে
তাই আত্মা কর্ত্তা নয়— হেন যার জ্ঞান হয়,
যথার্থ দর্শন সেই করে। ২৯
ভূতগণে ভিন্ন ভাব যত, এক ভাবে ব্রহ্মে অবস্থিত,
তাহা হ'তে পুনরায় সৃষ্টিতে বিস্তার পায়—
যে দেখে সে ব্রহ্মে উপনীত। ৩০

বেড়ায়। আত্মার আর একটি উচ্চপদস্থ তেজোদৃষ্টির নাম "বিবেক"। তাহার শাসনে মন সোজা হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দেহে থাকি নহে কর্ম্মকর্ত্তা, অনাদি নিগুণ পরমাত্মা
তাই নির্ব্বিকার নিত্য কোন কর্ম্মে নহে লিপ্ত—
সর্ব্বময় কর্ত্তাই অকর্ত্তা। ৩১
আকাশ যেমন সর্ব্বময়, পঙ্কে থাকি পঙ্কে লিপ্ত নয়,
সেইরূপ আত্মা, পার্থ, ভাল মন্দ দেহে স্থিত
কিন্তু তাহে লিপ্ত নাহি হয়। ৩২
আকাশে একটী সুর্য্যোদয় সর্ব্ববিশ্ব তাহে জ্যোতির্ম্ময়
এক আত্মা সেই মত, ক্ষেত্রী নামে হন খ্যাত
সর্ব্ব ক্ষেত্র প্রকাশিত তাঁয়। ৩৩ *
ক্ষেত্র ক্ষেত্রজ্ঞের ভেদজ্ঞান, জানিয়া করেন যাঁরা ধ্যান,
প্রকৃতি হইতে মোক্ষ কি উপায়ে হয় লক্ষ্য
জ্ঞাত যাঁরা—বিষ্ণুপদ পান। ৩৪

* 'যেমন একটি মাত্র সূর্য্যহন সমুদিত,
করেন অনেক নেত্র এক কালে প্রকাশিত,
ক্রমে নহে, সর্ব্ব নেত্র একবারে পরকাশ,
সেরূপ হইয়া যিনি একমাত্র স্বপ্রকাশ,
করেন অনেক বুদ্ধি প্রস্ফুটিত নিরন্তর,
আমি সে সুন্দর সত্ত্বা পরমাত্মা পরাৎপর।" (অশোকবন)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চতুর্দ্দশ অধ্যায়—গুণত্রয়-বিভাগ যোগ।

শ্রীভগবান কহিলেন—

হে অর্জ্জুন নরোত্তম, জ্ঞান মধ্যে সর্ব্বোত্তম
আত্মনিষ্ঠ জ্ঞান আমি কহি পুনরায়—
মুনিগণ জানি যাহা সুখে মোক্ষ পায়। ১

এইজ্ঞান লাভ করি, আমার স্বরূপ ধরি
জনম না পান তাঁরা সৃষ্টির সময়,
প্রলয়ের দুঃখ ভোগ তাঁদের না হয়। ২

প্রকৃতি হে মতিমান মম গর্ভাধান স্থান,
আমার আভাস-গর্ভ দান করি তায়,
ব্রহ্মাদি সকল ভূত তাহে জন্ম পায়। ৩

হে কৌন্তেয় মূর্ত্তি যত, সৃষ্টি-মাঝে উৎপাদিত
সকলের মাতৃরূপা প্রকৃতি আমার,
পিতা আমি করি তাহে গর্ভের সঞ্চার। ৪

সত্ত্ব আদি গুণত্রয়, প্রকৃতি হইতে হয়—
দেহস্থিত নির্ব্বিকার আত্মাকে পাইয়া,
বদ্ধ করে তাঁরে হায় মোহ-জাল দিয়া। ৫

সত্ত্ব গুণ স্বচ্ছতায় শান্ত, জ্ঞান প্রভা তায়,
সুখের আসক্তি আর জ্ঞানাসক্তি দিয়া,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জড়ায় সুবর্ণ সূত্রে আত্মারে ধরিয়া। ৬ *

বাসনা আসক্তি যাহে রজোগুণ জন্মে তাহে,
জানিবে সে রাগাত্মক,—ঘেরিয়া আত্মায়
কর্ম্মরূপ রজতের রজ্জু বাঁধে তায়। ৭

অজ্ঞানেই তমঃ হয়, যাহে জীব মোহময়,
সে তমঃ আত্মারে বাঁধি ফেলে ধরাতলে,
নিদ্রালস্য মূঢ়তার লৌহের শৃঙ্খলে। ৮

সত্ত্বগুণ সে আত্মারে সুখেতে আবদ্ধ করে
রজোগুণ কর্ম্ম পাশে বদ্ধ করে তায়,
তমঃ আবরিয়া জ্ঞানে বাঁধে মূঢ়তায়। ৯

রজঃ তমঃ হ্রাস করি, সত্ত্ব উঠে তদুপরি,
কভু সত্ত্ব তমঃ হ্রাস—রজঃ বৃদ্ধি পায়,

---

* নিকটে রক্তজবা ধরিলে স্ফটিক লাল দেখায় মাত্র, স্ফটিক স্ফটিকই থাকে, ঐরূপে নির্ম্মল আত্মায় গুণ প্রতিফলিত হয়।

যে বিষয়ে মন দেও তারি রং ধরে মনে,
আগুনেও রং ধরে মিলিলে গন্ধক সনে।
বিষয়েতে মন দিলে, মানসে যে রং ফলে,
পঞ্চানন বলেছেন তাকেই 'প্রপঞ্চ' বলে। (তপোবন)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সত্ত্ব রজঃ জয় করি তমঃ কভু ধায়। ১০

যখনই এ শরীরে, সমস্ত ইন্দ্রিয় দ্বারে,
জ্ঞানময় প্রকাশের দেখিবে লক্ষণ,
সত্ত্বগুণ বৃদ্ধি পার্থ জানিবে তখন। ১১

লোভ বা প্রবৃত্তি যবে হৃদয়ে উদয় হবে,—
উত্তম অশান্তি স্পৃহা উদয় যখন,
জানিবে সে রজোগুণ বর্দ্ধিত তখন। ১২

অপ্রবৃত্তি অপ্রকাশ, মোহ আর বুদ্ধি নাশ—
হৃদয়ে দেখিবে যবে এ সব লক্ষণ,
জানিবে সে তমোবৃদ্ধি পাণ্ডুর নন্দন। ১৩

সত্ত্ব বৃদ্ধি অতিশয় হ'লে যদি মৃত্যু হয়,
প্রাণান্ত-সময় মৃত্যু লয়ে যায় তাকে,
প্রদীপ্ত অপাপ-বিদ্ধ দেবারাধ্য লোকে। ১৪

রজোবৃদ্ধি বিলক্ষণ হইলে কুরু-নন্দন
সে সময় মানবের মৃত্যু যদি হয়
কর্ম্মাসক্ত নরলোকে জনমে নিশ্চয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তমোগুণ ধনঞ্জয়, অতি বৃদ্ধি যে সময়
সে সময় কেহ যদি ত্যজে দেহ ভার,
পশ্বাদির কুলে জন্ম হয় পুনর্ব্বার। ১৫

সাত্ত্বিক কর্ম্মের ফল— শুদ্ধ জ্ঞান সু'নির্ম্মল,
রাজস কর্ম্মের ফল দুঃখ সমুদয়,
তামস কর্ম্মের ফলে মূঢ়তা উদয়। ১৬

সত্ত্ব হ'তে জ্ঞানোদয় রজঃ হ'তে লোভ হয়,
তমঃ হ'তে অহংকারে প্রমত্ততা ফল—
আর সে অজ্ঞান মোহ জনমে কেবল। ১৭

সত্ত্ববান্ ঊর্দ্ধে যান, দেবলোকে স্থান পান,
রজোবান্ মধ্যস্থলে নর-লোক পায়,
নীচমতি তমোবান্ অধঃপাতে যায়। ১৮

দেখে যবে জ্ঞানী নরে, গুণে সর্ব্ব কর্ম্ম করে,
আর কেহ এ সংসারে কর্ত্তা নাহি তায়.
গুণাতীত আত্মা জানি ব্রহ্ম-ভাব পায়। ১৯

দেহ-জাত গুণ ত্রয়, অতিক্রমি ধনঞ্জয়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জন্ম মৃত্যু জরা দুঃখে লভি পরিত্রাণ,
শান্তির অমৃতে আত্মা অমরত্ব পান। ২০ *

অর্জ্জুন কহিলেন—

কহ কৃষ্ণ বিবরিয়া, ত্রিগুণের পারে গিয়া
পুরুষ ত্রিগুণাতীত কিবা চিহ্নে হয়,
কি তার উপায়, তিনি কি আচার ময় ? ২১

শ্রীভগবান কহিলেন—

প্রকৃতির বশে মনে সত্ত্ব রজঃ তমোগুণে
জ্ঞান্ বা প্রবৃত্তি, মোহ হইলে উদয়,
বিরক্তি বিদ্বেষ যাঁর কভু নাহি হয়,
আর সেই সমুদয় যদি না উদয় হয়,
তথাপি সে সবে স্পৃহা নাহি যাঁর থাকে,
পাণ্ডব, জানিবে বলে গুণাতীত তাঁকে। ২২

* এইরূপ জীবন্মুক্ত পুরুষের জীবনই ধন্য যাঁহাদের মন অমৃতময় আত্মতত্ত্বে পূর্ণ, যাঁহারা লীলাচ্ছলে সংসারে থাকিয়াও অমর-লোকে বাস করেন, তাঁহাদের জীবনই জগতের পরম শোভা। কিন্তু উন্মাদিনী আশা ও তৃষ্ণা যাঁহাদের হৃদয়কে ধান্যমর্দ্দনের ন্যায় মর্দ্দন করিতেছে, তাঁহাদের মরণই পরম শোভা। (বাশিষ্ঠ)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যিনি মাত্র সাক্ষি-স্থল সুখে দুঃখে অচঞ্চল *
দেখেন গুণেই শুধু সর্ব্ব কর্ম্ম করে
পাণ্ডুসুত, গুণাতীত বলে সেই নরে। ২৩

সুখ দুঃখ সম জ্ঞান, আত্মাতেই অবস্থান—
স্বর্ণ শিলা, ভাল মন্দ, স্তুতি নিন্দা যত
সম জ্ঞান যাঁর, তাঁর নাম গুণাতীত। ২৪

মান্ কিবা অপমানে, শত্রু কিবা মিত্র সনে
সব ভাবে থাকি, নহে বিচলিত যিনি,—
সংকল্পবিকল্প-শূন্য, গুণাতীত তিনি। ২৫

---

* গুণাতীত পুরুষ "কাঠ পাথরের" ন্যায় হন না। প্রবৃত্তি থাকে তাতে বিরক্তি বিদ্বেষ থাকে না। গুণের মধ্যেই থাকেন, তাতে মোহ প্রাপ্ত হন না; কেননা সর্ব্ব কর্ম্মেই তাঁর শ্বাস-চৈতন্যে লক্ষ্য স্থির আছে। "অহং কর্ত্তা" এ বোধ আসিতে পারিতেছে না। ভগবানের ব্রজলীলাও গুণাতীত অবস্থা। সত্বগুণের শেষ ও গুণাতীত অবস্থার আরম্ভ যে রেখার দ্বারা নির্ণীত হয়, সেই "রেখার" উপরে ব্রজধাম। যেমন নদীর পার, তীরভূমি জলের শেষ ও ভূমির আরম্ভ দুটিকেই স্পর্শ করিয়া আছে, দুটি না হ'লে তীর হয় না, সেইরূপ সূক্ষ্মতম "রেখার" উপর ব্রজধাম অবস্থিত। রেখা চিন্ময় বস্তু, পার্থিব দোষের অতীত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যে একান্ত ভক্তিভরে, আমাকেই সেবা করে
সর্ব্ব গুণ অতিক্রমি সেই চলি যায়,
ত্যজি কর্ম্ম সর্ব্ব ধর্ম্ম ব্রহ্ম-ভাব পায়। ২৬

অব্যয়ের অমৃতের, সনাতন ধরমের
পরম ব্রহ্মের সেই চির শান্তিময়,
একান্ত সুখের স্থান আমি ধনঞ্জয়। ২৭ *

* উদ্দালক মুনি বিচারদ্বারা অনুভব করিলেন, (বাশিষ্ঠ, উপশম ৫৩ স্বর্গ) যে সর্ব্বময় পরিপূর্ণ চৈতন্য-দেশে সত্য-সঙ্কল্পবলে সর্ব্বদা সমস্তই সম্ভব হয়, আমি সেই (সব পাওয়ার ও সব হওয়ার) দেশে মহা উৎসাহে অগ্রসর হইতেছি!—ইহা বিশেষরূপে জানিয়া যদি আমি সংসার কার্য্যে রত হই, তবে তখন আমার ইন্দ্রিয়গণ লোভবশতঃ স্বজন হইয়া আমার গন্তব্য পথের সহায় হইবে আর শক্রতা করিবে না। সেই সর্ব্ব পরিপূর্ণ সুশীতল মহা চৈতন্যে থাকিয়া আমিও পরিপূর্ণ স্বাস্থ্য ও স্থির যৌবন লাভ করিতেছি, স্পর্শমণির স্পর্শে আমার অন্তরের স্বর্ণকান্তি হইতেছে। "শূন্য-শূন্য ভাব" একেবারে বিনষ্ট হওয়ায় আমি সর্ব্বদা সেই মহা-অস্তিত্ব সুখ অনুভব করিতেছি, আমার সংসারসুখ, স্বর্গসুখ ও বৈকুণ্ঠসুখ আমার পরিপূর্ণ ব্রহ্মপদের সহিত ঐক্য হইয়া সার্থক হইয়াছে? "ধন্যোঽহং ধন্যঃ ধন্যঃ পুনঃ পুনঃ।"

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীভগবান্ কহিলেন—

দেহকে অশ্বত্থ তরু, বলে জ্ঞানি গণ—
ঊর্দ্ধে মূল, অধোদিকে শাখা অগণন ;
পুনঃ পুনঃ জন্মে, যেন অন্ত নাই ভবে
জ্ঞান চক্ষে দেখ বৃক্ষে বেদ-পত্র শোভে।
হেন অশ্বত্থের তত্ত্ব জ্ঞাত যাঁর কাছে,
বেদজ্ঞ তাঁহার মত আর কেবা আছে ? ১
সে বৃক্ষের সবিশেষ শুন ধনঞ্জয়,—
অধঃ ঊর্দ্ধ ভাবে ধায় শাখা সমুদয় ;
দেব-লোকে যান যাঁরা ঊর্দ্ধ শাখা তাঁরা
অধঃশাখা অধোগামী পাপী তাপী যাঁরা ;
সত্ত্ব রজঃ তমঃ এই ত্রিগুণের জল
সেচনে তাহার শাখা বাড়িছে কেবল ;
বিষয়-বাসনা রূপ শাখাগ্র পল্লবে
কিবা শোভা মনোলোভা অপরূপ ভাবে !
ঊর্দ্ধে মূল ব্রহ্মরূপ সর্ব্ব মূলাধারে,
তথাপি সহস্র মূল নেমেছে সংসারে,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পশিয়া মনুষ্য লোকে প্রবৃত্তির মূল,
কর্ম্মপাশে অনায়াসে বাঁধে জীবকূল ! ২
শরীর-বৃক্ষের রূপ জানা নাহি যায়,—
আদি অন্ত স্থিতি তার কে জানে কোথায় ?
অবিচল বৈরাগ্যের কুঠার মারিয়া,
বদ্ধমূল এ অশ্বত্থে ছেদন করিয়া। ৩
মূলস্থিত সেই বস্তু কর অন্বেষণ,
জনম হবে না আর লভিলে যে ধন। *
যে আদি পুরুষ হ'তে নিঃসৃত সংসার,
একান্ত নির্ভর করি উপরে তাঁহার,
ভক্তিযোগে অন্বেষণ করিবে সে ধন—
দেবতা-বাঞ্ছিত মোক্ষ অমূল্য রতন ! ৪
আত্মনিষ্ঠ যাঁরা— মোহ অহঙ্কার নাই,
ইন্দ্রিয়-আসক্তি শূন্য নিষ্কাম সদাই,

---

* সে ধন কি ? মোক্ষ'। 'উষা যেমন সূর্য্য-আভা, ব্রহ্মআভা জীব ; যতটুত জীব তাঁর সবটুকু শিব।" এই জ্ঞানই মোক্ষ। সাধনদ্বারা উহা উপলব্ধি হইলে মৃত্যুধাঁধা জুজুর ভয় ঘুচিয়া মুছিয়া যায়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সুখ দুঃখাতীত সদা যাঁদের হৃদয়, *
তাঁহারা সে নিত্য পদ পান ধনঞ্জয়। ৫
যে পদ লভিয়া, পার্থ মহা যোগিগণ
না করেন এ সংসারে পুনঃ আগমন,—
পাবক শশাঙ্ক সূর্য্য প্রকাশিতে নারে,
সে মম পরম ধাম ভবার্ণব পারে! ৬
সতত সংসারী রূপে বিদিত ভুবন,
জীবরূপী আমার এ অংশ সনাতন
করিতে সংসার ভোগ আকর্ষণ করে
প্রকৃতি মধ্যস্থ মন, ইন্দ্রিয় নিকরে। ৭
দেহস্বামী জীবরূপী ঈশ্বর যখন
কর্ম্মবশে দেহান্তরে করেন গমন

---

* আসক্তি শূন্য নিষ্কাম সুখদুঃখাতীত কিসে হওয়া যায়? 'আমিত্ব' ছাড়িলেই "আসক্তি" যায় ও নিষ্কাম সুখদুঃখাতীত হওয়া যায়। অহং মিথ্যা বলে জানিতে পারিলে পরে যদি একটুকু থাকে তথাপি ইহা শরতের মেঘের ন্যায় নিষ্ফল। "আমিত্বে গুরুত্ব মোর নাই, শুভ্র মেঘ সম আমি ভেসেই বেড়াই। সংসার গুরুত্ব যত হেসেই উড়াই।" (তপোবন)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পূর্ব্বের ইন্দ্রিয় যান করিয়া হরণ
হরে যথা ফুল-গন্ধ মন্দ সমীরণ, ৮
বিষয় ভুঞ্জেন পুনঃ করি অধিকার
চক্ষু কর্ণ নাসা চর্ম্ম জিহ্বা মন আর ৯
দেহান্তর-গামী কিংবা, দেহে অবস্থিত—
ভোগে মত্ত আত্মা কিংবা গুণেতে মিলিত,
দেখিতে না পায় তাঁয়, মূঢ়মতি জন—
অন্তর্লক্ষ্যে দিব্য চক্ষে দেখে জ্ঞানিগণ। ১০
যাঁহার সংযত চিত্ত ধ্যান সমাহিত,
তাঁহারা দেখেন আত্মা দেহে অবস্থিত ;
আত্মার সাধন হীন মন্দমতি গণ
বহু শাস্ত্র পড়িয়াও না পায় দর্শন * ১১
অর্জ্জুন, যে সূর্য্য-তেজে বিশ্বের বিকাশ
করেন যে তেজঃ শশী আকাশে প্রকাশ,
যে তেজঃ দেখান অগ্নি বসুন্ধরা ময়,
সকলি আমার তেজঃ— তারা কিছু নয় ! ১২

* সাধুগণের বিজ্ঞান-মন এই আত্মাকেই অজ্ঞানী লোকে "জগৎ-সংসার" বলে। তাহারা আত্মা দেখিতে পায় না। দেহ দৃষ্টি যত হয়, ততই মরণভয়, আত্ম-দৃষ্টি যত হয় ততই অমৃতময়—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চরাচর বিশ্ব মাঝে থাকি অনুক্ষণ,
সর্ব্বভূতে করি আমি বলেতে ধারণ,
রসময় সুধাকর হইয়া গগনে
বাঁচাই ধরার শস্য সুধা বরিষণে। ১৩*
জীব-দেহে জঠরাগ্নি রূপে প্রবেশিয়া,
প্রাণ আর অপানের বায়ুতে মিলিয়া,

---

* "যাহাকে জীবাত্মা বলি, তাহাকে পরমাত্মা বলি। বল-পূর্ব্বক বলিতেছি, কেহ পৃথক করিতে পারে না। কেহ বলিতে পারে না—ঐ দিকে তিনি আর এই দিকে আমি।" (ব্রহ্মানন্দ কেশব) ইহাই দ্বৈতাদ্বৈত বাদ।

"ভগবান্ শস্যক্ষেত্র ও বৃক্ষলতাকে বাঁচাইতেছেন, তাহারাও তাঁহার সংবাদ সাধুর নিকট প্রকাশ করিতেছে—

দেখিতে না পায় তাহা মূঢ়মতি জন
অন্তর্লক্ষ্যে দিব্য চক্ষে দেখে জ্ঞানিগণ।

তাই ব্রজগোপীগণ বনে গিয়া বলিতেছেন—(ব্রজাঙ্গনা।)

"কিন্তু সখি কেন এত পুলকিতা লতা গো
এই দেখ নিশ্চয় এই কথা—
শ্রীনাথের নখচিহ্ন লতা-অঙ্গে আছে গো
কৃষ্ণকথা জানে বনলতা।
হে মালতি, হে মল্লিকে ওগো জাতি, হে যুথিকে
তোমরা বলগো দয়া করি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পরিপাক করি আমি প্রাণীর আহার,
চর্ব্ব্য চুষ্য, লেহ্য পেয়— খাদ্য যে প্রকার। ১৪
প্রবেশিয়া সমুদয় প্রাণীর হৃদয়ে
হে অর্জ্জুন, আছি আমি অন্তর্য্যামি হয়ে,
অতীতের স্মৃতি, ভাবি— জ্ঞানের উদয়,
আমা হ'তে হয়, পুনঃ আমা হ'তে লয় ;
আমিই সকল বেদে জ্ঞাতব্য কেবল,
বেদ কর্ত্তা, বেদ-বেত্তা, আমিই সকল। ১৫
দুইটি পুরুষ আছে শুন ধনঞ্জয়,
ক্ষর ও অক্ষর নামে, মন ভাব দ্বয় ;
স্থাবর জঙ্গম যত সর্ব্ব ভূত ক্ষর,
কুটস্থ চৈতন্য যিনি তিনিই অক্ষর। ১৬
ক্ষর ও অক্ষর ভিন্ন হে কুরু-নন্দন,
উত্তম পুরুষ আছে মূলে একজন,

করপদ্মে পরশিয়া তোমা সবে নাচাইয়া
এই পথে গেলেন কি হরি ?
হে কদম্ব, নীপবৃক্ষ ওগো চ্যুত ওগো অর্ক
অচ্যুত গেলেন কোন্ পথে ?
জন্ম পর হিত তরে বসতি যমুনা তীরে,
কথা কওআমাদের সাথে ?"

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তিনিই ঈশ্বর, নাম পরমেশ তাঁর
করেন ত্রিলোকে পশি পালন সংসার। ১৭
ক্ষরের অতীত আমি নিত্য নিরমল
আমিই অক্ষর হ'তে উত্তম কেবল,
তাই সে 'পুরুষোত্তম' পাইয়াছি নাম,
লোকে বেদে সুবিখ্যাত, শুন গুণধাম। ১৮
সংসারের মোহবন্ধ কাটি দিব্য জ্ঞানে
আমায় 'পুরুষোত্তম' বলিয়া যে জানে
সকলি সে জানে পার্থ— সার্থক জীবন!
আমায় সর্ব্বতোভাবে করে সে ভজন। ১৯
অতি গোপনীয় এই শাস্ত্র সুনির্ম্মল,
সংক্ষেপে তোমায় আমি কহিনু কেবল,
অর্জ্জুন, যে কোন জন জীবনে তাহার
এ তত্ত্বের মর্ম্ম যদি পায় একবার,
দিব্য জ্ঞানে জ্ঞানী হয় চরিতার্থ মন
কৃতার্থ হইয়া যায়— সার্থক জীবন। ২০ *

---

* সম্রাট কতটুকু সুখ ক'দিন পান? তত্ত্বজ্ঞানীর অন্তরে আত্মার অনন্ত সুখ আর ধরে না। তত্ত্ববোধেই চিত্ত লয়,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আত্মবোধেই নিত্য-সুখ। কিন্তু সে তত্ত্ব সকলে পাইবে কি উপায়ে? প্রথমে সাধুসঙ্গ (অভাবে সাধু-গ্রন্থ পাঠ) পরে সেই জ্ঞানকে ধরিবার জন্য "অভ্যাস।"

স্বর্গ-পথগামী ইন্দ্রদূত হিমালয়-শিখরস্থা অপ্সরী সুরুচিকে বাল্মীকি-বিবৃত রাম-চরিত শুনাইলে সুরুচি বলিলেন—

(বাশিষ্ঠ, নির্ব্বাণ, উত্তর ২১৫ সর্গ)

নমোনমঃ দেবদূত, কি কহিলে তুমি—
তত্ত্ব শুনি সুরাপানে মত্ত যেন আমি!
তোমা হতে পাইলাম জীবন্মুক্ত ভাব
বুঝিলাম সাধুসঙ্গে কি পুণ্যপ্রভাব।
বুঝিলাম মম সম বুদ্ধি-শুদ্ধি হীনা,
অবলার মুক্তি নাই সাধুসঙ্গ বিনা।

অগ্নিবেশ্ম-ঋষি পুত্রকে কহিলেন—

কারুণ্য শুনিলে বৎস অপ্সরীর কথা?
সুরুচি অভ্যাস তরে রহিলেন তথা
হিমাচল-শিরে গন্ধমাদন-শিখরে,
লভিলা আনন্দ মুক্তি ব্রহ্মাকাশ পরে।

লোকালোক-গিরিশৃঙ্গে বিদ্যাধরী বশিষ্ঠদেবকে অভ্যাসের কথা বলিতেছেন— (নির্ব্বাণ, উত্তর ৫৮ সর্গ)

অভ্যাসের চির জয়! সে অভ্যাসে কি না হয়?
অভ্যাসে না হয় সিদ্ধ হেন কার্য্য নাই,
সে অভ্যাস নাই যার শাস্ত্রপাঠ বৃথা তার
সে পাণ্ডিত্যে মুর্খ তাই দেখিবারে পাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অভ্যাসেই মূর্খ নর হয় বিজ্ঞ সুধীবর,
অভ্যাসেই গিরিশৃঙ্গ চূর্ণ করা যায়,
অভ্যাসে হইলে সিদ্ধ দূর লক্ষ্য বাণবিদ্ধ
অভ্যাসে নারকী স্বর্গে অধিকার পায়।
জড়কে আকাশে তোলে, মৃত্যুতে অমৃত ফলে
সাকার বা নিরাকার অভ্যাসের ফল ;
শুধু অভ্যাসের বলে মুণিঋষি শূন্যে চলে,
অধিকার করি বসে আকাশ নির্ম্মল !
হ'তে পারে পুণ্য লয়, সিদ্ধি ও অসিদ্ধি হয়,
কিন্তু অভ্যাসের ফল না হয় নিষ্ফল,
আপন ভালর তরে অভ্যাস যে নাহি করে
সে পণ্ডিত শাস্ত্রবাহী বলদ কেবল !
হ'লে সূর্য্যোদয়-সুখ, নিশার আঁধার মুখ
জগতে যেমন হয় তখনি বিলয়,
আত্মজ্ঞান অভ্যাসেতে, ফিরে আর এ জগতে,
আঁধার মায়ার মুখ দেখিতে না হয় !
এক কার্য্য বার বার— অভ্যাস নামটি তার
অভ্যাসই পুরুষার্থ, বন্ধু পিতা-মাতা,
অভ্যাস পুরুষকার, জীবের সর্ব্বস্ব আর ;
অভ্যাসই সর্ব্বসিদ্ধি—সুখ মোক্ষ দাতা।
আপন বিবেক জ্ঞানে, ভাল বলি যে যা জানে
লভিতে কেবল তাহা 'অভ্যাস' উপায়,
থাকিলে সুকৃতি-বীর্য্য, উদিলে "অভ্যাস সূর্য্য"
জগতের শোক-দুঃখ রজনী পলায়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ষোড়শ অধ্যায়।

দৈবাসুর-সম্পদ্ বিভাগ যোগ।

শ্রীভগবান্ বলিলেন—

ভয়-শূন্য ভাব আর চিত্ত-প্রসন্নতা,
আত্মনিষ্ঠা, যজ্ঞ দান, তপঃ, সত্য, আত্মধ্যান,
সংযম অহিংসা, লজ্জা, শান্তি সরলতা,
অদ্রোহ, অক্রোধ, ত্যাগ, ক্ষমাশীল ভাব,
পরনিন্দা পরিহার, বিশুদ্ধ স্বভাব,
অভিমান অহঙ্কার—এ দুটি বর্জ্জন,
দয়া আর তেজঃ ধৈর্য্য, অলোভ চিত্তের স্থৈর্য্য—
এ সকল ভাব দেব—ভাবের লক্ষণ।
দেব-ভাব অভিমুখে জন্ম হয় যাঁর,
সব্যসাচী, এ সকল লক্ষণ তাঁহার। ১—৩
ধর্ম্ম-আড়ম্বর, দর্প—গুণ মহাবল,
অভিমান নিষ্ঠুরতা, ক্রোধ আর অজ্ঞানতা
অসুর ভাবের এই লক্ষণ সকল।
অসুরত্ব অভিমুখে জন্ম যার হয়,
এ সব লক্ষণ তার হইবে উদয়। ৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দেবভাবে মানবের মোক্ষলাভ হয়,
অসুর-ভাবেতে আর, সংসার-বন্ধন সার ;
তাই বলি শোকত্যাগ কর ধনঞ্জয়—
দেব ভাব অভিমুখে জনম তোমার,
দুঃখের-কারণ তব কিবা আছে আর ?
দেব আর অসুরের এই দুই ভাব,
শুন ওহে মতিমান্ এ সংসারে বর্ত্তমান—
এই দুই দিকে ধায় প্রাণীর স্বভাব।
দেবভাব সবিশেষ করেছে শ্রবণ,
অসুর-ভাবের কথা শুন হে এখন। ৬

---

* দেবভাবে দৃষ্টি পড়িলে আর ভয় কি ? দেবভাব তোমাকে সেই "সব পাওয়ার দেশে, সব হওয়ার দেশে" লইয়া যাইবে। এখন তুমি দেখ যে সেই সত্ত্বগুণের "দেবভাব" তোমার অন্তরে জাগিয়া উঠিতেছে কি না ? সাত্ত্বিক আহার বিহার ও সাত্ত্বিক ক্রিয়া দ্বারা অন্তরে সেই দেবভাবকে জাগ্রত কর—ওই সন্মুখে দেবলোক এবং সেই লোকেই ব্রহ্মলোক উদ্ভাসিত দেখিতে পাইবে। দেবভাবাপন্ন সাত্ত্বিক লোককে শত শত নমস্কার করিবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অসুর-প্রকৃতি নিয়া জনম যাদের,
প্রবৃত্তি কিরূপ হয়, নিবৃত্তি বা কারে কয়,
এ সকল বোধ পার্থ, না হয় তাদের।
তাই তারা শুদ্ধিহীন সদাচার হারা,
সত্য যে কি কখনও নাহি জানে তারা। ৭
কহে তারা—সত্যহীন এ ভব মণ্ডল,
নাহি কিছু পাপ পুণ্য, সংসার ঈশ্বর শূন্য,
আপনা-আপনি হয় উৎপত্তি সকল।
সৃষ্টির কারণ তাঁরা এই জানে সার—
স্ত্রী-পুরুষ কামনায় বাড়িছে সংসার। ৮
পার্থ এই অল্পবুদ্ধি লোক সমুদয়
এই রূপ দৃষ্টি ধরি হৃদয় মলিন করি,
জীবের অনিষ্ট-কারী উগ্রকর্ম্মা হয়।
হেন রূপে জগতের ক্ষয়ের কারণ,
করে তারা এ সংসারে জনম গ্রহণ। ৯
অপূরণ কামনায় তারা, কুরুনিধি
মহাদর্প অভিমানে, গর্ব্ব করি ভাবে মনে
এই মন্ত্র সিদ্ধ করি পাব মহানিধি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তাহার অশুচি-ব্রত করি দুরাশায়,
অকার্য্যে প্রবৃত্ত হয় কহিনু তোমায়। ১০
যাবৎ না তাহাদের ছাড়ি যায় প্রাণ,
অনন্ত চিন্তার বশে, সুখ-ভোগ অভিলাষে
কাম ভোগ সংসারের সার করি জ্ঞান। ১১
শত আশা-পাশে বদ্ধ, কাম ক্রোধে মতি
ছলে বলে অর্থ লাভে মত্ত দিবা রাতি। ১২
ভাবে তারা নিশিদিন, উন্মাদ যেমন,
অদ্য এই লাভ ভবে কল্য আশা পূর্ণ হবে,
অদ্য এই আছে, কল্য হবে এই ধন! ১৩
এই শত্রু নাশিয়াছি! বধিব অপর!
আমি ভোগী সিদ্ধ সুখী আমিই ঈশ্বর! ১৪
আমার সমান বিশ্বে কেবা আছে আর?—
আমি এত বলবান্! আমি কত ধনবান্!
সর্ব্বাপেক্ষা ভাল যজ্ঞ করিব এবার!
হয়েছি কুলীন আমি বিতরিব দান!
হর্ষ হবে, সবে মোর গাবে গুণগান! ১৫
মুগ্ধ হ'য়ে অজ্ঞানের মৃগ-তৃষ্ণিকায়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করিয়া চঞ্চল চিত্ত নানাদিকে প্রধাবিত
ভোগে মত্ত হয় তারা জড়িত মায়ায়,
অশুচি নরকগামী হয় তারা সবে
এইরূপে অধোগতি পায় এই ভবে।* ১৬
নিজে নিজে পূজ্য হয়, নম্রতা না জানে,
ধন নাম গর্ব্বে মাতি করি তারা দর্প অতি
শ্রদ্ধা হীন-নাম মাত্র যজ্ঞ অনুষ্ঠানে,

* ভোগ সুখে উন্মত্ত মানবের কর্ম্মফলই তাহাদিগকে অধঃপাতে দেয়। তাহাদের সংসারটি যেন মরীচিকার সুশীতল বারি। উহাতে কি কলসী পূর্ণ হয়, না তৃষ্ণা দূর হয়? পাখীর গলায় দড়ি বাঁধিয়া বালক যেমন টানে, অবোধ মানুষের গলায় ভোগবাসনা বাঁধিয় মৃত্যু তেমনিটানিতেছে। অহো কি বিড়ম্বনা। পর্ব্বতের উপরে লাল টকটকে গুঞ্জাফল অর্থাৎ কুচফলের রাশি দেখিয়া পার্ব্বতীর বানরগণ অগ্নিবোধে দলে দলে তাহার নিকট গিয়া, পা মেলিয়া বসিয়া দুরন্ত পার্ব্বত্য শীত, নিবারণ করে। লাল টকটকে কামিনী-কাঞ্চনের রাশি দেখিয়া অবোধ মনুষ্যও সুখবোধে তাহার কাছে বসিয়া জাগতিক দুঃখ নিবারণ করে। গুঞ্জাফলে যতটুকু শীত ভাঙ্গে, কামিনী-কাঞ্চন উপভোগেও ততটুকু দুঃখ দুর হয় মাত্র। (সুধাকর-কৃত অমৃত)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

লোক দেখাইয়া করে অবিধি ভজন
বাহ্য পূজা করে মাত্র যশের কারণ। ১৭
অহঙ্কার বল দর্প কাম ক্রোধে মাতি,
আমি যে তাদের দেহে, আমিই অপর দেহে—
না জানিয়া হিংসা মোরে করে দিবা রাতি!
না বুঝি সাধুর তত্ত্ব, অহঙ্কার ভরে
পবিত্র সাধুর গুণে দোষারোপ করে। ১৮
হিংসাকারী ক্রূর সেই নরাধম নরে
ফেলিয়া দুঃখের মাঝে শিক্ষা দিতে প্রতি কাজে
অর্জ্জুন অসুর জন্ম দেই নিম্ন স্তরে। ১৯
আমি ধ'রে থাকি তারা না দেখে আমায়,
কর্ম্ম-চক্রে পাকে পাকে অধোমুখে ধায়। ২০ *

---

* কথার অনুবাদে যথার্থ অনুবাদ হয় না। শ্লোকের মর্ম্মভেদ আবশ্যক। সামান্য অর্থে এখানে সাধারণকে ভয় দেখানই উদ্দেশ্য, বিশেষ অর্থই অনুবাদে আছে। অর্থাৎ ঈশ্বর তাদের সর্ব্বনাশ করেন না—উত্থানের জন্যই পতন। সর্ব্বদর্শী ঈশ্বর এইরূপ মঙ্গলময় শিক্ষা-প্রণালী স্থির করিয়াছেন। মূলে আছে, আমাকে না পাইয়া—অর্থাৎ আমি ধরিয়া আছি, তাহা দেখিতে না পাইয়া ধরিয়া থাকিলে পতন কোথায়?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কাম ক্রোধ লোভ তিন নরকের দ্বার,
ইহারা, গাণ্ডীব ধারী, আত্মজ্ঞান নাশকারী,
তাই তুমি এই তিনে কর পরিহার। ২১
এই তিন দ্বারে যিনি পান পরিত্রাণ,
নিজ হিত সাধি শেষে বিষ্ণু-পদ পান। ২২
শাস্ত্র বিধি ছাড়ি যেই স্বেচ্ছাচারী হয়,
কার্য্য সিদ্ধি নাহি তার, শান্তি কোথা পাবে আর ?
পায় না পরম পদ চির শান্তিময়। ২৩
কিবা কার্য্য কি অকার্য্য—তার ব্যবস্থায়
শাস্ত্রই প্রমাণ তব, কহিনু তোমায়।
শুন হে কৌরব রবি, তাই শাস্ত্র মানি,
থাকিয়া কর্ম্মাধিকারে, কর্ম্ম কর এ সংসারে,
শাস্ত্রের বিধান কর্ম্ম ভালরূপে জানি।
শাস্ত্রের মর্ম্মজ্ঞ সৎ গুরু সন্নিধানে।
কার্য্যাকার্য্য জানি কর্ম্ম কর মন প্রাণে। ২৪*

---

* গীতা কেবল কর্ম্মের দিকই দেখাইতেছেন—ভগবানের দিকে চাহিয়া কর্ম্ম করাই দেবভাবের লক্ষণ। অহং-বুদ্ধিতে কর্ম্ম করা অসুরের লক্ষণ। কর্ম্ম ত্যাগ মূর্খতার লক্ষণ।

CC0-In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যোগবিশিষ্ঠে আছে বেদবেদাঙ্গ-পারদর্শী ঋষি-পুত্র কারুণ্য নিষ্কর্ম্ম হইয়া বসিয়া থাকেন ; পিতা অগ্নিবেশ্য ঋষি ভর্ৎসনা করায়—

কারুণ্য কহেন—পিতঃ সাধুগণ ভবে
সর্ব্ব কর্ম্ম ত্যাগ করি মুক্তি পদ লভে।
শুনি নাই কেহ মুক্তি পায় ত্রিভুবনে,
ধন উপার্জ্জনে আর পুত্র উৎপাদনে!

তখন অগ্নিবেশ্য ঋষি শ্রীরামের প্রতি বশিষ্ঠের ব্রহ্মজ্ঞান উপদেশ বিবরণ আনুপূর্ব্বিক বর্ণনা করিলে কারুণ্য চতুর্গুণ উৎসাহের সহিত পরমানন্দে কর্ম্ম করিতে আরম্ভ করিলেন।

অগস্তি মুনির আশ্রমে সুতীক্ষ্ণ নামে এক ব্রাহ্মণ গিয়া মুনিকে জিজ্ঞাসা করিলেন—হে মুনে কর্ম্মেতে মুক্তি হয় কি জ্ঞানেতে মুক্তি হয়? অগস্তি বলিলেন—, সুধাকর কৃত যোগবাশিষ্ঠ)

উভয় পক্ষেতে যথা পক্ষিগণ চলে
মুক্তি হয় জ্ঞানকর্ম্ম উভয়ের বলে।

টীকাকার বলেন—আগে কর্ম্ম, শেষে তার ফলই জ্ঞান। কিন্তু একসঙ্গে দুইটি এই উপমা ঠিক হয় নাই। অন্য টীকাকার বলেন—জ্ঞান হঠাৎ একদিন আকাশ হতে পড়ে না, কর্ম্মের সঙ্গে সঙ্গে জ্ঞান বীজ অঙ্কুরিত হয় ও ক্রমশঃ বিকাশ পায়। এই উপমাই ঠিক হইয়াছে তাই গীতায় জ্ঞান, ভক্তি ও কর্ম্ম ওতঃপ্রোতভাবে চলিয়াছে। কিন্তু সে কোন্ কর্ম্ম?—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সপ্তদশ অধ্যায়—শ্রদ্ধাত্রয়-বিভাগ যোগ।

অর্জ্জুন কহিলেন—

না জানি শাস্ত্রের বিধি কেবল শ্রদ্ধায় যদি
কেহ করে অর্চ্চনাদি, কিবা ভাব তার ?
সত্ত্ব রজঃ কিবা তমঃ কহিয়া আমার ভ্রম
ঘুচাও পুরুষোত্তম, কৃপাতে তোমার। ১

শ্রীভগবান্ কহিলেন—

পূর্ব্বের সংস্কার বশে মানবের শ্রদ্ধা আসে
স্বাভাবিক সেই শ্রদ্ধা এ তিন প্রকার—

গীতা ও যোগবাশিষ্ঠ কর্ম্ম-শব্দে সংসার-কর্ম্ম, ধর্ম্ম-কর্ম্ম ও যোগকর্ম্ম সমস্তই বুঝাইয়াছেন, কিন্তু দেবভাবে করিতে ব লিয়াছেন।

ঈশ্বরের তরে কর্ম্ম কর নিরন্তর
কর্ম্মের যে পরিণাম পরব্রহ্ম তাঁর নাম
কর্ম্ম কর, কর্ম্মে বাড়ে ব্রহ্ম-কলেবর। (তপোবন)

গুটীপোকা লালার দ্বারা এবং মনুষ্য লালসার দ্বারা গুটী প্রস্তুত করিয়া তন্মধ্যে বদ্ধ হয়। ঐ গুটী-মধ্যস্থ পোকার পাখা বা দন্ত হইলেই সে গুটী কাটিয়া অতি বিচিত্র প্রজাপতি হইয়া উড়িয়া যায়। ঠিক সেইরূপ দেহ মধ্যস্থ মনুষ্যের দিব্যজ্ঞান উদয় হইলেই সে চমৎকার সূক্ষ্মদেহ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্বাত্তিক—শ্রদ্ধার সার, রাজস তামস আর
সবিশেষ শুন তাহা কুন্তীর কুমার ২
সংস্কার যেমন যার, শ্রদ্ধাও তেমন তার
পরম পুরুষ হন, নিত্য শ্রদ্ধাময়,
যে যেমন ভক্তিমান্— সে পুরুষে শ্রদ্ধাবান্
তার প্রতি সে পুরুষ তেমনি সদয়। ৩ *
সত্ত্বময়ী শ্রদ্ধা যার, দেব-আরাধনা তার,
রাজসিকগণ পুজে যক্ষ-রক্ষ গণে ;

লইয়া দেবতা হইয়া আকাশ-লোকে উড়িয়া যায়। কি কার্য্য দ্বারা এই দেহ-মুক্ত হওয়া যায়, তাহা অন্ধের ন্যায় না হাতড়াইয়া সদ্গুরুসন্নিধানে জানিবে।

* যে যেমন বুঝিতে পারে, ভগবানও সেইরূপ দয়া করেন।—মহাচৈতন্যের কিরণই জীব-চৈতন্য, এই জ্ঞান দৃঢ় কর। মনকে ত্রাণ করে মন্ত্র। জপ কর "জড়দেহ আমি নয়, আমি শ্বাস-চৈতন্য আকাশ ময়।" কিংবা "আকাশ চৈতন্য-সিন্ধু শ্বাসে মিশে আসে বিন্দু।" সূর্য্যকিরণ গৃহে প্রবেশ করিয়া কেন কাঁদিবে? চৈতন্য কিরণ জীবই বা দেহে প্রবেশ করিয়া কেন কাঁদিবে? কেবল আত্ম বিস্মরণই কারণ। বুঝিলে তৎক্ষণাৎ মুক্তি না বুঝিলে সত্ত্ব-রজঃ-তমঃর আবরণ। তবে শুদ্ধ সত্ত্ব শুভ্র নির্ম্মল কাচের আবরণ মাত্র।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তামসিক শ্রদ্ধা নিয়া, ভূত প্রেত পূজা দিয়া
উল্লাসে প্রফুল্ল হিয়া নাচে মূঢ় জনে। ৪
অভিলাষ অহরহঃ, আসক্তি আগ্রহ সহ,
দম্ভ অহঙ্কারে হয়ে জ্ঞান বুদ্ধি হারা,
শরীরস্থ ভূতগণে আমাকেও তার সনে
ক্লেশ দানে অশাস্ত্রীয় তপঃ করে যারা,
অবহিত ঘোরতর তপস্যায় কলেবর
ক্লেশে হয়ে জর জর করে যারা সবে,
অতি ক্রূরকর্ম্মা তারা শাস্ত্র উপদেশ হারা
ধর্ম্ম পথে ধৈর্য্যহীন স্বেচ্ছাচারী ভবে। ৫, ৬
অতি প্রিয় যে আহার, শুন বিবরণ তার,
ত্রিবিধ আহার ভবে হয়েছে সৃজন ;
যজ্ঞ তপঃ দান আর, তাহাও তিন প্রকার
এ সকল ভেদ পার্থ করহ শ্রবণ। ৭
আয়ু সত্ত্বগুণ আর, আরোগ্য, বল সঞ্চার,
প্রীতি সুখ বৃদ্ধি যাতে, রস আছে যার,
স্নেহযুত তৃপ্তিময়, সার যার স্থায়ী হয়,
সাত্ত্বিকের অতি প্রিয় এরূপ আহার। ৮

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অতি কটু অম্লময়, উষ্ণ তীক্ষ্ণ অতিশয়
লবণাক্ত, রুক্ষ, দাহ দুঃখ যুত যাহা,
মনস্তাপ ফল যার, রোগপ্রদ যে আহার
রাজসিকগণ, পার্থ ভালবাসে তাহা। ৯
শীতল নীরস বাসী দুর্গন্ধ উচ্ছিষ্ট রাশি
দেব-স্থানে নিবেদনে দিতে যাহা নাই,
অখাদ্য আহার যত বাসী পচা নানা মত,
তামসিকগণ বড় ভালবাসে তাই। ১০
ফলাকাঙ্ক্ষা শূন্য জন কেবল কর্ত্তব্যে মন
পরমাত্মাতেই চিত্ত করিয়া নিশ্চল,
যেই যজ্ঞ বিধিমতে করেন একাগ্র চিতে
সেই ত সাত্ত্বিক যজ্ঞ জানিবে কেবল। ১১
কর্ম্মফল-আশাভরে মহত্ত্ব প্রচার তরে
যে যজ্ঞের আরম্ভ সে যজ্ঞ রাজসিক ; ১২
বিধি মন্ত্র শ্রদ্ধা আর দক্ষিণাও নাই যার,
অন্ন-দানহীন যজ্ঞ হয় তামসিক। ১৩
দেব দ্বিজ গুরু জ্ঞানী সবে পূজনীয় জানি,
তাঁদের অর্চ্চনা আর শৌচ সরলতা,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্রহ্মচর্য্য আচরণ পরহিংসা বিসর্জ্জন,
শরীর তপস্যা এই জানিবে সর্ব্বদা। ১৪
বাক্য অনুদ্বেগ-কর সত্য প্রিয়, হিতপর,
বেদাভ্যাস,—বাক্যময় তপস্যা এ সব। ১৫
প্রসন্নতা অক্রূরতা, ভাবশুদ্ধি নীরবতা,
ইন্দ্রিয় নিগ্রহ,—এই মানসিক তপ। ১৬
কর্ম্মফলে চিন্তা নাই, যোগযুক্ত সর্ব্বদাই
এমন মানবগণ পরম শ্রদ্ধায়,
এ তিন তপস্যা করে, কায়-মনোবাক্য পরে,
সাত্ত্বিক তপস্যা সেই কহিনু তোমায়। ১৭
সাধুসম ব্যবহারে শ্রদ্ধায় সেবিবে মোরে,
সকলে কহিবে হেন সাধু আর নাই,
পূজিবে চরণ ধরি এই আশা মনে করি,
দম্ভভরে যে তপস্যা, রাজসিক তাই। ১৮
স্বার্থসিদ্ধি অভিলাষে, কেবল মূঢ়তা-বশে
অন্যের অনিষ্ট যার ভাব মানসিক,—
পরের নিধন স্মরি কিংবা আত্মপীড়া করি
অজ্ঞানীর তপস্যা সে তপঃ তামসিক। ১৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পাইতে প্রত্যুপকার প্রত্যাশা নাহিক আর
দাতব্য জানিয়া সার, যে দান হইবে,
দেশ কাল পাত্র দেখি কর্ত্তব্যেতে মন রাখি,—
সর্ব্বোত্তম সেই দান সাত্ত্বিক জানিবে। ২০*
পাইবারে উপকার, ফলের উদ্দেশে আর,
ক্লেশে দান করা—সেই দান রাজসিক ; ২১
না করি সুব্যবহার, আরো করি তিরস্কার
অপাত্রে অদেশ-কালে দান তামসিক। ২২
'ওম্ তৎ সৎ' এই তিন রূপ শব্দেতেই
ব্রহ্মের নির্দ্দেশ হয়, শাস্ত্রের প্রমাণ। ‡

---

* শ্লোক সহজ, টীকা কঠিন। টীকাকার বলেন, দেশ কি? কাশীক্ষেত্রে। কাল কি? মাঘ মাসে। পাত্র কি? ব্রাহ্মণে যেদান তাহাই সাত্ত্বিক দান। বহু টীকা সাধারণের জন্য। সাধু বা সাধকের জন্য নহে। কিন্তু টীকাকারগণ নিষ্কাম অর্থ সব জানিতেন।

‡ ওম্ অর্থে অ,উ,ম, ব্রহ্মা, বিষ্ণু, শিব। তৎসৎ-সেই সত্য। বি-বিলয় প্রাপ্ত ওম্ যেখানে সেই স্থান "ব্যোম্"। স্ত্রীলোক ওম্ উচ্চারণ না করিয়া ইহা মনে মনে বলেন। ওঁ ক্লীং হ্রীং ইত্যাদি বীজমন্ত্র জিনিষটি কি, ও তাহা মনে মনে জপ করিলে তাহার আঘাত পরব্যোমে কোন অনন্ত গিয়া লাগে, অর্থ না

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শুন পার্থ, পুরাকালে এই তিন শব্দ বলে,
হয়েছে ব্রাহ্মণ বেদ যজ্ঞের বিধান। ২৩
তাই ওম্ উচ্চারণ, করি ব্রহ্মবাদিগণ
বিধি মতে করে যজ্ঞ তপঃ ক্রিয়া দান, ২৪
নিষ্কাম মোক্ষার্থিগণে, তৎ শব্দ উচ্চারণে,
করে তপঃ ক্রিয়া দান, যজ্ঞ সমাধান। ২৫
পুত্রাদির জন্মোৎসবে সাধু-কর্ম্ম হয় যবে
মাঙ্গলিক কার্য্যে 'সৎ' শব্দ ব্যবহার, ২৬
যজ্ঞ দান তপোধর্ম্ম, তার তরে যে যে কর্ম্ম
সে সবেও 'সৎ' বলে কুন্তীর কুমার। ২৭
অশ্রদ্ধায় তপস্যায়, হোম দান যাহা হয়,—
শ্রদ্ধাহীন যাহা কিছু অসৎ সকল,
কিবা তাতে ইহলোকে, কিবা হবে পরলোকে?
শ্রদ্ধা না থাকিলে পার্থ সকলি বিফল। ২৮

বুঝিলেও উহার জপে কিরূপে মহাফল প্রদান করে সেই অপূর্ব্ব "নাদতত্ত্ব" অর্থাৎ শব্দের মধ্যে অর্থ কিরূপে অব্যর্থ ভাবে লুক্কায়িত থাকে তাহার সন্তোষজনক ব্যাখ্যা সাধকের গুপ্ত রত্নস্বরূপ "মেহার মাহাত্ম্য" গ্রন্থে দেখিতে পাইবেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অষ্টাদশ অধ্যায়—মোক্ষযোগ।

অর্জ্জুন কহিলেন—

ওহে শ্রীমধুসূদন, কৃষ্ণ, কেশি-নিসূদন,
দাসের এখন এই মিনতি তোমায়,
সন্ন্যাস কাহাকে বলে, ত্যাগ হয় কিবা হলে
পৃথক্ পৃথক্ করি কহ তা আমায়। ১

শ্রীভগবান্ কহিলেন—

স্বর্গাদি সুখের তরে যে যে কর্ম্ম করে নরে
কাম্য কর্ম্ম কহে তারে, শুন ধনঞ্জয়,
কাম্য কর্ম্ম ত্যাগ হলে, সন্ন্যাস তাহাকে বলে
পণ্ডিতেরা এইরূপ জানেন নিশ্চয়।
নাহি হবে কর্ম্ম ত্যাগ, হবে কর্ম্ম ফল-ত্যাগ,
আত্ম-জ্ঞানিগণ বলে 'ত্যাগ' তার নাম,
কর্ম্ম-ফল দৃষ্টি নাই কর্ম্ম করে সর্ব্বদাই
ত্যাগের যথার্থ অর্থ শুন গুণধাম। ২
সাংখ্য নামে পণ্ডিতেরা, কর্ম্মে দোষ বলে তারা,
সর্ব্ব কর্ম্ম পরিত্যাগ সাংখ্যগণ করে,
মীমাংসক ঋষি যারা, তিন কর্ম্ম করে তারা—
যজ্ঞ দান তপস্যায় দোষ নাহি ধরে। ৩

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ত্যাগ তিনরূপ আছে, কহি তা তোমার কাছে
যজ্ঞ দান তপে চিত্ত শুদ্ধি করে সদা,
এই তিন ত্যজ্য নয়, কিন্তু তাহে ধনঞ্জয়
আসক্তি ফলের আশা ত্যজিবে সর্ব্বথা। ৪-৬
সিদ্ধ ভাবি আপনারে, নিত্য কর্ম্ম ত্যাগ করে,
মোহ ভরে, সেই ত্যাগ জানিবে তামস ; ৭
ক্লেশ-ভয়ে দুঃখভরে যেবা কর্ম্ম ত্যাগ করে,
ত্যাগ-ফল নাহি পায়—সে ত্যাগ রাজস। ৮
কেবল কর্ত্তব্য-জ্ঞানে নিত্য কর্ম্ম অনুষ্ঠানে
আসক্তি ও ফলত্যাগ, সাত্ত্বিক সে হয় ; ৯
সত্ত্বশালী স্থির মন, নিঃসংশয় ত্যাগী জন,
দুঃখে দ্বেষ, সুখে প্রীতি করে না নিশ্চয়। ১০*
সর্ব্ব কর্ম্ম ত্যজিবারে দেহধারী কেহ নারে
কর্ম্ম বিনা এ সংসারে থাকা নাহি যায় ;
কর্ম্মফল নারায়ণে প্রেমানন্দে সমর্পণে
ফলত্যাগী হইলেই ত্যাগী বলে তায়। ১১

---

* সুখে অর্থাৎ অনিত্য সুখে সুখবোধ করেন না। নিত্য সুখ চান। "সব পাওয়ার দেশে" যাওয়ার জন্য সর্ব্বত্যাগী হন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভাল কিংবা মন্দ ফল, ভালমন্দ মিশ্র ফল—
তিন রূপ ফল এই, পরলোকে হয়,
কাম্য কর্ম্ম করে যেই, তিন ফল ভোগে সেই,
ত্যাগী জন কোন ফল ভোগে না নিশ্চয়। ১২
সর্ব্ব কর্ম্ম সাধনার্থ, বেদান্তে কথিত পার্থ
পাঁচটি কারণ এই—কর তা শ্রবণ, ১৩
শরীর ইন্দ্রিয় আর, নানা চেষ্টা অহঙ্কার
আর দৈব, ভাল মন্দ কর্ম্মের কারণ। ১৪-১৫
কর্ম্মের কারণ এই তথাপি ভাবে যেই
"আত্মাই কেবল কর্ত্তা—আসক্ত ধরায়"
অমার্জ্জিত বুদ্ধি তার— আত্মা নিত্য নির্ব্বিকার
সম্যক্ সে মন্দমতি দেখিতে না পায়। ১৬
"আমি কর্ত্তা" বোধ নাই, নির্লিপ্ত যে সর্ব্বদাই*
সে যদি সকল লোক হত্যাকারী হয়,

---

* বাতাস দোলায়ে যায় কুসুম কানন,
সংসার নির্লিপ্ত সুখে নাচায়ে তেমন—
শ্বাস-প্রশ্বাস কর্ম্মের ন্যায় সহজকর্ম্ম যে করিয়া যায়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তথাপি না করে হত্যা, তারে দোষী করা মিথ্যা!
সে যে ভালমন্দ হীন—কর্ম্মে বদ্ধ নয়। ১৭
'জানা' যাকে বলা যায়, আর 'যাহা জানা যায়'
'যেবা জানে'—এই তিন জ্ঞান জ্ঞেয় জ্ঞাতা,
সর্ব্ব কর্ম্মে এই তিন হইয়াছে চিরদিন
কর্ম্ম প্রবৃত্তির হেতু মনোবৃত্তি দাতা;
যাহা দ্বারা কর্ম্ম হয়, 'করণ' তাহাকে কয়
চক্ষু কর্ণ নাসা চর্ম্ম—এ সব করণ,
অভীষ্ট যে 'কর্ম্ম' আর 'কর্ম্ম-কর্ত্তা' নাম যার,
এ তিন আশ্রয়ে হয় কর্ম্ম সম্পাদন। ১৮
জ্ঞান, কর্ম্ম, কর্ত্তা আর সকলি তিন প্রকার
এ সব ভিন্নতা মাত্র গুণ ভেদে হয়,
সাত্ত্বিক বা রাজসিক কিংবা হয় তামসিক,
গুণ অনুসারে তাহা শুন ধনঞ্জয়। ১৯
ভিন্ন ভিন্ন ভূত সবে অভিন্ন অব্যয় ভাবে,
একই দেখায় যাতে, সে জ্ঞান সাত্ত্বিক; ২০
সর্ব্ব ভূতে ভিন্ন দৃষ্টি— পৃথক্ পৃথক্ সৃষ্টি,—
যে জ্ঞানে দেখায়, সেই জ্ঞান রাজসিক। ২১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শাস্ত্র যুক্তি বোধ নাই এক কার্য্যে মুগ্ধ তাই,
'এ দেহই আমি আর মূর্ত্তিই ঈশ্বর'—
হেন বোধ-উৎপাদক হেতু শূন্য অনর্থক
যে জ্ঞান তামস তাহা অকিঞ্চিৎ-কর। ২২
নিষ্কামীর সুবিহিত, রাগদ্বেষে নহে কৃত
আসক্তি শূন্য যে কর্ম্ম, সে কর্ম্ম সাত্ত্বিক ; ২৩*
ফলাকাঙ্ক্ষা, অহঙ্কারে, বহু চেষ্টা করি করে,
এমন যে কর্ম্ম, সেই কর্ম্ম রাজসিক। ২৪
কর্ম্মে কি বন্ধন রবে, কিংবা ক্ষয় হিংসা হবে,
না দেখি—হইয়া মাত্র মোহ পরবশ,

---

* তুমি এরূপ সাত্ত্বিক কর্ম্ম করিবে। সাত্ত্বিক কর্ম্ম কিরূপ? (ব্রজাঙ্গনা-গীতায়) শ্রীকৃষ্ণ বন-মধ্যে নানাবিধ বৃক্ষ দর্শন করিয়া রাখালগণকে বলিতেছেন। দেখ-দেখ,

মহাভাগ বৃক্ষ গণ শুধু পর-প্রয়োজন
সাধিতে নির্জ্জনে আছে হায়।
হিম রৌদ্র বর্ষা বাত সহ্য করি দিন রাত
আমাদের রক্ষা করে তায়—
আহা কি সুন্দরভাবে জন্মিয়াছে এরা ভবে
উপজীব্য প্রাণী সকলের,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পরিণাম না ভাবিয়া নিজ শক্তি না দেখিয়া
যে কর্ম্ম আরম্ভ হয় সে কর্ম্ম তামস ; ২৫
আসক্তি বা অহঙ্কার, কিছুমাত্র নাই যাঁর,
ধীরতা উৎসাহ যুত সর্ব্বদা যে জন,
কর্ম্ম-সিদ্ধি অসিদ্ধিতে না হয় বিকার চিতে
তিনিই সাত্ত্বিক কর্ত্তা শাস্ত্রের বচন। ২৬ *

দয়ালু যাচকে যথা, এরা পূর্ণ করে তথা
সর্ব্বদাই অভাব জীবের।
পত্র পুষ্প ফল ছায়া রস গন্ধ মূল দিয়া
সর্ব্বস্ব বিতরি অকাতরে,
অস্থি চর্ম্ম ভস্ম আর দিয়া করে উপকার,
ধন্য জন্ম লভিল সংসারে।
তুষিয়া সন্তুষ্ট মনে, জগতের প্রাণী গণে
বাক্যে হিত করি সকলের
ধন মন প্রাণ দ্বারা সতত মঙ্গল করা
উদ্দেশ্যই জীব-জীবনের। (ভাগবত ১০ম)

এই জন্য স্বার্থত্যাগী স্বেচ্ছাসেবকগণের পথ মুক্তির পথ। পর-সেবাতেই স্বার্থ ত্যাগ হয়। বনে গেলে ত স্বার্থ সঙ্গে-সঙ্গেই যায়, সংসারই স্বার্থপরীক্ষার উপযুক্ত ক্ষেত্র। স্বার্থত্যাগই মুক্তি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

*যাঁহার আসক্তি অহঙ্কার নাই অর্থাৎ যিনি চিত্ত ত্যাগ করিয়া কর্ম্ম করেন, তিনিই সাত্ত্বিক কর্ত্তা। চিত্ত ত্যাগ করিয়া আবার কর্ম্ম কেমন? শিখিধ্বজের প্রতি দেব পুত্রের বাক্য (বাশিষ্ঠ)—

এ সংসারে 'ভেদ-জ্ঞান' শুচি বলে তায়,
চিত্তের অভাব হলে 'জ্ঞান' বলা যায়।
সংসারে আবদ্ধ যারা বুঝিতে না পারে তারা—
চিত্তের অভাব হ'লে কি ভাব প্রকাশ?
রাজন্ বুঝিবে তুমি তাই বলিতেছি আমি,
অপরে শুনিলে মাত্র পাইবে আভাস,—
"চিত্ত ত্যাগ" মত সুখ ইন্দ্রত্বে না পাই,
প্রভাত-কমল-গন্ধে সে আনন্দ নাই,
খুলিয়াছে যার দিব্য তৃতীয় নয়ন,
সেই জানে "চিত্ত ত্যাগ" সুখদ কেমন।

রাজা বলিলেন—(সুধাকর কৃত যোগবাশিষ্ঠ দেখ)

বুঝিয়াছি আমি এবে, সুপ্রবুদ্ধ জ্ঞানী সবে
করেছেন চিত্ত ত্যাগ নিখিল সংসারে,
দেবপুত্র বুঝি তাই তোমাদের চিত্ত নাই?
'মন' নাই তবে কর্ম্ম কর কি প্রকারে?
একেবারে যাহাদের নাই চিত্ত মন,
কেমনে তাহারা কর্ম্ম করে সম্পাদন?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দেবপুত্র (ছদ্মবেশী চূড়ালা) বলিলেন—
চিত্তের অর্থই মাত্র বাসনা—বাসনাই করে চিত্ত ঘোষণা,
জড়ময় বাসনাতে পুনর্জন্ম এ জগতে,
জ্ঞানীর ত সে বাসনা রয় না,
সাত্ত্বিক বাসনা ভরে তত্ত্বজ্ঞানী কর্ম্ম করে,
তাতে তার পুনর্জন্ম হয় না।
সত্ত্ব রজঃ তমঃ গুণে জড়িত, তিন রূপ বাসনাই সতত—
যাতে মাখা জ্ঞানতত্ত্ব সে বাসনা শুদ্ধ সত্ত্ব
তত্ত্বজ্ঞের সত্ত্বগুণ হয় ত?
জ্ঞানীর বাসনা যত সত্ত্বনামে সব খ্যাত,
সে বাসনা বাসনাই নয় ত?
তত্ত্বজ্ঞের চিত্ত তাই রহে না, রজঃ তমঃ সে অন্তরে বহে না।
রজঃ তমঃ ভূমগুলে, দুটিকেই চিত্ত বলে,
শুদ্ধ সত্ত্বে "চিত্ত" বলা যায় না।
মোহ মুক্ত যেই চিত্ত তারে বলে শুদ্ধ সত্ত্ব,
তত্ত্বজ্ঞেরা চিত্ত খুঁজে পায় না।—
প্রবুদ্ধেরা "সত্ত্ব" বই মানে না বদ্ধ জীব 'চিত্ত' বই জানে না।
পুনঃ পুনঃ জন্মে চিত্ত, পুনঃ না জন্মায় সত্ত্ব,
চিত্তের বন্ধন সদা সংসারে—
সংসারীর চিত্ত হয়, সাধুদের তাহা নয়,
রাজর্ষে তাতেই কহি তোমারে,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সুখী দুঃখী লাভালাভে কর্ম্মফল আশা রবে,
বিষয়ী অশুচি হিংস্র কর্ত্তা রাজসিক ; ২৭
পর-অপমান-কারী, স্তব্ধ মূঢ় শঠাচারী,
বিষাদিত দীর্ঘসূত্রী কর্ত্তা তামসিক। ২৮
তিন রূপ ভেদ আর, 'বুদ্ধি' আর ধারণার'
সত্ত্ব রজঃ তমঃ এই গুণ ভেদে হয়,
পৃথক্ পৃথক্ ধরি, কহি তা বিশেষ করি,
মনোযোগ সহ তুমি শুন ধনঞ্জয়। ২৯

সত্ত্বের বন্ধন নাই জানিও, সাধুর "নিষ্কাম কর্ম্ম" মানিও।
সত্ত্বচিহ্ন যেই দেখা দিয়েছে—তপস্যা 'কষায় পাক' হয়েছে।
পূর্ণভাবে সত্ত্ব জাগে যখনি, তপস্যা সম্পূর্ণ হয় তখনি।
বুদ্ধিমান্এ জগতে ঈশ্বরের নিকটেতে
বলে না কিছুই দিতে তাহারে
কেবল বিনয় করি, কহে সে চরণ ধরি—
আত্মজ্ঞান দেও হরি আমারে।
পারে যদি আত্মজ্ঞান চাইতে,
কিছুই থাকে না বাকি পাইতে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কিসে বা প্রবৃত্তি হবে,　　কোথা বা নিবৃত্তি পাবে
কার্য্যাকার্য্য ভয়াভয় যাহে জানা যায়,
বন্ধ মোক্ষ ভাল মতে,　　জানা যায় যে বুদ্ধিতে
সে বুদ্ধি সাত্ত্বিক পার্থ কহিনু তোমায়। ৩০
ধর্ম্মাধর্ম্ম নাহি মানে,　　কার্য্যাকার্য্য নাহি জানে
এমন যে বুদ্ধি সেই বুদ্ধি রাজসিক ৩১
অধর্ম্মকে বলে হিত,　　সর্ব্ব অর্থ বিপরীত,
তমোগুণাচ্ছন্ন হেন বুদ্ধি তামসিক। ৩২
যে 'ধারণা' সুকৌশলে　　একাগ্র যোগের বলে,
সাম্য করে মন প্রাণ ইন্দ্রিয়ের ক্রিয়া—
সেই যে ধারণা হয়,　　স্থির চিত্তে ধনঞ্জয়,
তাহাই জানিবে তুমি সাত্ত্বিক বলিয়া। ৩৩
না জানি মোক্ষের নাম,　　শুধু "ধর্ম্ম অর্থ কাম"
যে ধারণা বশে নর করিছে ধারণ—
পুণ্য ধন সুখ আশে,　　কর্ম্মফল ভালবাসে
সে ধারণা রাজসিক পাণ্ডুর নন্দন। ৩৪
যে ধারণা হৃদে ধরি　　জ্ঞানহীন নরনারী
নিদ্রা-ভয় শোক দুঃখ ছাড়ে না সংসারে,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সর্ব্বদাই অহঙ্কার নাহি ঘুচে দুঃখ ভার
সে ধারণা তামসিক কহিনু তোমারে। ৩৫
কহি এবে শুন পার্থ, সুখের ত্রিবিধ তত্ত্ব,—
সদ্‌গুরুর উপদেশে অভ্যাসে কেবল,
যে সুখে আনন্দ হয়, একান্ত দুঃখের লয়,
বচন অতীত সেই সুখ নিরমল—
আগে যা গরল সম, শেষে যা অমৃতোপম,
আত্মবুদ্ধি প্রসন্নতা যাহাতে উদয়,
সাধনে অনন্ত দুঃখ সিদ্ধিতে অনন্ত সুখ
শাস্ত্রে বলে সেই সুখ সাত্ত্বিক নিশ্চয়। ৩৬, ৩৭
বিষয়-ইন্দ্রিয়-যোগে সংসারের সুখভোগে,
আগে লাগে সুধা সম, শেষে আসে বিষ,
রাজসিক সুখ তাহা হায়রে লভিতে যাহা
লালায়িত নর নারী ভবে অহর্নিশ। ৩৮
প্রথমেও যেই রূপ, পরিণামে সেই রূপ—
সততই হৃদয়ের মোহকর যাহা,
নিদ্রা আর আলস্যেতে, মায়ামোহ—প্রমোদেতে,
যে সুখ উদয় পার্থ, তামসিক তাহা। ৩৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রকৃতি সম্ভূত এই ত্রিগুণ কহিনু যেই,
স্বর্গে মর্ত্ত্যে ইহা, হ'তে মুক্ত কেহ নয়,
দেব বা মানব যারা, গুণ ছাড়া নহে তারা,
কেহ বা নির্লিপ্ত গুণে কেহ লিপ্ত হয়। ৪০*
ব্রাহ্মণ ও ক্ষত্রিয়ের, বৈশ্য আর শূদ্রদের,
কর্ম্মের বিভাগ আছে স্বভাবানুসারে,

* রজোগুণ বৃদ্ধির শেষেই "রাজস সাত্ত্বিক" ভাব আসে। উহাই ধর্ম্মের আরম্ভ বা ভিত্তি-মূল। তাই রজোবৃদ্ধি আবশ্যক রজোগুণ তেজস্কর; তেজের উপরেই ধর্ম্ম দাঁড়ান। তেজেই মনকে ঊর্দ্ধ উঠাইয়া দেয়। কদলী ত্বকের ন্যায় দেহের মধ্যে স্তরে স্তরে আরও অতি সুন্দর দেহ আছে। উপরেই ভাসিতেছে — মাটি জলের অন্নময় দেহ, ইহা তামসিক অনুভবমাত্র। তার মধ্যে অগ্নিময় তেজোময় দেহ, ইহা রাজস সাত্ত্বিক অনুভব। আপাদমস্তকে হস্ত দিয়া দেখিবে—সর্ব্বাঙ্গেই তেজঃ ও অগ্নির উত্তাপ। ঐ ত তোমার সূক্ষ্ম অগ্নিময় শরীর দেখিতে পাইলে। লালতপ্ত লৌহদণ্ডের ন্যায় ঐ অগ্নিদেহ ভাবনা কর, উহা সীতার অগ্নি পরীক্ষার ন্যায় শ্মশান-অগ্নির মধ্যে হাস্য করিবে। ঐ অগ্নি-দেহের মধ্যে চিন্ময় চৈতন্যময় দেহ আছে। ঐ দেব-দেহ নিত্য সিদ্ধ এবং গুণসত্ত্বেও গুণে নির্লিপ্ত। রাধা-কৃষ্ণলীলা ঐরূপ। বিরহটা বাহিরে "কি কহব রে সখি আনন্দ ওর—চিরদিন মাধব মন্দিরে মোর।"

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পূর্ব্ব জন্ম-কর্ম্মবশে, এ জন্মে সংস্কার আসে
সেই গুণে চারি বর্ণ বিভক্ত সংসারে। ৪১
শম দম আস্তিকতা, শৌচ ক্ষমা সরলতা
জ্ঞান তপঃ ব্রাহ্মণের স্বাভাবিক ধর্ম্ম ; ৪২
সুদক্ষতা তেজঃ শৌর্য্য সমরে দৃঢ়তা ধৈর্য্য
ঐশ্বর্য্য-পালন, দান—ক্ষত্রিয়ের কর্ম্ম। ৪৩
গো-রক্ষা বাণিজ্য কৃষি, করে বৈশ্য ভালবাসি
পরিচর্য্যা শূদ্র-কার্য্য—স্বভাবে বিভাগ ; ৪৪
স্বকর্ম্মেতে নিষ্ঠাবান্ মনুষ্যই সিদ্ধি পান,—
কি প্রকারে শুন কহি, পার্থ মহাভাগ। ৪৫
সর্ব্ব চেষ্টা যাঁহা হ'তে, এই বিশ্বব্যপ্ত যাঁতে
স্বকর্ম্মে সাধিলে তাঁরে সিদ্ধি লাভ হয় ; ৪৬
পূর্ণ পর-ধর্ম্ম হতে অঙ্গ হীন স্বধর্ম্মেতে
শ্রেয়োলাভ,—স্বকর্ম্মেতে নাহি পাপ-ভয়। ৪৭
স্বভাবজ কর্ম্ম যেই, সহজ স্বধর্ম্ম সেই,
দোষযুত পাণ্ডুসুত, যদি তাহা হয়,
ত্যজ্য নয় তথাপি তা' ধূমাবৃত বহ্নি যথা,
সর্ব্ব কর্ম্ম দোষাবৃত সংসারে নিশ্চয়। ৪৮

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সকল বিষয়ে যার, আসক্তি নাহিক আর
আত্মজয়ী স্পৃহা শূন্য হন যেই জন,
কর্ম্মফলে লক্ষ্য নাই, সন্ন্যাস সাধনে তাই,
পরমা নিষ্কর্ম-সিদ্ধি তিনি প্রাপ্ত হন। ৪৯
সিদ্ধি প্রাপ্ত সাধুজন, যাতে ব্রহ্ম প্রাপ্ত হন,
জ্ঞানের চরম যাহা সংক্ষেপে তা বলি—৫০
শুদ্ধ বুদ্ধি যুক্ত ধীর আত্মাকে করিয়া স্থির,
শব্দাদি বা রাগদ্বেষ সমুদায় ভুলি,
নির্জ্জন স্থানেতে রন, পরিমিত ভোজী হন,
কায়-মনো-বাক্যে সদা সংযম করিয়া,
ধ্যান-যোগ-পরায়ণ বৈরাগ্যে আশ্রয় লন,
অহঙ্কার বলদর্প ক্রোধাদি ছাড়িয়া,
কোনও বিষয় ধনে, না করি গ্রহণ মনে,
'আমার আমার' এই বোধ পরিহরি, *

* মূলে আছে 'নির্ম্মম হইয়া' তাহার অর্থ—মম মম ছাড়িয়া 'আমার আমার' না বলিয়া, সমস্তই ঈশ্বরের জানিয়া। স্ত্রী পুত্রাদি ছাড়িয়া যাওয়া, ইহার অর্থ নহে। সে কিরূপ, তাহা যোগবাশিষ্ঠে রাজা শিখিধ্বজকে দেবপুত্র বলিতেছেন—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এ সংসারে ছাড়ে যার 'আমি আমি ও আমার'
'সর্ব্বত্যাগ হয় তার মুকুতার মত ;
বক্ষঃস্থল দিয়া তার, আসে যায় এ সংসার
মুকুতার ন্যায় তার নিত্য হাসি ব্রত।
সর্ব্বত্যাগী আকাশ ত সূর্য্যাদির স্থান,
সর্ব্বত্যাগী আত্মাই ত অখিলের প্রাণ।
আকাশ স্ফটিক মুক্তা—সর্ব্বত্যাগী তারা
তাই হৃদে স্থান পায় রবি শশী তারা!
সর্ব্ব ত্যাগে সর্ব্ব পাই আর কেন স্বর্গ চাই ?
'সর্ব্ব-ত্যাগ' সার রত্ন মহা চিন্তামণি
সেই চিন্তামণি হন পূর্ণ ব্রহ্ম সনাতন
মুনি ঋষি সর্ব্বত্যাগী হন তাই শুনি।
সর্ব্বত্যাগ তত্ত্ব জানি মহামুনিগণ
রত্নগিরি সম হন অবিচল মন।
সর্ব্বত্যাগী মুনি কাছে নিখিল সম্পদ আছে
কিছুই যে নাহি লয় তার হয় সব
ধর তাই নরমণি সর্ব্বত্যাগ চিন্তামণি
ত্যাগ কর নর-নাথ "আমি আমি" রব!
রাজর্ষে উঠিয়া হর্ষে চল এই বার,
"আমি ও আমার" রূপ ভবসিন্ধু পার।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শুদ্ধ শান্ত সাধু জন,　　　প্রাপ্ত হন ব্রহ্ম ধন
সততই ব্রহ্মভাবে অবস্থান করি। ৫১-৫৩*
পর ব্রহ্মে স্থিতি আর　　　সুপ্রসন্ন মন যাঁর,
বিনষ্ট বস্তুর তরে ক্ষুণ্ণ নাহি হন ;
আকাঙ্ক্ষা নাহিক চিতে,　　　সমভাব সর্ব্বভূতে—
আমার যে পরা ভক্তি, লভেন সে জন! ৫৪
যেরূপ বা যাহা আমি,　　　ভক্তিতে যথার্থ জানি,
আমাতে প্রবেশ লাভ পরে হয় তাঁর ; ৫৫
সদা সর্ব্ব কর্ম্মে থাকি　　　আমাতেই দৃষ্টি রাখি
প্রাপ্ত হন নিত্যপদ প্রসাদে আমার। ৫৬
আমাতেই মনে মনে　　　সর্ব্ব কর্ম্ম সমর্পণে,
"আমা ভিন্ন গতি নাই" এই মনে গণি,
বুদ্ধি যোগাশ্রয় করি,　　　সতত আমায় স্মরি,
আমাতেই চিত্ত রাখ বীর চূড়ামণি। ৫৭

এইরূপ নির্ম্মম হইবে। ইহার ত্যাগ রহস্য। (যোগবাশিষ্ঠ) আমি—আমার" এইটুকুই ভবসিন্ধু তার বেশী নয়, ভক্তেরা উহাকে গোষ্পদ-বারির ন্যায় বোধ করেন। অমৃত দেখ)

* আর্য্য মিশন গীতার ৫১-৫৩ শ্লোকের বিশদ ব্যাখ্যা দেখ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমাতে রাখিলে চিত্ত সর্ব্ব দুঃখ হবে অন্ত,
তরিবে সংসার দুর্গে প্রসাদে আমার ;
যদি অহঙ্কার কর, মম বাক্য নাহি ধর,
বিনষ্ট হইবে তবে, কুন্তীর কুমার। ৫৮
"আমার আমার" স্মরি, অহঙ্কার মনে করি,
"আমি যুদ্ধ করিব না"—ভাবিছ যা মনে,
মিথ্যা তাহা!—বল করি, প্রকৃতি তোমায় ধরি
প্রবৃত্ত করাবে পার্থ এই মহা রণে! ৫৯
পূর্ব্ব জন্ম সংস্কারে বদ্ধ তুমি এ সংসারে,
স্বভাবজ স্বীয় কর্ম্মে বদ্ধ আছ তুমি—
অবশে, প্রকৃতি বশে তুমিই করিবে শেষে
মোহবশে ভাবিছ যা 'করিব না আমি'। ৬০
যত জীব ভবে আছে, দেহ যন্ত্রে উঠিয়াছে,
ঈশ্বর মায়ার চক্রেসেই জীবগণে,
সূত্রধর সম কিবা, ঘুরান রজনী দিবা,
সর্ব্ব-ভূত-হৃদে বাস করি সংগোপনে। ৬১*

---

* এই মায়ার সংসারটি ঠিক যেন ভগবানের করচালিত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রঙ্গালয়ের অভিনয়। ইহাকে অভিনয়ের ন্যায় সর্ব্বদা স্মরণ রাখিতে পারিলেই পুত্রশোকে জননীর আর বক্ষঃ বিদীর্ণ হইবে না। পতিশোকে সতীর আর অবিশ্রান্ত রোদন করিতেও হইবে না। ইহা অব্যর্থ সন্ধান। অভিনয়ে যত রস আছে তন্মধ্যে করুণ-রসই উৎকৃষ্ট। যাত্রা-অভিনয়ে-অভিমন্যু-বধে অভিমন্যুর মৃতদেহ বক্ষে-লইয়া উত্তরা যখন রোদন করেন, তখন পাষাণও বিদীর্ণ হয়! মৃতপুত্র রোহিতাশ্বকে বুকে লইয়া যখন মহারাণী শৈব্যা হরিশ্চন্দ্রের মহাশ্মশানে উপস্থিত হইলেন, তখনকার অভিনয় দর্শনে বিধাতাও রোদন করেন! কিন্তু এরূপ পরম সুন্দর অভিনয়-ক্রীড়া ত এ সংসারে প্রতিদিনই অভিনীত হইতেছে। উত্তরা ও শৈব্যার ভূতল পতন দেখিয়া ও হৃদয় বিদারক করুণ রোদন শুনিয়া সজল-লোচন দর্শকগণ উচ্চৈঃস্বরে 'আর একবার, আর একবার, বলিয়া পুনর্ব্বার ঐ ভাব অভিনয় করিতে অনুরোধ করেন, কেন না ঐ দৃশ্য বড়ই মিষ্ট লাগিয়াছে। সেইরূপ মাতৃক্রোড়ে মৃত শিশুর ও সতীর বক্ষে মৃত পতির পার্থিব অভিনয় দেখিয়া ব্রহ্মাকাশে দেবগণ "আর একবার আর একবার" বলিয়া উঠিতেছেন। বড়ই মিষ্ট লাগিয়াছে। তাঁহারা দিব্য চক্ষে দেখিতেছেন—এটা চিদাভাস খেলা। অভিনয় মাত্র। মধুবাবু "শৈব্যারাণী" সাজিয়া, আত্মবিস্মৃত হইয়া যদি ভাবেন যে আমি সত্যই "শৈব্যারাণী"
CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভারত, সর্ব্বতো ভাবে সুখে দুঃখে এই ভবে,
তাঁহারি শরণ লও, তিনি মাত্র সার ;
তাঁহার প্রসাদে তবে, নিত্যধাম প্রাপ্ত হবে,
পাইবে পরমা শান্তি কুন্তীর কুমার। ৬২
এই মহা জ্ঞান ভবে তোমায় কহিনু এবে
গোপনীয় হইতেও গোপনীয় অতি,
সংগোপনে হৃদে রাখ— বিশেষ বুঝিয়া দেখ,
পরে যাহা ইচ্ছা হয়, কর তা সুমতি। ৬৩
সর্ব্বাপেক্ষা গুহ্যতম, পরম বচন মম,
মনযোগ সহ পুনঃ শুন পাণ্ডুসুত,—
তোমা সম প্রিয় নাই, হিত কথা কহি তাই
ভালবাসি বলিয়াই কহিতেছি এত। ৬৪

তবে সে অভিনয় যার পর নাই উৎকৃষ্ট হয়। সেই জন্য মানুষকে মায়ামদে আত্মবিস্মৃত হইয়া সংসার-অভিনয় করিতে দেওয়া হইয়াছে এবং অভিনয়ও অতি সুন্দর হইতেছে। মধুবাবু যদি স্মরণ রাখিতে পারেন যে "আমি মধুবাবু" তবে তিনি যত পারেন কাঁদুন, তাহাতে আর দুঃখ কি ? মধুবাবুর "মধুবাবু" ঠিক রাখিতে পারিলেই জীবন্মুক্তি অবস্থা ও পরমানন্দ উদয় হইবে। ঠিক রাখিয়া যে অভিনয় তাহাও ঈশ্বরের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমাতেই প্রাণ মন, কর তুমি সমর্পণ,
আমারই ভক্ত হও সর্ব্ব তেয়াগিয়া,
আমার অর্চ্চনা আর, আমাকেই নমস্কার
বারংবার কর চিত্ত একান্ত করিয়া ;
অর্জ্জুন, নিশ্চয় তবে, আমাকেই প্রাপ্ত হবে,
সত্যই প্রতিজ্ঞা করি, কহিতেছি আমি ;
কেন এ প্রতিজ্ঞা করি, জান কি কিরীট ধারী ?—
জগতে আমার পার্থ, বড় প্রিয় তুমি ! ৬৫ *
সর্ব্ব ধর্ম্ম পরিহরি, * কেবল আমাকে ধরি
একান্ত অন্তরে লও আমার শরণ,
সর্ব্ব পাপে পরিত্রাণ আমিই করিব দান,
আর দুঃখ করিও না, কুন্তীর নন্দন ! ৬৬

অনুমোদিত। আত্মবিস্মৃত হইলেই যেন সর্ব্বনাশ হইতেছে, বোধ হয় মাত্র। বস্তুতঃ সর্ব্বনাশাদি কিছুই নহে—সর্ব্বই রক্ষা ! কোন দিকে কিছুই একচুলও নড়ে নাই। (অমৃত দেখ)

* আহা, ব্রজলীলায় যশোদা বন্ধন করিলে বলিয়াছিলেন—
"মা যশোদা—বাঁধতে পারে কি ?
মাকে, ধন্য ক'য়ে পুণ্যডোরে আপনি বাঁধা থাকি।"
এখানেও সেই আপনি বাঁধা থাকিতেছেন। তাতেই অর্জ্জুনের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অধর্ম্মী অভক্ত আর গুরু-সেবা নাই যার,
বিদ্বেষীকে গীতা তত্ত্ব কভু না কহিবে ; ৬৭
গুহ্যতম জ্ঞান এই ভক্তকে বুঝায় যেই,
পরাভক্তি বশে সেই আমায় পাইবে। ৬৮
তা হ'তে অধিক আর প্রিয়কারী কে আমার ?
ততোধিক প্রিয়কারী নর-কুলে নাই,
মম প্রিয়তর ভবে, আর কেহ নাহি হবে,
সর্ব্বাপেক্ষা তারে আমি ভালবাসি তাই ! ৬৯
যেই জন এই গীতা আমাদের ধর্ম্মকথা,
'কৃষ্ণার্জ্জুন-সুসংবাদ' করে অধ্যয়ন ;
জ্ঞান-যজ্ঞে ভক্তি ভরে আমারি সে পূজা করে
মম অভিমত এই পাণ্ডুর নন্দন। ৭০
যে জন হইয়া দীন, শ্রদ্ধাবান্ দ্বেষহীন,
মনোযোগ সহ ইহা করেন শ্রবণ,
পাপে তিনি মুক্তি পান, পুণ্যলোকে সুখে যান
যে লোক বিহারী মাত্র পুণ্যকারিগণ। ৭১

বীরত্ব প্রকাশিত। ব্রহ্ম-সূর্য্যের কটাক্ষপাতে পুরুষকার পদ্ম আপনি ফুটিয়া উঠে। ‡ সর্ব্বধর্ম্ম—ইন্দ্রিয়ধর্ম্ম।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কহিলাম যাহা আমি, একাগ্র অন্তরে তুমি
শুনেছ ত সমুদয়, কুন্তীর কুমার ?
অজ্ঞান-আঁধার-জাত মায়া মোহ ছিল যত,
হয়েছে ত এখন তা বিনষ্ট তোমার ? ৭২ *
গিয়াছে আমার মোহ, হইয়াছি নিঃসন্দেহ,
লভিলাম স্মৃতি-জ্ঞান তোমার কৃপায়,
তোমার আদেশ মত উঠিলাম হে অচ্যুত—
এখনি করিব যাহা কহিবে আমায়। ৭৩

সঞ্জয় কহিলেন—

শরীরে লোম হর্ষণ হয় শুনি যে বচন
রাজন্ অপূর্ব্ব এই কথা নিরমল,—
বাসুদেব শ্রীকৃষ্ণের আর বীর অর্জ্জুনের
এ সংবাদ নিজে আমি শুনেছি সকল। ৭৪

---

* 'বাশিষ্ঠ' শুনিয়া ঋষিকুমার-কারুণ্য- অগ্নিবেশ্য মুনিকে বলিলেন—
"জ্ঞানামৃত পানে পিতঃ ধন্য আজ আমি,
জন্মদাতা, অমরতা—মুক্তিদাতা তুমি।
দূরে গেল আজ মোর জড় বুদ্ধি যত,
[illegible]

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্যাসের প্রসাদে মম দিব্য দৃষ্টি নিরুপম,
তাই এ পরম গুহ্য যোগ বিবরণ,
স্বয়ং যোগেশ্বর যিনি, সাক্ষাৎ কহিলা তিনি—
শ্রীকৃষ্ণের মুখে আমি করেছি শ্রবণ। ৭৫
হে রাজন্ পুনঃ পুনঃ কৃষ্ণার্জ্জুন-কথা হেন
মনে করি মুহুর্মুহুঃ হৃষ্ট হয় মন ; ৭৬
কৃষ্ণ রূপ মনোহর! মনে করি নরবর,
বিস্ময়-পুলকে পূর্ণ হতেছে জীবন। ৭৭
যেই স্থানে নরবর সেই কৃষ্ণ যোগেশ্বর,
যেই স্থানে ধনুর্দ্ধর পার্থ গুণাধার,—
রাজলক্ষ্মী অবস্থিতি, বিজয়, সম্পদ, নীতি,
সকলই সেই স্থানে—বুঝিলাম সার! ৭৮ *

ইতি মোক্ষযোগ নামক অষ্টাদশ অধ্যায়।

শ্রীমদ্ভগবদ্গীতা সম্পূর্ণা।

এতদিন জীবন্মৃত ছিলাম যে আমি,
আজি মোরে জীবন্মুক্ত করি দিলে তুমি।"
রাজলক্ষ্মী, বিজয়, সম্পাদাদি আর কেন? কারণ,
যেখানে শ্রীকৃষ্ণ সেখানে কর্ম্ম ছাড়িয়া পলায়ন করিতে হইবে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

না। কর্ম্মের "সমতা ও পূর্ণতা লাভেই জীবন্মুক্ত হয়। ইহাই শ্রীকৃষ্ণ-সন্নাস। জীবন্মুক্ত ব্যক্তিগণ সমুদয় নয়নে দর্শন করেন, হস্তেও গ্রহণ করেন, কিন্তু তত্ত্বজ্ঞানে অভ্যস্ত থাকায় নিয়তই উহার অসারত্ব অনুভব করেন। তিনি ক্ষণিক সংসার-ব্যবহারে রত থাকিয়া অন্তরে সর্ব্বত্যাগী হন। সংসারের বাহিরে গিয়া এই সমতা যোগ অভ্যাস করা যায় না। সাম্যযোগিগণ সমুদয় কর্ত্তব্যকর্ম্মের অনুষ্ঠান করেন, কিন্তু স্থূল-বুদ্ধি ব্যক্তিগণের ন্যায় তাঁহাদিগের কর্তৃত্বাভিমান থাকে না। তবে কেহ কহ নগরের জনতা ও পল্লীর কোলাহল হইতে দূরে থাকিয়া, সামান্য আহার বিহারে সন্তুষ্ট হইয়া স্ত্রী পুত্র গোধন লইয়া সাধন নিরত থাকেন। কেহ বা মহাযোগী কৈলাসপতির ন্যায় দারা-পুত্রগণকে অতুলঐশ্বর্যে প্রতিষ্ঠিত রাখিয়া, নিজে নির্জ্জনে বা প্রাকৃতিক রম্য দেশে বিচরণ করেন। আর কেহ বা মনু মান্ধাতা বলি প্রহ্লাদ ও জনক প্রভৃতির ন্যায় ত্যাগী ও অনাসক্ত হইয়া রাজবিপ্লবাদীর মধ্যে থাকিয়াই অমৃতবর্ষী সমতাপারদর্শী হইয়া থাকেন। বায়ু কেমন বৃক্ষের শিক্ষায় শাখা-পত্রকে আন্দোলিত করে, শাখা-পত্রে বদ্ধ হয় না সেইরূপ জীবন্মুক্ত শক্তিশালী ব্যক্তিগণও কর্ম্মকে যথেচ্ছা আন্দোলিত করেন, কিন্তু কর্ম্মে বদ্ধ হন না কর্ম্মত্যাগও করেন না।

ভক্তিমার্গ জ্ঞানমার্গ কি? বেদান্ত-জ্ঞান বলেন—যেমন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রজ্জু রজ্জুই থাকে, সর্পের ন্যায় ভ্রম দেখায় মাত্র, সেইরূপ ব্রহ্ম ব্রহ্মই আছেন, জগতের ন্যায় একটা ভ্রম দেখাইতেছেন মাত্র। "ইহার নাম বিবর্ত্তন বাদ। ইহার পরিবর্ত্তন নাই।

ভক্তিশাস্ত্র বলেন,—যেমন দুগ্ধ হইতে দধি হয়, দধি দুগ্ধ এক বস্তু নহে, সেইরূপ ব্রহ্ম হইতে জগৎ হয় ব্রহ্ম ও জগৎ এক বস্তু নহে। দধি হওয়ার জন্য দুগ্ধ "বিকৃত হয় কিন্তু জগৎ হওয়ার জন্য ব্রহ্ম বিকৃত হন না। যেমন চিন্তামণি হইতে লক্ষবিধ রত্ন হয় কিন্তু চিন্তামণি বিকৃত হয় না, সেইরূপ অনন্তবিশ্ব উৎপন্ন করিয়াও ব্রহ্ম ব্রহ্মই থাকেন। ইহা বিবর্ত্তন নহে, পরিবর্ত্তনও নহে। ভক্তিশাস্ত্রে ইহাকে পরিণাম বাদ বলে। ভক্তিশাস্ত্র ব্রহ্মবিষ্ণুশিবাত্মক প্রণব পর্য্যন্ত স্বীকার করেন, কিন্তু বেদান্ত বলেন "তত্ত্বমসি" সেই ব্রহ্ম তুমিই। (চৈতন্য চরিতামৃত ·ম পরিচ্ছেদ দেখ) গীতাতে এই উভয় ভাবের (দ্বৈতাদ্বৈত্যবাদের) সামঞ্জস্য আছে। সাধনে উন্নত হইলে তখন সুন্দর সামঞ্জস্য দৃষ্টি হইবে, দ্বৈতাদ্বৈতবাদ নির্ব্বিবাদ হইয়া যাইবে। বশিষ্ঠাদি অদ্বৈতবাদিগণ দ্বৈতভাবে জগতে মধু বর্ষণ করেন, আবার সম্পূর্ণ বিশ্রাম ও পুষ্টির জন্য অদ্বৈতজ্ঞানে আত্মসুখে ডুবিয়া যান। বিরোধ কোথায়? 'চিত্ত নিরোধকে' যোগ বলে, আর "বস্তুর স্বরূপ দর্শনকে" জ্ঞান বলে। যথার্থ ভক্তি যাহা, তাহা জ্ঞানের পরই হয়! এই যোগ, জ্ঞান ও ভক্তিতে দিব্য লোকের প্রকাশ হয়! জলীয় দুগ্ধ "মারিয়া লোক, যেমন নিনড় ক্ষীর প্রস্তুত করে তুমিও সেইরূপ উচ্ছলিত জলীয় চিত্তবৃত্তি "মারিয়া" নিনড়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সাম্যযোগ অভ্যাস করিবে। অর্থাৎ ঘনীভূত একাত্মতা অনুভব করিবে। সংসার আশ্রমই এইজ্ঞান ভক্তির সাম্যযোগ শিক্ষার উপযুক্ত স্থান। গীতার এই অমৃততত্ত্ব বিশেষ বুঝিয়া দেখ।—

হে বীর সাধক! নারীগণকে পরিত্যাগ করিয়া কোথায় যাইবে? ত্যাগ দূরে থাক, ঐ ত তোমার সাধনের পরীক্ষা-মন্দির। নারীই শক্তিস্বরূপিণী। তুমি নির্ব্বোধ তাই শক্তি লাভের ও শক্তি-পরীক্ষার জন্য আসিয়া কেবল, অমূল্যশক্তি হারাইতে বসিয়াছ। ব্রহ্মচর্য্য ও "প্রেমের" অর্থ বুঝিতে পার নাই:—

শরীরের সুখ 'কাম্য' 'প্রেম' চিদানন্দ,
গিলটি সোনা আর হেম, কি চিনিবে অন্ধ?
ইন্দ্রিয় সকল, সম্ভোগে কেবল, হতেছে দুর্ব্বল যবে,
ক্রমান্বয়ে ক্ষয়, বর্দ্ধিত না হয়, কাম নাম তার ভবে।
নহে সে স্বপথ, সে সব বিপথ, সংযত করিলে তায়,
সদা সাধু সঙ্গে নিত্য রস রঙ্গে, ইন্দ্রিয় তুরঙ্গ যায়।
হয় না দুর্ব্বল বর্দ্ধিত কেবল, অনন্ত সে বল তার,
পদতলে পড়ি, যায় গড়াগড়ি, মৃত্যুময় এ সংসার।
(সুধাকর কৃত শ্রীগৌরাঙ্গ গীতা—অন্তরঙ্গ খণ্ড দেখ)

এক্ষণে বুঝিয়া দেখ শেষে "রাজলক্ষ্মী, বিজয় ও সম্পদাদির" কথা কেন আসিল? জীবন্মুক্ত অবস্থা আসিলে আবার সমস্তই আসিবে। মায়াযুক্ত না হইয়া মায়ামুক্ত হইলেই তখন আমরা "সকলেই এক মহা আমির অংশ" ইহা উজ্জ্বলভাবে জানিয়া আবার সমস্তই 'আমার আমার' বলিব। সবই তাঁর—"তিনি আমাদের" এইটি বুঝিলে "সবই আমাদের হইবে। তখনই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

"আমার আমার" বলিতে নয়নে প্রেমাশ্রুধারা বহিবে ও হৃদয়ে অমৃত-উৎস উচ্ছ্বলিত হইবে। তখন আমরা সেই শ্রী-নিকেতন শ্রীশ্রীভগবানের প্রিয়তম ও নিকটতম নিজ জন হইব। সরমা ও মানসীকে সীতা কি মধুর কথা বলিতেছেন—(অশোকবন ৫৪ পৃষ্ঠা দেখ) সখি—

এক মহাচৈতন্যের রশ্মি মোরা সবে,
ফুটাতে সংসার-পদ্ম আসিয়াছি ভবে।
বাতাস নাচায়ে যায় কুসুম-কানন,
সংসার নির্লিপ্ত সুখে নাচায়ে তেমন,
গলা ধরি যাই তুলি "মম মম" রব,
"আমরা আকাশ-বাসী দেব-দেবী সব।"

এই গীতামৃত প্রবাহিনী প্রবাহিত হইয়া তোমাদের আর্য্য নারীগণের উর্ব্বরা হৃদয়ভূমি প্লাবিত করুক। এই ব্রহ্ম-জলদের অবিশ্রান্ত বৃষ্টি ধারায় স্নাত হইয়া তোমারা অমরত্ব লাভ কর এবং স্বর্ণ পঙ্কজের ন্যায় চির অম্লান শ্রী ধারণ কর। মহাতেজা মহাজনগণের মহাবাক্য শুনিয়া যে পরমানন্দ অনুভূত হয়, দেবেন্দ্র ভবনে পারিজাত পুষ্পের সৌরভেও সে আনন্দ বিতরণ করিতে পারে না, ইহা যেন তোমাদের স্মরণ থাকে।

যাঁহাতে সমুদায় যাঁহা হইতে সমুদায়, দিনি সমুদয়, তাঁহাকে হৃদয়ে ধারণ করিয়া সংসারের কীট-বুদ্দির অতীত হথয়া ব্রহ্ম-পদে অবস্থিত হও, জীবন্মুক্ত শোভায়—শোভিত হইয়া, ব্রহ্ম সংসারে বিচরণ কর, ইহাই বশিষ্ঠদেবের অভিমত ও জগদ্গুরু ভগবান শ্রীকৃষ্ণের অনুজ্ঞা। শ্রীকৃষ্ণঃশ্রীনিকেতনঃ। (সুধাকরকৃত অমৃত)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীমদ্ভগবদ্গীতা

প্রথমোঽধ্যায়ঃ।

অর্জ্জুন-বিষাদ-যোগঃ।

ধৃতরাষ্ট্র উবাচ।

ধর্ম্মক্ষেত্রে কুরুক্ষেত্রে সমবেতা যুযুৎসবঃ।
মামকাঃ পাণ্ডবাশ্চৈব কিমকুর্ব্বত-সঞ্জয় ॥ ১

সঞ্জয় উবাচ।

দৃষ্ট্বা তু পাণ্ডবানীকং ব্যূঢ়ং দুর্য্যোধন স্তদা।
আচার্য্য মুপসঙ্গম্য রাজা বচন মব্রবীৎ ॥ ২
পশ্যৈতাং পাণ্ডুপুত্রাণা মাচার্য্য মহতীং চমূম্।
ব্যূঢ়াং দ্রুপদ-পুত্রেণ তব শিষ্যেণ ধীমতা ॥ ৩
অত্র শূরা মহেষ্বাসা ভীমার্জ্জুন-সমাযুধি।
যুযুধানো বিরাটশ্চ দ্রুপদশ্চ মহারথঃ ॥ ৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ধৃষ্টকেতু শ্চেকিতানঃ কাশিরাজশ্চ বীর্য্যবান্।
পুরুজিৎ কুন্তিভোজশ্চ শৈব্যশ্চ নরপুঙ্গবঃ॥ ৫
যুধামন্যুশ্চ বিক্রান্ত উত্তমৌজাশ্চ বীর্য্যবান্।
সৌভদ্রো দ্রৌপদেয়াশ্চ সর্ব্ব এব মহারথাঃ॥ ৬
অস্মাকন্তু বিশিষ্টা যে তান্নিবোধ দ্বিজোত্তম।
নায়কা মম সৈন্যস্য সংজ্ঞার্থং তান্ ব্রবীমি তে॥ ৭
ভবান্ ভীষ্মশ্চ কর্ণশ্চ কৃপশ্চ সমিতিঞ্জয়ঃ।
অশ্বত্থামা বিকর্ণশ্চ সৌমদত্তি স্তথৈব চ॥ ৮
অন্যে চ বহবঃ শূরা মদর্থে ত্যক্ত জীবিতাঃ।
নানাশস্ত্র প্রহরণাঃ সর্ব্বে যুদ্ধ-বিশারদাঃ॥ ৯
অপর্য্যাপ্তং তদস্মাকং বলং ভীষ্মাভি রক্ষিতম্।
পর্য্যাপ্তং ত্বিদমেতেষাং বলং ভীমাভি রক্ষিতম্॥ ১০
অয়নেষু চ সর্ব্বেষু যথাভাগ মবস্থিতাঃ।
ভীষ্মমেবাভি-রক্ষন্তু ভবন্তঃ সর্ব্ব এব হি॥ ১১
তস্য সংজনয়ন্ হর্ষং কুরুবৃদ্ধঃ পিতামহঃ।
সিংহনাদং বিনদ্যোচ্চৈঃ শঙ্খং দধ্মৌ প্রতাপবান্॥ ১২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanas

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ততঃ শঙ্খাশ্চ ভের্য্যশ্চ পণবানক-গোমুখাঃ।
সহসৈবাভ্য হন্যন্ত স শব্দ স্তুমুলোঽ ভবৎ॥ ১৩
ততঃ শ্বেতৈ র্হয়ৈর্যুক্তে মহতি স্যন্দনে স্থিতৌ।
মাধবঃ পাণ্ডবশ্চৈব দিব্যৌ শঙ্খৌ প্রদধ্মতুঃ॥ ১৪
পাঞ্চজন্যং হৃষীকেশো দেবদত্তং ধনঞ্জয়ঃ।
পৌণ্ড্রং দধ্মৌ মহাশঙ্খং ভীমকর্ম্মা বৃকোদরঃ॥ ১৫
অনন্ত বিজয়ং রাজা কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।
নকুলঃ সহদেবশ্চ সুঘোষ-মণিপুষ্পকৌ॥ ১৬
কাশ্যশ্চ পরমেষ্বাসঃ শিখণ্ডী চ মহারথঃ।
ধৃষ্টদ্যুম্নো বিরাটশ্চ সাত্যকি শ্চাপরাজিতঃ॥ ১৭
দ্রুপদো দ্রৌপদেয়াশ্চ সর্ব্বশঃ পৃথিবীপতে।
সৌভদ্রশ্চ মহাবাহুঃ শঙ্খান্ দধ্মুঃ পৃথক্ পৃথক্॥ ১৮
স ঘোষো ধার্ত্তরাষ্ট্রাণাং হৃদয়ানি ব্যদারয়ৎ।
নভশ্চ পৃথিবীঞ্চৈব তুমুলোঽভ্য নুনাদয়ন্॥ ১৯
অথ ব্যবস্থিতান্ দৃষ্ট্বা ধার্ত্তরাষ্ট্রান্ কপিধ্বজঃ।
প্রবৃত্তে শস্ত্র-সম্পাতে ধনুরুদ্যম্য পাণ্ডবঃ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হৃষীকেশং তদা বাক্য   মিদমাহ মহীপতে ॥ ২০

অর্জ্জুন উবাচ।

সেনয়ো রুভয়ো র্মধ্যে   রথং স্থাপয় মেঽচ্যুত ॥ ২১
যাবদেতা ন্নিরীক্ষেঽহং   যোদ্ধু কামা নবস্থিতান্।
কৈর্ম্ময়া সহ যোদ্ধব্য   মস্মিন্ রণসমুদ্যমে ॥ ২২
যোৎস্যমানা নবেক্ষেঽহং   য এতেঽত্র সমাগতাঃ।
ধার্ত্তরাষ্ট্রস্য দুর্ব্বুদ্ধে   র্যুদ্ধে প্রিয়চিকীর্ষবঃ ॥ ২৩

সঞ্জয় উবাচ।

এবমুক্তো হৃষীকেশো   গুড়াকেশেন ভারত।
সেনয়োরুভয়োর্ম্মধ্যে   স্থাপয়িত্বা রথোত্তমম্ ॥ ২৪
ভীষ্মদ্রোণ প্রমুখতঃ   সর্ব্বেষাঞ্চ-মহীক্ষিতাম্।
উবাচ পার্থ পশ্যৈতান্   সমবেতান্ কুরূনিতি ॥ ২৫
তত্রাপশ্যৎ স্থিতান্ পার্থঃ পিতৄনথ পিতামহান্।
আচার্য্যান্মাতুলান্ ভ্রাতৄন্ পুত্রান্ পৌত্রান্ সখীংস্তথা।
শ্বশুরান্ সুহৃদশ্চৈব   সেনয়ো রুভয়োরপি ॥ ২৬
তান্ সমীক্ষ্য স কৌন্তেয়ঃ সর্ব্বান্ বন্ধূ নবস্থিতান্।
কৃপয়া পরয়াবিষ্টো   বিষীদন্নিদ মব্রবীৎ ॥ ২৭

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অর্জ্জুন উবাচ।

দৃষ্ট্বেমান্ স্বজনান্ কৃষ্ণ যুযুৎসূন্ সমবস্থিতান্।
সীদন্তি মম গাত্রাণি মুখঞ্চ পরিশুষ্যতি ॥ ২৮
বেপথুশ্চ শরীরে মে রোমহর্ষশ্চ জায়তে।
গাণ্ডীবং স্রংসতে হস্তাৎ ত্বক্ চৈব পরিদহ্যতে ॥ ২৯
ন চ শক্নোম্যবস্থাতুং ভ্রমতীব চ মে মনঃ।
নিমিত্তানি চ পশ্যামি বিপরীতানি কেশব ॥ ৩০
ন চ শ্রেয়োঽনুপশ্যামি হত্বা স্বজন মাহবে।
ন কাঙ্ক্ষে বিজয়ং কৃষ্ণ ন চ রাজ্যং সুখানি চ ॥ ৩১
কিং নো রাজ্যেন গোবিন্দ কিং ভোগৈর্জীবিতেন বা।
যেষামর্থে কাঙ্ক্ষিতং নো রাজ্যং ভোগাঃ সুখানি চ ॥ ৩২
ত ইমেঽবস্থিতা যুদ্ধে প্রাণাংস্ত্যক্ত্বা ধনানি চ।
আচার্য্যাঃ পিতরঃ পুত্রা স্তথৈব চ পিতমহাঃ ॥ ৩৩
মাতুলাঃ শ্বশুরাঃ পৌত্রাঃ শ্যালাঃ সম্বন্ধিনস্তথা।
এতান্ ন হন্তুমিচ্ছামি ঘ্নতোঽপি মধুসূদন ॥ ৩৪
অপি ত্রৈলোক্য রাজ্যস্য হেতোঃ কিংনু মহীকৃতে।
নিহত্য ধার্ত্তরাষ্ট্রান্ নঃ কা প্রীতিঃ স্যাজ্জনার্দ্দন ॥ ৩৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পাপমেবাশ্রয়েদস্মান্ হত্বৈতা নাততায়িনঃ।
তস্মান্নার্হা বয়ং হন্তুং ধার্ত্তরাষ্ট্রান্ স্ববান্ধবান্।
স্বজনং হি কথং হত্বা সুখিনঃ স্যাম মাধব॥ ৩৬

যদ্যপ্যেতে ন পশ্যন্তি লোভোপ হতচেতসঃ।
কুলক্ষয়কৃতং দোষং মিত্রদ্রোহে চ পাতকম্॥ ৩৭

কথং ন জ্ঞেয়ম স্মাভিঃ পাপাদস্মা ন্নিবর্ত্তিতুম্।
কুলক্ষয় কৃতং দোষং প্রপশ্যদ্ভি র্জনার্দ্দন॥ ৩৮

কুলক্ষয়ে প্রণশ্যন্তি কুলধর্ম্মাঃ সনাতনাঃ।
ধর্ম্মে নষ্টে কুলং কৃৎস্ন মধর্ম্মোঽভি ভবত্যুত॥ ৩৯

অধর্ম্মাভি ভবাৎ কৃষ্ণ প্রদুষ্যন্তি কুলস্ত্রিয়ঃ।
স্ত্রীষু দুষ্টাসু বার্ষ্ণেয় জায়তে বর্ণসঙ্করঃ॥ ৪০

সঙ্করো নরকায়ৈব কুলঘ্নানাং কুলস্য চ।
পতন্তি পিতরো হ্যেষাং লুপ্ত-পিণ্ডোদক-ক্রিয়াঃ॥ ৪১

দোষৈরেতৈঃ কুলঘ্নানাং বর্ণসঙ্কর-কারকৈঃ।
উৎসাদ্যন্তে জাতিধর্ম্মাঃ কুলধর্ম্মাশ্চ শাশ্বতাঃ॥ ৪২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanas

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উৎসন্ন-কুলধর্ম্মাণাং মনুষ্যাণাং জনার্দ্দন।
নরকে নিয়তং বাসো ভবতী ত্যনুশুশ্রুম ॥ ৪৩

অহোবত মহৎ পাপং কর্ত্তুং ব্যবসিতা বয়ম্।
যদ্রাজ্য-সুখলোভেন হন্তুং স্বজন মুদ্যতাঃ ॥ ৪৪

যদি মাম প্রতীকার মশস্ত্রং শস্ত্রপাণয়ঃ।
ধার্ত্তরাষ্ট্রা রণে হন্যু স্তন্মে ক্ষেমতরং ভবেৎ ॥ ৪৫

সঞ্জয় উবাচ।

এবমুক্ত্বার্জ্জুনঃ সংখ্যে রথোপস্থ উপাবিশৎ।
বিস্মৃজ্য সশরং চাপং শোক সংবিগ্নমানসঃ ॥ ৪৬

দ্বিতীয়োঽধ্যায়ঃ

সাংখ্যযোগঃ।

সঞ্জয় উবাচ।

তং তথা কৃপয়াবিষ্ট মশ্রুপূর্ণা কুলেক্ষণম্।
ম্রিষীদন্ত ম্রিদং বাক্য মুবাচ মধুসূদনঃ ॥ ১

C0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীভগবানুবাচ।

কুতস্ত্বা কশ্মলমিদং বিষমে সমুপস্থিতম্।
অনার্য্য-জুষ্টমস্বর্গ্য মকীর্ত্তিকর মর্জ্জুন ॥ ২

ক্লৈব্যং মাস্ম গমঃ পার্থ নৈতৎ ত্বয্যুপপদ্যতে।
ক্ষুদ্রং হৃদয়-দৌর্ব্বল্যং ত্যক্ত্বোত্তিষ্ঠ পরন্তপ ॥ ৩

অর্জ্জুন উবাচ।

কথং ভীষ্মমহং সংখ্যে দ্রোণঞ্চ মধুসূদন।
ইষুভিঃ প্রতিযোৎস্যামি পূজার্হৌ বরিসূদন ॥ ৪

গুরূনহত্বা হি মহানুভাবান্
শ্রেয়ো ভোক্তুং ভৈক্ষ্যমপীহ লোকে।
হত্বার্থ কামাংস্তু গুরূনিহৈব
ভুঞ্জীয় ভোগান্ রুধির-প্রদিগ্ধান্ ॥ ৫

ন চৈতদ্বিদ্মঃ কতরন্নো গরীয়ো
যদ্বা জয়েম যদি বা নো জয়েয়ুঃ।
যানেব হত্বা ন জিজীবিষাম-
স্তেঽবস্থিতাঃ প্রমুখে ধার্ত্তরাষ্ট্রাঃ ॥ ৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanas

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কার্পণ্য-দোষোপহত-স্বভাবঃ
পৃচ্ছামি ত্বাং ধর্ম্ম-সংমূঢ়চেতাঃ।
যচ্ছ্রেয়ঃ স্যান্নিশ্চিতং ব্রূহি তন্মে
শিষ্যস্তেঽহং শাধি মাং ত্বাং প্রপন্নম্ ॥ ৭

ন হি প্রপশ্যামি মমাপনুদ্যাৎ
যচ্ছোক মুচ্ছোষণ মিন্দ্রিয়াণাম্।
অবাপ্য ভূমা বসপত্নমৃদ্ধং
রাজ্যং সুরাণামপি চাধিপত্যম্ ॥ ৮

সঞ্জয় উবাচ।

এবমুক্ত্বা হৃষীকেশং গুড়াকেশঃ পরন্তপঃ।
ন যোৎস্য ইতি গোবিন্দ মুক্ত্বা তুষ্ণীং বভূব হ ॥ ৯

তমুবাচ হৃষীকেশঃ প্রহসন্নিব ভারত।
সেনয়ো রুভয়োর্মধ্যে বিষীদন্তমিদং বচঃ ॥ ১০

শ্রীভগবানুবাচ।

অশোচ্যা নন্বশোচস্ত্বং প্রজ্ঞাবাদাংশ্চ ভাষসে।
গতাসূন গতাসূংশ্চ নানুশোচন্তি পণ্ডিতাঃ ॥ ১১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ন ত্বেবাহং জাতু নাসং ন ত্বং নেমে জনাধিপাঃ ।
ন চৈব ন ভবিষ্যামঃ সর্ব্বে বয়মতঃ পরম্ ॥ ১২

দেহিনোঽস্মিন্ যথা দেহে কৌমারং যৌবনং জরা ।
তথা দেহান্তর প্রাপ্তি র্ধীরস্তত্র ন মুহ্যতি ॥ ১৩

মাত্রাস্পর্শাস্তু কৌন্তেয় শীতোষ্ণ সুখদুঃখদাঃ ।
আগমা পায়িনোঽনিত্যা স্তাংস্তিতিক্ষস্ব ভারত ॥ ১৪

যং হি ন ব্যথয়ন্ত্যেতে পুরুষং পুরুষর্ষভ ।
সমদুঃখসুখং ধীরং সোঽমৃতত্বায় কল্পতে ॥ ১৫

নাসতো বিদ্যতে ভাবো নাভাবো বিদ্যতে সতঃ ।
উভয়োরপি দৃষ্টোঽন্ত স্ত্বনয়ো স্তত্ত্বদর্শিভিঃ ॥ ১৬

অবিনাশি তু তদ্বিদ্ধি যেন সর্ব্বমিদং ততম্ ।
বিনাশ মব্যয়স্যাস্য নকশ্চিৎ কর্ত্তু মর্হতি ॥ ১৭

অন্তবন্ত ইমে দেহা নিত্যস্যোক্তাঃ শরীরিণঃ ।
অনাশিনোঽ প্রমেয়স্য তস্মাদ্ যুধ্যস্ব ভারত ॥ ১৮

য এনং বেত্তি হন্তারং যশ্চৈনং মন্যতে হতম্ ।
উভৌ তৌ ন বিজানীতো নায়ং হন্তি ন হন্যতে ॥ ১৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanas

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ন জায়তে ম্রিয়তে বা কদাচি-
ন্নায়ং ভূত্বা ভবিতা বা ন ভূয়ঃ।
অজো নিত্যঃ শাশ্বতোঽয়ং পুরাণো
ন হন্যতে হন্যমানে শরীরে ॥ ২০

বেদা বিনাশিনং নিত্যং য এন মজমব্যয়ম্।
কথং স পুরুষঃ পার্থ কং ঘাতয়তি হন্তি কম্ ॥ ২১
বাসাংসি জীর্ণানি যথা বিহায়
নবানি গৃহ্লাতি নরোঽপরাণি।
তথা শরীরাণি বিহায় জীর্ণা-
ন্যন্যানি সংযাতি নবানি দেহী ॥ ২২

নৈনং ছিন্দন্তি শস্ত্রাণি নৈনং দহতি পাবকঃ।
ন চৈনং ক্লেদয়ন্ত্যাপো ন শোষয়তি মারুতঃ ॥ ২৩
অচ্ছেদ্যোঽয় মদাহ্যোঽয় মক্লেদ্যো ঽশোষ্য এবচ।
নিত্যঃ সর্ব্বগতঃ স্থাণু রচলোঽয়ং সনাতনঃ ॥ ২৪
অব্যক্তোঽয় মচিন্ত্যোঽয় মবিকার্য্যোঽয় মুচ্যতে।
তস্মাদেবং বিদিত্বৈনং নানু শোচিতুমর্হসি ॥ ২৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ন ত্বেবাহং জাতু নাসং ন ত্বং নেমে জনাধিপাঃ।
ন চৈব ন ভবিষ্যামঃ সর্ব্বে বয়মতঃ পরম্ ॥ ১২
দেহিনোঽস্মিন্ যথা দেহে কৌমারং যৌবনং জরা।
তথা দেহান্তর প্রাপ্তি র্ধীরস্তত্র ন মুহ্যতি ॥ ১৩
মাত্রাস্পর্শাস্তু কৌন্তেয় শীতোষ্ণ সুখদুঃখদাঃ।
আগমা পায়িনোঽনিত্যা স্তাংস্তিতিক্ষস্ব ভারত ॥ ১৪
যং হি ন ব্যথয়ন্ত্যেতে পুরুষং পুরুষর্ষভ।
সমদুঃখসুখং ধীরং সোঽমৃতত্বায় কল্পতে ॥ ১৫
নাসতো বিদ্যতে ভাবো নাভাবো বিদ্যতে সতঃ।
উভয়োরপি দৃষ্টোঽন্ত স্বনয়ো স্তত্ত্বদর্শিভিঃ ॥ ১৬
অবিনাশি তু তদ্বিদ্ধি যেন সর্ব্বমিদং ততম্।
বিনাশ মব্যয়স্যাস্য নকশ্চিৎ কর্ত্তু মর্হতি ॥ ১৭
অন্তবন্ত ইমে দেহা নিত্যস্যোক্তাঃ শরীরিণঃ।
অনাশিনোঽ প্রমেয়স্য তস্মাদ্ যুধ্যস্ব ভারত ॥ ১৮
য এনং বেত্তি হন্তারং যশ্চৈনং মন্যতে হতম্।
উভৌ তৌ ন বিজানীতো নায়ং হন্তি ন হন্যতে ॥ ১৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ন জায়তে ম্রিয়তে বা কদাচি-
ন্নায়ং ভূত্বা ভবিতা বা ন ভূয়ঃ।
অজো নিত্যঃ শাশ্বতোঽয়ং পুরাণো
ন হন্যতে হন্যমানে শরীরে ॥ ২০

বেদা বিনাশিনং নিত্যং য এন মজমব্যয়ম্।
কথং স পুরুষঃ পার্থ কং ঘাতয়তি হন্তি কম্ ॥ ২১
বাসাংসি জীর্ণানি যথা বিহায়
নবানি গৃহ্লাতি নরোঽপরাণি।
তথা শরীরাণি বিহায় জীর্ণা-
ন্যন্যানি সংযাতি নবানি দেহী ॥ ২২

নৈনং ছিন্দন্তি শস্ত্রাণি নৈনং দহতি পাবকঃ।
ন চৈনং ক্লেদয়ন্ত্যাপো ন শোষয়তি মারুতঃ ॥ ২৩
অচ্ছেদ্যোঽয় মদাহ্যোঽয় মক্লেদ্যো ঽশোষ্য এবচ।
নিত্যঃ সর্ব্বগতঃ স্থাণু রচলোঽয়ং সনাতনঃ ॥ ২৪
অব্যক্তোঽয় মচিন্ত্যোঽয় মবিকার্য্যোঽয় মুচ্যতে।
তস্মাদেবং বিদিত্বৈনং নানু শোচিতুমর্হসি ॥ ২৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অথচৈনং নিত্যজাতং নিত্যং বা মন্যসে মৃতম্।
তথাপি ত্বং মহাবাহো নৈনং শোচিতুমর্হসি ॥ ২৬
জাতস্য হি ধ্রুবো মৃত্যু র্ধ্রুবং জন্ম মৃতস্য চ।
তস্মাদপরি হার্য্যেঽর্থে ন ত্বং শোচিতুমর্হসি ॥ ২৭
অব্যক্তাদীনি ভূতানি ব্যক্তমধ্যানি ভারত।
অব্যক্ত নিধনান্যেব তত্র কা পরিদেবনা ॥ ২৮
আশ্চর্য্যবৎ পশ্যতি কশ্চিদেন-
মাশ্চর্য্যবদ্ বদতি তথৈব চান্যঃ।
আশ্চর্য্য বচ্চৈনমন্যঃ শৃণোতি
শ্রুত্বাপ্যেনং বেদ ন চৈব কশ্চিৎ ॥ ২৯
দেহী নিত্য মবধ্যোঽয়ং দেহে সর্ব্বস্য ভারত।
তস্মাৎ সর্ব্বাণি ভূতানি ন ত্বং শোচিতু মর্হসি ॥৩০
স্বধর্ম্মমপি চাবেক্ষ্য ন বিকম্পিতুমর্হসি।
ধর্ম্ম্যাদ্ধি যুদ্ধাচ্ছ্রেয়োঽন্যৎ ক্ষত্রিয়স্য ন বিদ্যতে ॥ ৩১
যদৃচ্ছয়া চোপপন্নং স্বর্গদ্বার মপাবৃতম্।
সুখিনঃ ক্ষত্রিয়াঃ পার্থ লভন্তে যুদ্ধমীদৃশম্ ॥ ৩২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অথচেৎ ত্বমিমং ধর্ম্ম্যং সংগ্রামং ন করিষ্যসি।
ততঃ স্বধর্ম্মং কীর্ত্তিঞ্চ হিত্বা পাপ মবাপ্স্যসি॥ ৩৩
অকীর্ত্তিঞ্চাপি ভূতানি কথয়িষ্যন্তি তেঽব্যয়াম্।
সম্ভাবিতস্য চাকীর্ত্তি র্ম্মরণা দতিরিচ্যতে॥ ৩৪
ভয়াদ্রণা দুপরতং মংস্যন্তে ত্বাং মহারথাঃ।
যেষাঞ্চ ত্বং বহুমতো ভূত্বা যাস্যসি লাঘবম্॥ ৩৫
অবাচ্যবাদাংশ্চ বহূন্ বদিষ্যন্তি তবাহিতাঃ।
নিন্দন্তস্তব সামর্থ্যং ততো দুঃখতরং নু কিম্॥ ৩৬
হতো বা প্রাপ্স্যসি স্বর্গং জিত্বা বা ভোক্ষসে মহীম্।
তস্মাদুত্তিষ্ঠ কৌন্তেয় যুদ্ধায় কৃতনিশ্চয়ঃ॥ ৩৭
সুখদুঃখে সমে কৃত্বা লাভালাভৌ জয়াজয়ৌ।
ততো যুদ্ধায় যুজ্যস্ব নৈবং পাপমবাপ্স্যসি॥
এষা তেঽভিহিতা সাংখ্যে বুদ্ধির্যোগে ত্বিমাং শৃণু।
বুদ্ধ্যা যুক্তো যয়া পার্থ কর্ম্মবন্ধং প্রহাস্যসি॥ ৩৯
নেহাভি ক্রমনাশোঽস্তি প্রত্যবায়ো ন বিদ্যতে।
স্বল্পমপ্যস্য ধর্ম্মস্য ত্রায়তে মহতো ভয়াৎ॥ ৪০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্যবসায়াত্মিকা বুদ্ধি রেকেহ কুরুনন্দন।
বহুশাখা হ্যনন্তাশ্চ বুদ্ধয়োঽ ব্যবসায়িনাম্॥ ৪১
যামিমাং পুষ্পিতাং বাচং প্রবদন্ত্য বিপশ্চিতঃ।
বেদ-বাদরতাঃ পার্থ নান্যদস্তীতি বাদিনঃ॥ ৪২
কামাত্মানঃ স্বর্গপরা জন্মকর্ম্ম-ফলপ্রদাম্।
